# জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper :www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in

## ভর্ৎসিত ইডি

তামিলনাড়ুর একটি সরকারি সংস্থার বিরুদ্ধে ইডি স্বতঃপ্রণোদিত হয়ে অভিযানে ক্ষিপ্ত সুপ্রিম কোর্ট। বিচারপতির স্পষ্ট কথা, এক্তিয়ারের বাইরে গিয়ে কাজ করছে ইডি। অবিলম্বে মামলা প্রত্যাহারের নির্দেশ



## নিম্নচাপের বৃষ্টি



আরব সাগরে ক্রমশ ঘনীভূত হচ্ছে নিম্নচাপ। ফলে আগামী বুধবার থেকে বৃষ্টির সম্ভাবনা দক্ষিণে। নিম্নচাপের প্রভাবে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের ভারী বৃষ্টির আশঙ্কা

## উত্তরবঙ্গ থেকে দিঘা ভলভো বাসের টিকিটে ২৫% ছাড়



## কর নিয়ে পঞ্চায়েত-পুরসভাকে বিশেষ সতর্কতা মুখ্যসচিবের



বর্ষ - ২০, সংখ্যা ৩৬৪ ● ২৩ মে, ২০২৫ ● ৮ জ্যৈষ্ঠ ১৪৩২ ● শুক্রবার ● দাম - ৪ টাকা ● ১৬ পাতা ● Vol. 20, Issue - 364 ● JAGO BANGLA ● FRIDAY ● 23 MAY, 2025 ● 16 Pages ● Rs-4 ● RNI NO. WBBEN/2004/14087 ● KOLKATA



পাকিস্তানের সন্ত্রাসবাদ নিয়ে জাপানে আলোচনা। রয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়-সহ প্রতিনিধিদল।

### জাপানের বিদেশমন্ত্রীর সঙ্গে সাংসদ প্রতিনিধি দলের বৈঠকে কড়া বার্তা দিলেন অভিষেকও

# সন্ত্রাসবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি

**প্রতিবেদন :** সন্ত্রাসবাদী কার্যকলাপ ধ্বংস করার জন্য দৃঢ়সংকল্প ভারত। প্রতিনিয়ত প্রতিবেশী দেশ পাকিস্তান সীমান্তে যেভাবে সন্ত্রাস কায়েম করছে, তার বিরুদ্ধে এবার বিশ্বব্যাপী প্রচার শুরু করল ভারতের প্রতিনিধিদল। জাপান থেকে শুরু হল ভারতের সন্ত্রাসবাদ-বিরোধী যাত্রা। বৃহস্পতিবার সন্ত্রাসের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়ে জাপানের বিদেশমন্ত্রী ও জাতীয় নিরাপত্তা বিষয়ক হাউস অব রিপ্রেজেন্টেটিভস কমিটির চেয়ারম্যানের সঙ্গে বৈঠক করলেন ভারতীয় প্রতিনিধিরা। সেই বৈঠকে পাক-সন্ত্রাসের বিরুদ্ধে সরব হলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সন্ত্রাসবাদের বিরুদ্ধে এই লড়াইয়ে ভারতের সঙ্গে থাকার কথা জানায় জাপানও।

পহেলগাঁওয়ে জঙ্গি হামলার ঘটনার পর অপারেশন সিঁদুরে জবাব দিয়েছে ভারত। এবার বিশ্বমঞ্চে পাকিস্তানের মুখোশ খুলে দিতে ৩২ দেশে যাত্রা শুরু করল ভারত। জাপান দিয়ে শুরু ভারতীয় প্রতিনিধিদলের সন্ত্রাসবাদ-বিরোধী বিদেশ সফর। এরপর ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, কোরিয়া ও সিঙ্গাপুর সফর করবেন প্রতিনিধিরা। এদিন জাপানের রাজধানী টোকিওতে মহাত্মা গান্ধীর মূর্তিতে শ্রদ্ধা জানিয়ে একের পর এক বৈঠক করে ভারতীয় সাংসদদের প্রতিনিধিদল। জাপানের জাতীয় নিরাপত্তা বিষয়ক প্রতিনিধি পরিষদের চেয়ারম্যান তাকাশি এন্ডো সন্ত্রাসবাদে ভারতের পাশে থাকার কথা জানান।



টোকিওতে মহাত্মা গান্ধীকে শ্রদ্ধা।

এরপর ভারতের সর্বদলীয় প্রতিনিধিদলের সদস্য হিসেবে অভিষেক বন্দ্যোপাধ্যায় জাপানের পররাষ্ট্রমন্ত্রী মাননীয় তাকেশি ইওয়ায়ার সঙ্গে টোকিওতে সাক্ষাৎ করেন। এই বৈঠকে ভারত ও জাপানের সম্পর্ক আরও দৃঢ় করে তোলার কথা হয়। বৃহস্পতিবার সংসদীয় প্রতিনিধিরা বৈঠক করেন ভারতের রাষ্ট্রদূত সিবি জর্জের সঙ্গেও।

ভারতীয় প্রতিনিধিদলে অভিষেক ছাড়াও রয়েছেন সাংসদ সলমন খুরশিদ, ব্রিজলাল, অপরাজিতা সারেঙ্গি, প্রধান বরুয়া, হেমাঙ্গ যোশী, সঞ্জয়কুমার ঝা, জন ব্রিটাস। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের (এরপর ৩ পাতায়)

### নিরীহরাই পাক-সন্ত্রাসের বলি

# পুঞ্চ সীমান্তে পাঁচ তৃণমূল প্রতিনিধি আপ্লুত বাসিন্দারা

**প্রতিবেদন :** পাকসেনার গোলাগুলিতে জম্মু-কাশ্মীরের ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াল তৃণমূল। বৃহস্পতিবার সীমান্তের পুঞ্চে পৌঁছে তৃণমূলের পাঁচ সদস্যের প্রতিনিধিদল কথা বললেন বিপন্ন মানুষজনের সঙ্গে। সান্ত্বনা দিলেন স্বজনহারাদের। তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েনের কথায়, পুঞ্চের হৃদয় স্পর্শ করল তৃণমূল। শোকার্ত পরিবারগুলির সদস্যরা এদিন বারবার ধন্যবাদ জানান বাংলার মুখ্যমন্ত্রী তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়কে। শোক-দুঃখ-অসহায়তার কথা তাঁরা খোলাখুলি জানান তৃণমূল প্রতিনিধিদের।

পাকিস্তান সীমান্ত থেকে ৪ কিমি দূরে পুঞ্চের বিভিন্ন এলাকায় বৃহস্পতিবার পৌঁছে যান প্রতিনিধিদলের পাঁচ সদস্য রাজ্যসভার তৃণমূল দলনেতা ডেরেক ও'ব্রায়েন, তিন সাংসদ সাগরিকা ঘোষ, নাদিমুল হক, মমতাবালা ঠাকুর এবং রাজ্যের মন্ত্রী মানস ভুঁইয়া। শ্রীনগর থেকে প্রায় সাড়ে ৪ ঘণ্টার পথ পেরিয়ে পুঞ্চে দুর্গতদের সঙ্গে কথা বলে এদিন সন্ধ্যাতেই তাঁরা রওনা হয়ে যান রাজৌরি। সেখানেই রাত কাটিয়ে শুক্রবার প্রতিনিধিরা দেখা করবেন রাজৌরির দুর্গত মানুষজনের সঙ্গে। পুঞ্চ ও রাজৌরির সাম্প্রতিক পরিস্থিতি খতিয়ে দেখে আগামী সপ্তাহের মধ্যেই তাঁরা ছবি-সহ পূর্ণাঙ্গ রিপোর্ট পেশ করবেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে। রিপোর্টে স্থানীয় (এরপর ১২ পাতায়)



পাকিস্তানের সন্ত্রাসের বলি ভারতীয়। পুঞ্চে তেমনই এক হতভাগ্য পরিবারের কথা শুনছে প্রতিনিধি দল।

## দিনের কবিতা

'জাগোবাংলা'য় শুরু হয়েছে নতুন সিরিজ— 'দিনের কবিতা'। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিতান থেকে একেকদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তা-ই আমাদের দিনের কবিতা।



### গর্জন

সমুদ্রের গর্জনের তর্জনে
তটিনী-তটে সঙ্গীতের লহরী
জল-জোছনার জলসমুদ্রে
ঢেউ সমুদ্রে তমসাচ্ছন্ন সুন্দরী।
জল গর্জনের স্রোতের ধাক্কায়
স্রোতস্বিনী জলধারা উন্মুক্ত
আর স্রোতের তটিনী-তর্জনে
সমুদ্রমাতা আশীর্বাদে সিক্ত
তারই মধ্যে একফালা
নিস্তব্ধ চাঁদমামা
উঁকি ঝুঁকি মেরে ঢেউয়ের কাছে,
ঢেউ করছে ওঠানামা।
মাথা নত করে জবুথবু
কাল কি আর উঠবে?
চাঁদও থাকবে আর
সমুদ্রের গর্জনও থাকবে।
থাকবে না দেখার সময় আমাদের।
এটাই জীবন-জীবন অন্যত্র যাবে।

## হাতি-হানায় মৃত্যু

**প্রতিবেদন :** হাতি তাড়িয়ে ফেরার পথেই পাল্টা আক্রমণে মৃত্যু দুই যুবকের। বৃহস্পতিবার ভোরে ঘটনাটি ঘটে জলপাইগুড়ির তিস্তার দুধিয়ার চরে। মৃতদের পরিবারকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ ও চাকরির আশ্বাস বন দফতরের। (বিস্তারিত ভিতরে)

## রাজনৈতিক চক্রান্তেই আইপিএল ম্যাচ সরেছে, তোপ অরূপের



**প্রতিবেদন :** আবহাওয়াকে ঢাল করে কলকাতা থেকে আইপিএল ফাইনাল ও কোয়ালিফায়ার সরিয়ে নেওয়ার যে সিদ্ধান্ত বিসিসিআই নিয়েছে, তার মধ্যে চক্রান্ত দেখছেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। তাঁর প্রশ্ন, বিসিসিআই কবে আবহাওয়াবিদ হল? রাজ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নকে আটকানোর লক্ষ্যে সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে বাংলার ক্রীড়াপ্রেমী মানুষদের বঞ্চিত করা হল। রাজ্যের বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে লিখেছেন, ইডেনের ম্যাচ সরানো হয়েছে আইনশৃঙ্খলার কারণে। (এরপর ১০ পাতায়)

## বিধায়কের কীর্তি

**প্রতিবেদন :** দলেরই মহিলা কর্মীকে গণধর্ষণ ও মুখে প্রস্রাব করার মতো ন্যক্কারজনক ঘটনা। অভিযুক্ত বিজেপি বিধায়ক মুনিরত্ন। বিষাক্ত ইঞ্জেকশন দেওয়ারও অভিযোগ তার বিরুদ্ধে। এইসব নরকের কীটেরা বিজেপিতেই আশ্রয় পায়। কর্নাটকের ধর্ষণে গর্জে উঠল তৃণমূল। (বিস্তারিত ভিতরে)

২
২৩ মে ২০২৫
শুক্রবার


# নানারকম

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

23 May, 2025 • Friday • Page 2 || Website - www.jagobangla.in

## তারিখ অভিধান

**১৯৫১**
**তিব্বতের দখল নিল চিন।** শুরু হল দলাই লামার নেতৃত্বে তিব্বতের স্বাধীনতা সংগ্রাম। ১৯৮৯-এ নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন দলাই লামা। স্বাধীন তিব্বতের দাবিতে লড়াই অব্যাহত।




**১৯৭১**
**গঙ্গাপদ বসু** (১৯১০-১৯৭১) এদিন শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সিনেমা ও থিয়েটারের অভিনেতা। তিনি গণনাট্য সংঘ ও বহুরূপী থিয়েটার গ্রুপের সঙ্গে জড়িত ছিলেন। 'তথাপি', 'ছিন্নমূল', 'নাগরিক', 'আজ সন্ধ্যায়', 'নব বিধান', 'দেবত্র', 'নিষিদ্ধ ফল', 'অযান্ত্রিক', 'জলসাঘর', 'পরশ পাথর', 'বীরেশ্বর বিবেকানন্দ', 'আশিতে আসিও না' 'নিশিপদ্ম', 'বিবাহবিভ্রাট' ইত্যাদি বহু ছবিতে অভিনয় করেছিলেন।





**২০০০**
**বিশ্ব কচ্ছপ দিবস পালন শুরু হল** মার্কিন কচ্ছপ উদ্ধার সোসাইটির হাত ধরে। মূলত কচ্ছপকে বাঁচাতে এবং কচ্ছপ সম্পর্কে মানুষকে অবগত করতেই বিশেষভাবে এই দিনটি পালিত হয়। পরিবেশবিদরা বলেন, ভারত থেকে যে হারে কচ্ছপ বিদেশে পাচার হয়ে যাচ্ছে তাতে বিপজ্জনকভাবে কমছে কচ্ছপের সংখ্যা। এই হার বজায় থাকলে অচিরেই দেশের মাটিতে অবলুপ্ত হয়ে যাবে কচ্ছপ। কচ্ছপের মাংসের ঔষধি গুণ রয়েছে এই বিশ্বাস থেকেই মূলত বিদেশে পাচার হয়ে থাকে কচ্ছপ।

**২০১৫**
**জন নাস** প্রয়াত হলেন এদিন। মার্কিন গণিত বিশেষজ্ঞ। গেম থিওরির প্রবক্তা। ১৯৯৪-তে অর্থনীতিতে নোবেল জয়ী। প্যারানয়েড স্কিজোফ্রেনিয়া রোগে আক্রান্ত হয়ে ৮৬ বছর বয়সে মৃত্যু হয় তাঁর।



**১৪৩০**
**জোয়ান অফ আর্ক**
এদিন ফ্রান্সে বর্গেন্ডিয়ানদের হাতে ধরা পড়লেন। জোয়ান অফ আর্ক পরাধীন ফ্রান্সের মুক্তিদাত্রী বীরকন্যা এবং রূপকথাতুল্য এক নেত্রী। ইংরেজদের সঙ্গে শতবর্ষ ব্যাপী যুদ্ধের (১৩৩৭-১৪৫৩) সময় তিনি ফ্রান্সের সৈন্যবাহিনীকে নেতৃত্ব দেন।



**১৮১৮**
**সমাচার দর্পণ প্রকাশিত হল এদিন।** সম্পাদক জন ক্লার্ক মার্শম্যান। প্রথমে সাপ্তাহিক হিসেবে প্রকাশিত হলেও পরে এটি সপ্তাহে দুবার করে প্রকাশিত হত। শ্রীরামপুর মিশনের প্রেস থেকে প্রকাশিত হলেও এই পত্রিকার রমরমার পেছনে ছিল জয়গোপাল তর্কালঙ্কারের ভূমিকা।




**১৯৮৪**
**বাচেন্দ্রী পাল** এদিন এভারেস্ট জয় করলেন। তিনিই প্রথম ভারতীয় মহিলা যিনি এভারেস্টের চূড়ায় পৌঁছান। ২০১৯-এ এজন্য তিনি পদ্মভূষণে সম্মানিত হন। কাকতালীয় ভাবে এভারেস্ট জয়ের পরের দিনটাই বাচেন্দ্রী পালের জন্মদিন ছিল। ১৯৫৪-র ২৪ মে তিনি জন্ম নেন।

## পার্টির কর্মসূচি



আরামবাগ লোকসভা কেন্দ্রের খানাকুলে রাজা রামমোহন রায়ের জন্মভিটেতে মাল্যদান করলেন সাংসদ মিতালী বাগ ও জেলা পরিষদের কর্মাধ্যক্ষ সুবীর মুখোপাধ্যায়।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

## শব্দবাংলা-১৩৯১

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ■ | ■ | ■ | ১ | | ২ | | ৩ |
| ■ | ৪ | | | ■ | | ■ | |
| ■ | ■ | ■ | | ■ | | ■ | |
| ৫ | | | | ■ | ■ | ■ | |
| | ■ | ■ | ■ | ৬ | | | |
| | ■ | ৭ | ■ | | ■ | ■ | ■ |
| | ■ | | ■ | ৮ | | | ■ |
| ৯ | | | | | ■ | ■ | ■ |

**পাশাপাশি :** ১. শতাধিক পণ্যের ব্যবসায়ী ৪. অবিচ্ছিন্ন ৫. প্রণয়, ভালবাসা ৬. হৃষ্টপুষ্ট ৮. বাংলাদেশের এক নদী ৯. রাশিচক্র।

**উপর-নিচ :** ১. ইতর মুনির পুত্র ২. পাখি ৩. প্রাণীদেহের রক্তে শিরায় বা বিভিন্ন তন্তুতে বিরাজমান চর্বিজাতীয় পদার্থ ৫. বন্দরের তত্ত্বাবধায়ক ৬. হাঙ্গামা ৭. চামচিকেও পাখি, ডেপুটিও—।

■ শুভজ্যোতি রায়

**সমাধান ১৩৯০ : পাশাপাশি :** ২. অচল ৪. আদেশ ৬. থানা ৭. বজ্রকঠিন ৮. জহর ১০. গমন ১২. ঠাকুরঘর ১৩. কলা ১৪. মউল ১৬. রন্ধন। **উপর-নিচ :** ১. খিদে ২. অলকদাম ৩. লঙ্ঘন ৪. আনাজ ৫. শবর ৯. হক্কেরধন ১০. গরম ১১. নকুল ১২. ঠাকুর ১৫. উস্মা।

## ২২ মে কলকাতায় সোনা-রুপোর বাজারদর

| | |
|---|---|
| পাকা সোনা (২৪ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৫৭৫০ |
| গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৬২৫০ |
| হলমার্ক গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম), | ৯১৫০০ |
| রুপোর বাট (প্রতি কেজি), | ৯৮৯৫০ |
| খুচরো রুপো (প্রতি কেজি), | ৯৭০৫০ |

সূত্র : ওয়েস্ট বেঙ্গল বুলিয়ন মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন। দর টাকায় (জিএসটি),

## মুদ্রার দর (টাকায়)

| মুদ্রা | ক্রয় | বিক্রয় |
|---|---|---|
| ডলার | ৮৬.৮৫ | ৮৫.৫৮ |
| ইউরো | ৯৮.৬৩ | ৯৬.৮৬ |
| পাউন্ড | ১১৬.৯৩ | ১১৪.৮৬ |

## নজরকাড়া ইনস্টা



■ কোয়েল




■ নুসরত

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়
● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY
Owned by ALL INDIA TRINAMOOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd., 20 Prafulla Sarkar Street, Kolkata 700 072
Regd. No. WBBEN/2004/14087
● Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



আমার শহর
23 May, 2025 • Friday • Page 3 || Website - www.jagobangla.in



# জাপানে ভারতীয় প্রতিনিধিদলের সঙ্গে অভিষেক বন্দ্যোপাধ্যায়




















## সন্ত্রাসবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি

(প্রথম পাতার পর)
আপসহীন অবস্থান তুলে ধরার জন্য জাপানের বিশিষ্টদের সঙ্গে দেখা করেন অভিষেকরা। সেখানে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের দৃঢ় অঙ্গীকারের উপর জোর দেওয়া হয়। যে কোনও ধরনের সন্ত্রাসের বিরুদ্ধে ভারতের লড়াইকে সমর্থন জানায় জাপান। বিশ্বমঞ্চে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের এই ঐক্যবদ্ধ প্রয়াস আন্তর্জাতিক সহযোগিতার এক নতুন দৃষ্টান্ত স্থাপন করল।

# সম্পাদকীয়



জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## অতিসক্রিয়তা

কেন্দ্রীয় এজেন্সিগুলি যে ক্ষমতার অপপ্রয়োগ করে চলেছে, তা বহু আগে থেকেই বলে আসছিল তৃণমূল কংগ্রেস। কেন্দ্রে ক্ষমতায় থাকার কারণে এই এজেন্সিগুলিকে কার্যত নিজেদের রাজনৈতিক স্বার্থে ব্যবহার করেছে বিজেপি। বহুবার আদালতে এনিয়ে চর্চা হয়েছে। বিচারপতিরা সমঝে দেওয়ার চেষ্টা করেছেন। কিন্তু সিবিআই-ইডি-ইনকাম ট্যাক্স-এনআইএ নিয়ে বিরোধী দলের অভিযোগ ক্রমান্বয়ে বেড়েছে। এরই মাঝে সুপ্রিম কোর্টে এনফোর্সমেন্ট ডাইরেক্টরেটকে কার্যত কানমলে দিল একটি মামলায়। ঘটনাটি কী? মাদ্রাজ হাইকোর্টের নির্দেশে তামিলনাড়ুর স্টেট মার্কেটিং কর্পোরেশনের বিরুদ্ধে হাজার কোটি টাকার দুর্নীতির অভিযোগের তদন্তভার যায় ইডির হাতে। দায়িত্ব পেয়ে অতিসক্রিয়তা শুরু হয় আধিকারিকদের। সরাসরি হানা সরকারি প্রতিষ্ঠানে। সরকারি কর্মীদের মোবাইল বাজেয়াপ্ত করে নেওয়া হয়। জারি করা হয় একাধিক নিষেধাজ্ঞা। ইডির এই অতিসক্রিয়তার বিরুদ্ধে আদালতে যায় স্টেট মার্কেটিং কর্পোরেশন। রাজ্যের হয়ে মামলা লড়ছিলেন আইনজীবী কপিল সিব্বল। তিনি জানান, ২০১৪ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত ৪১টি এফআইআর হয়েছে তামিলনাড়ু স্টেট মার্কেটিং কর্পোরেশনের বিরুদ্ধে। তদন্তও চলছে। তারপরেও এই পরিস্থিতি কেন? প্রধান বিচারপতি বিআর গাভাই ও বিচারপতি অগাস্টিন জর্জ মাসিহে সাফ জানান, অতিসক্রিয়তা দেখাচ্ছে ইডি। নিজেদের নিয়ন্ত্রণ করুক। ফিরিয়ে নিক কর্পোরেশনের বিরুদ্ধে মামলা।

## e-mail থেকে চিঠি

### বাংলা ক্রিকেটেও রাজনৈতিক প্রতিহিংসার শিকার

আইপিএলের দ্বিতীয় কোয়ালিফায়ার ও ফাইনাল কলকাতার ইডেন গার্ডেন্স থেকে অহমদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে সরিয়ে দেওয়ার নেপথ্যে স্রেফ রাজনীতি রয়েছে। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে রাজনীতি করার লক্ষ্যেই রাজ্যের ক্রীড়াপ্রেমীদের বঞ্চিত করা হয়েছে। শুধু ঘটনার ক্রোনোলজি লক্ষ্য করলেই বিষয়টি জলের মতো পরিষ্কার। আগামী ৩ জুন আইপিএলের ফাইনাল। ইডেন থেকে তা সরে যাওয়ার পরে বুধবার বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডলে পোস্ট করে দাবি করেন, আইনশৃঙ্খলা ও নিরাপত্তাজনিত কারণে ম্যাচ সরিয়ে দেওয়া হয়েছে। ওদিকে বোর্ড স্পষ্ট জানিয়েছে, খেলা সরানোর নেপথ্যে আবহাওয়া রয়েছে, বাংলার সরকারের কোনও ভূমিকা নেই। রাজনীতির স্বার্থে বিষয়টি ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করেছেন সুকান্ত। এখানেই শেষ নয়। বৃহস্পতিবার সকালে সুকান্ত একটি পোস্টে সৌরভ গঙ্গোপাধ্যায় এবং মমতাকে জড়িয়ে একটি পোস্ট করেছিলেন। সেই পোস্ট কেন মুছে দেওয়া হল? নেপথ্য কারণ কী? সব ক্ষেত্রেই মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে বঞ্চিত করা হচ্ছে। ১০০ দিনের কাজ, আবাস যোজনা, অন্যান্য খাতের ন্যায্য বকেয়া টাকা আটকে রেখেছে কেন্দ্র। ১ লক্ষ ৮৭ কোটি টাকা কেন্দ্র আটকে রেখেছে। সব জায়গায় রাজনীতি হচ্ছে। এ বার ক্রিকেটপ্রেমীদেরও বঞ্চিত করা হল। ইডেনে আইপিএলের সাতটা ম্যাচ হয়েছে। কোনও অপ্রীতিকর ঘটনা ঘটেনি। প্রতিটা ম্যাচে গড়ে ৬০-৬৫ হাজার দর্শক খেলা দেখেছেন। তা হলে আইনশৃঙ্খলার সমস্যার কোনও প্রশ্নই উঠছে না। ইডেনে সাতটা ম্যাচ হয়েছে। কোনও অপ্রীতিকর ঘটনা ঘটেনি। সবাই ভাল ভাবে খেলা দেখেছেন। শুধুমাত্র রামনবমীর দিন নিরাপত্তার কারণে একটা ম্যাচ নিয়ে সমস্যা হয়েছিল। সেটাও কলকাতাতেই হয়েছে। কেউ আইনশৃঙ্খলা নিয়ে অভিযোগ করেনি। ইদানীং অন্তরীক্ষে স্থাপিত আধুনিক উপগ্রহের সুবাদে আবহাওয়ার গতিপ্রকৃতি অনেকটাই নিখুঁতভাবে আগাম বলা যায়। কিন্তু তা বলা যায় সাত দিন আগে। অন্তত আলিপুরের আবহাওয়া দফতরের তেমনই বক্তব্য। কোনও শহরের ক্ষেত্রেই দীর্ঘকালীন পূর্বাভাস দেওয়া যায় না। খুব প্রয়োজনে আঞ্চলিক পূর্বাভাস দেওয়া হয়ে থাকে। কেন্দ্রীয় সরকারের মৌসম ভবন ছ'দিনের পূর্বাভাস দেয়। কিন্তু ভারতীয় বোর্ডের কাছে খবর, আগামী ৩ জুন কলকাতায় বৃষ্টির সম্ভাবনা ৬৫ শতাংশ। বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না।

**— রূপঙ্কর কাঞ্জিলাল, সুরের মাঠ, দমদম, কলকাতা**

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagabangla@gmail.com / editorial@jagobangla.in

# শিল্পেও এবার বাংলার জয়কেতন

মুখ্যমন্ত্রীর উত্তরবঙ্গ সফর আজ উত্তরবঙ্গের মানুষের মনে বিশ্বাসের ভিতটা মজবুত করেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখনই সাধারণ মানুষের সামনে আসেন নতুন কিছু ঘোষণা তাঁর ঝুলিতে থাকে। তাই নিয়ে বলছেন **ড. রূপক কর্মকার**

**(গতকালের পর)**

**কী হতে চলেছে—**

শুরুটা উত্তরবঙ্গ থেকেই হোক। বাম আমলে উত্তরবঙ্গের মানুষদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছিল। কারণটা ছিল উত্তরবঙ্গের মানুষদের বঞ্চনার চোখে দেখা। একটা সময় আন্দোলনের রূপ এতটাই তীব্র হয়েছিল যে পশ্চিমবঙ্গের থেকে উত্তরবঙ্গ প্রায় আলাদা হতে বসেছিল। কিন্তু ২০১১ সালে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শাসনভার নিজ হাতে নেওয়ার পর উত্তরবঙ্গের পরিস্থিতি ধীরে ধীরে উন্নত হতে থাকে। উত্তরবঙ্গে সচিবালয় গঠন হওয়ার পর থেকে সেখানকার মানুষকে বিভিন্ন কাজে আর দক্ষিণবঙ্গে ছুটে আসতে হয় না, বরং প্রকৃতির টানে লক্ষ লক্ষ মানুষ আজ উত্তরবঙ্গে ছুটে যায়। তার পুরো কৃতিত্ব দাবি রাখে পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন দপ্তর। পর্যটনে যেভাবে তারা নজর দিয়েছে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর ঘন ঘন উত্তরবঙ্গ সফর আজ উত্তরবঙ্গের মানুষের মনে বিশ্বাসের ভিতটা মজবুত করেছে। বর্তমান সময়ে দাঁড়িয়ে কিছু প্রকল্প বাস্তবায়িত হয়েছে আবার কিছু প্রকল্প পাইপ লাইনে রয়েছে। এছাড়াও মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখনই সাধারণ মানুষের সামনে আসেন নতুন কিছু ঘোষণা তাঁর ঝুলিতে থাকে। তারই কিছু ঝলক দেখে নেওয়া যাক—

● সুদূর উত্তর দিনাজপুর জেলার স্পিনিং মিল অঞ্চলে তন্তুজ একটি রেডিমেড গার্মেন্টস মানুফ্যাকচারিং অ্যান্ড প্রকিউরমেন্ট সেন্টার তৈরি করেছে। এই প্রকল্পে ব্যয় হয়েছে প্রায় ৫.৮৫ কোটি টাকা। এই সেন্টারটির কাজ চালু হলে প্রায় ৩৫০০০ জন মানুষ তাতে উপকৃত হবেন।

● টি টুরিজম অ্যান্ড বিজনেস পলিসি, ২০১৯-এর অধীনে ২৭টি কোম্পানির থেকে ৩২টি প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হয়েছে যার আনুমানিক বিনিয়োগ ২২০৫.৪৩ কোটি টাকা হবে, যাতে প্রায় ৭০০০ জনের ও বেশি কর্মসংস্থান হতে পারে।

● বিগত দিনের ঘোষণা অনুযায়ী শিলিগুড়িতে বিশ্বমানের কনভেনশন সেন্টার নির্মিত হতে চলেছে ১০ একর জমির ওপর, যেখানে ব্যবসায়িক আদান-প্রদান ছাড়া ও বিভিন্ন অনুষ্ঠান এবং নানাবিধ কর্মসূচি নেওয়া যাবে।

● জলপাইগুড়ি, কোচবিহার, শিলিগুড়ি, মালদা, আলিপুরদুয়ার এবং রায়গঞ্জ থেকে সরাসরি দিঘা যাওয়ার বাসেরও ব্যবস্থা করার ফলে পরিবহণ ব্যবস্থার এক নতুন দিগন্ত খুলে গেল।

● এবার আসি পশ্চিমাঞ্চলের দিকে, একাধারে পশ্চিম বর্ধমানের গৌরাঙ্গডি অপরদিকে বীরভূমের দেউচা-পাঁচামি কোল মাইন আগামী সময়ে কয়লা উত্তোলনের কান্ডারি হতে চলেছে। ১২৪০ মিলিয়ন টন কয়লা এবং ২৬০০ মিলিয়ন টন ব্যাসল্ট এর সম্ভার-সহ পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম কয়লা ব্লক রূপে আত্মপ্রকাশ করতে চলেছে দেউচা-পাঁচামি। যার যেরে ব্যাপক সংখ্যক মানুষের শুধু কর্মসংস্থানই নয়, এলাকার ভোল ও বদলে যাবে।

● ২০৩০-এর মধ্যে জোগান ও চাহিদার ব্যবধান মেটাতে Tarrif Based Competitive Binding মোডে রাজ্য মন্ত্রিসভা ২.৮০০ MW গ্রিনফিল্ড পাওয়ার প্লান্টস-এর মাধ্যমে ১৬ হাজার কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে।

● ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড ইকোনমিক করিডর পলিসি 2023-এর অধীনে ইকনমিক করিডর ও পরিকাঠামো খাতে ৪৪০০ কোটি টাকা বিনিয়োগ করা হবে। যেখানে ৩৪৮৫ কোটি টাকা ADB ঋণ দেবে বাকি ৮৭৭.৪০ কোটি টাকা রাজ্য সরকার দেবে।



● ওয়েস্ট বেঙ্গল লজিস্টিক পলিসি ২০২৩-এর অধীনে লজিস্টিক ব্যবস্থা উন্নয়নে ২০৭২.৬৭ কোটি টাকা বিনিয়োগ হবে যেখানে ১২৪৩.৬১ কোটি টাকা বিশ্ব ব্যাংক থেকে ঋণ নেওয়া হবে এবং বাকি ৮২৯.০৭ কোটি টাকা রাজ্য সরকার দেবে।

● অমৃতসর থেকে ডানকুনি পর্যন্ত ইস্টার্ন ফ্রেট করিডর নির্মাণের স্বার্থে রঘুনাথপুর পুরুলিয়ায় ২৪৮৩ একর জমিতে ৭২০০০ হাজার কোটি টাকা বিনিয়োগের মাধ্যমে 'জঙ্গল সুন্দরী কর্মনগরী' নির্মাণ হতে চলেছে।

আরও ঐতিহাসিক কিছু পদক্ষেপ যা সামাজিক জীবনে অভূতপূর্ব সাড়া ফেলেছে এবং আগামীতেও ফেলবে।

● স্বাস্থ্য সাথী প্রকল্পের আওতায় ২.৪৫ কোটি পরিবার সুবিধা পাচ্ছেন। ১১০৯৮ কোটি টাকা ব্যয়ে মোট ৮৫ লক্ষেরও বেশি রোগীকে চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়েছে। তারই সূত্র ধরে বলতে পারি বাংলা আগামী দিনে ভারতবর্ষকে পথ দেখাবে। এই মুহূর্তে দাঁড়িয়ে বাংলায় ৯টি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল গড়ে উঠছে। যেখানে নতুন ক্রিটিক্যাল কেয়ার ব্লক, লাইফ সাপোর্ট, আইসোলেশন ওয়ার্ড, প্রসূতি বিভাগ, অপারেশন থিয়েটার— সব থাকবে এক ছাদের তলায়।

● বাংলার মাটিতে এক ঐতিহাসিক পদক্ষেপ হল ইন্টারন্যাশনাল ইনফরমেশন টেকনোলজি এন্টারটেইনমেন্ট অ্যান্ড কালচারাল পার্ক (IITEC PARK) যার আক্ষরিক নাম হলো 'বিশ্বঅঙ্গন'। বাংলার মুকুটে পশ্চিমের জগন্নাথ মন্দির, উত্তরের পর্যটন হাব, পূর্বের স্কাইওয়াক, দক্ষিণের জঙ্গল সাফারি যেমন বিরাজমান, তার সাথে 'বিশ্বঅঙ্গন' হল বাংলার মুকুটে এক নয়া পালক। 'বিশ্বঅঙ্গন' হল নিউ টাউন-এর জমিতে পরিকল্পিত এক আন্তজাতিক মানের পার্ক, যেখানে তথ্যপ্রযুক্তি সংস্থা, সাংস্কৃতিক পার্ক, বিনোদন পার্ক-এর মতো যৌথ স্থাপত্য থাকবে। হিডকোর সাথে যৌথ উদ্যোগে এই প্রকল্প বাস্তবায়িত হলে বাংলার স্থাপত্য ও সংস্কৃতিতে যে নতুন মাত্রা যোগ হবে তা বলার অপেক্ষা রাখে না।

বাংলার আধ্যাত্মিক ও পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে ওঠা জগন্নাথধাম নিয়ে বিরোধী রাজনৈতিক দল যে কুৎসার আশ্রয় নিয়েছিল তার উত্তর স্বয়ং জগৎপ্রভু জগন্নাথ তার নিজস্ব ভঙ্গিমায় হয়তো দিচ্ছেন, যেখানে মাত্র ১৫ দিনের মধ্যে ২০ লক্ষ ভক্তের সমাগম হয়েছে। দিঘাকে সামনে রেখে পশ্চিমবঙ্গ জুড়েই ব্যবসা বাণিজ্যের যেন অনুকূল হাওয়া বইতে শুরু করেছে। সাম্প্রতিক সময়ে ৭১ কোটি টাকার মনরেগা দুর্নীতি নিয়ে গুজরাতে হইচই পড়লেও পশ্চিমবঙ্গের ভাগ্যে মনরেগার প্রাপ্য টাকা আজও এল না। পশ্চিমবঙ্গ সরকার নিজ উদ্যোগে নিজস্ব তহবিল থেকে মনরেগা কর্মীদের কাজের ব্যবস্থা করেছে নানান প্রকল্পের মাধ্যমে। ১২৩৫৫ কোটি টাকা ব্যয়ে 'কর্মশ্রী প্রকল্প'র আওতায় ৬১ কোটি শ্রমদিবস সৃষ্টি করা হয়েছে যা এক কথায় নজির। এছাড়াও ৫ কোটি টাকা ব্যয়ে জল্পেশ মন্দিরের স্কাইওয়াক নির্মাণ, শিলিগুড়িতে মেয়েদের জন্য রেসিডেন্সিয়াল গ্লোবাল স্কুলের স্থাপন এবং জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ৪টি নতুন শিল্প পার্ক গঠন পশ্চিমবঙ্গের মানচিত্রে নবজাগরণের সৃষ্টি করবে। বাংলার অগ্রগতির ধ্বজাধারী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আবারও প্রমাণ করলেন পাহাড় থেকে সমতল, সমভূমি থেকে মালভূমি, জঙ্গল থেকে সমুদ্র, সর্বত্র রাজ্য সরকারের উন্নয়নের পতাকা পৌঁছে গেছে। নানান প্রতিকূলতা, বিশেষ করে কেন্দ্রীয় বঞ্চনা সত্ত্বেও মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে অর্থের সংস্থান করে উন্নয়নকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তা এক কথায় অকল্পনীয়। নর্থ বেঙ্গল হোক বা সাউথ বেঙ্গল শিল্পই যে পাখির চোখ তা আগামীর কান্ডারি বুঝিয়ে দিলেন বিশ্বদরবারে। (শেষ)



জন্মদিনে রাজা রামমোহন রায়কে শ্রদ্ধা মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের





■ কাশ্মীরের পুঞ্চ এলাকায় পাক হানায় নিহতদের পরিবারের সঙ্গে সাক্ষাৎ। রয়েছেন সাংসদ সাগরিকা ঘোষ, মমতাবালা ঠাকুর, নাদিমুল হক, মানস ভুঁইয়া প্রমুখ। ঘুরে দেখলেন ক্ষতিগ্রস্ত বাড়ি-ঘরের অবস্থা।

### অনুমতি ছাড়া স্থানীয়ভাবে নেওয়া যাবে না কর

# পুরসভা ও পঞ্চায়েতগুলিকে সতর্ক করে দিলেন মুখ্যসচিব

**প্রতিবেদন :** প্রয়োজনীয় অনুমতি ছাড়া ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থায় কোনও গ্রাম পঞ্চায়েত বা জেলা পরিষদ এবং পুরসভা কর্তৃপক্ষ নিজেদের মতো করে নাগরিকদের কাছ থেকে কর সংগ্রহ করতে পারবে না। এ বিষয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশের পর মুখ্যসচিব মনোজ পন্থ রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দফতর এবং পুর ও নগর উন্নয়ন দফতরকে বিশেষ ভাবে সতর্ক করে দিয়েছেন।

মুখ্যসচিবের নির্দেশের পরেই দুটি দফতর থেকেই সব জেলাশাসকদের এই নির্দেশ কঠোরভাবে কার্যকর করতে বলা হয়েছে। আরও বলা হয়েছে, কোনও গ্রাম পঞ্চায়েত বা পুরসভা সরকারি অনুমতি ছাড়া উন্নয়নের নামে স্থানীয়ভাবে নাগরিকদের কাছ থেকে এই ধরনের রাজস্ব তুললে তা সরকারি নির্দেশিকাকে অমান্য করে নেওয়া হচ্ছে বলে ধরে নেওয়া হবে। তার পরিপ্রেক্ষিতে ওই পঞ্চায়েত বা পুর কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা নির্দেশিকায় জানানো হয়েছে। উল্লেখ্য, রাজ্যের বেশ কিছু জেলা পরিষদ গ্রাম পঞ্চায়েত এবং পুরসভা রাজস্ব সংগ্রহের নামে সাধারণ মানুষের কাছ থেকে জোর করে টাকা তুলছে বলে অভিযোগের প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উত্তরবঙ্গ সফরে গিয়ে উষ্মা প্রকাশ করেন। স্থানীয়ভাবে কোনও পঞ্চায়েত বা পুরসভা এই ধরনের রাজস্ব আদায় করতে পারবে না বলে জানিয়েছিলেন তিনি।

## ওয়াকফ মামলা : শুনানি শেষ, স্থগিত রায়

**প্রতিবেদন:** শুনানি শেষ, স্থগিত রইল রায়দান। ওয়াকফ সংশোধনী মামলার শেষে এমনটাই পর্যবেক্ষণ দেশের শীর্ষ আদালতের। গত তিনদিন ধরে বিতর্কিত ওয়াকফ মামলার শুনানি চলার পর অবশেষে বৃহস্পতিবার অন্তর্বর্তী রায়দান স্থগিতের কথা জানাল আদালত। মামলাকারী পক্ষের আইনজীবী কপিল সিব্বল আদালতে বলেন, ওয়াকফ ঈশ্বরের প্রতি উৎসর্গ করা সম্পত্তি। পাল্টা প্রধান বিচারপতি জানান, অন্য ধর্মের ক্ষেত্রেও একই ধরনের (দানমূলক) আইন রয়েছে। তাতে সিব্বল প্রশ্ন তোলেন, এক্ষেত্রে ঈশ্বরের প্রতি দান। একবার দান করা হলে সেটি আর ফেরত নেওয়া কী করে সম্ভব? পাশাপাশি এদিন আবার হিন্দু দেবোত্তর বোর্ড নিয়ে ভুল তথ্য পরিবেশনের জন্য ক্ষমা চান কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহতা। ওয়াকফ বোর্ডে কেন অমুসলিম সদস্য থাকবেন, তা নিয়ে প্রথমদিন থেকেই প্রশ্ন তুলছিলেন মামলাকারীদের আইনজীবীরা। মামলাকারী পক্ষের অন্যতম আইনজীবী কপিল সিব্বল সওয়াল করেছিলেন, ওয়াকফ বোর্ড আসলে একটি ধর্মীয় বিষয়। কিন্তু কেন্দ্রের সলিসিটর জেনারেল বলেন, ওয়াকফের সম্পত্তি বিভিন্ন ধর্মনিরপেক্ষ কাজেও ব্যবহার হয়। কিন্তু হিন্দু বোর্ডে সেটা হয় না। মেহতা ক্ষমা চেয়ে বলেন, হিন্দু বোর্ডও ধর্মনিরপেক্ষ কাজ করে। আগের দিন তিনি শীর্ষ আদালতকে ভুল তথ্য পরিবেশন করেছিলেন। সব পক্ষের কথা শোনার পর অন্তর্বর্তী রায়দান আপাতত রিজার্ভ রাখার সিদ্ধান্ত নেয় শীর্ষ আদালত।



■ শীঘ্রই মুক্তি পেতে চলেছে বলিউড তারকা কাজলের নতুন ছবি 'মা'। ছবির প্রচারে এসে বৃহস্পতিবার দক্ষিণেশ্বরে মা ভবতারিণী মন্দিরে পুজো দিলেন অভিনেত্রী। 'মা' নিয়ে তিনি বলেন, এটি আধ্যাত্মিক ও ভৌতিক গল্প নিয়ে ছবি।

ছবি শুভেন্দু চৌধুরী

## অন্ধকারে নির্মাতারা, বিক্রি হয়ে গেল আস্ত সিনেমাটাই

**প্রতিবেদন :** প্রযোজক-পরিচালকের অজান্তেই 'চুরি' আস্ত বাংলা সিনেমা! ২০১৩ সালের একটি বাংলা সিনেমা বেআইনিভাবে বিক্রি করে দেওয়া হয়েছে মুম্বইয়ের একটি জাতীয় স্তরের ওটিটি প্ল্যাটফর্মকে। অভিযোগ, গানের স্বত্ব কেনার নামে কলকাতার একটি সঙ্গীত সংস্থার কর্ণধার গোটা সিনেমাটিকেই বিক্রি করে দিয়েছেন ওই ওটিটি প্ল্যাটফর্মকে। কিন্তু এই কেনাবেচার খবর কিছুই জানতে পারেননি ছবির পরিচালক-প্রযোজক দম্পতি অর্চন ও অনামিকা আদিত্য। শেষপর্যন্ত জালিয়াতি ধরতে পেরে বুধবার লালবাজারের সাইবার থানায় অভিযোগ দায়ের করেছেন তাঁরা। পুলিশ সূত্রে খবর, কলকাতার ওই সঙ্গীত সংস্থা ও মুম্বইয়ের ওই ওটিটি প্ল্যাটফর্মের তিন কর্তার বিরুদ্ধে প্রাথমিক তদন্ত শুরু হয়েছে। চার অভিযুক্তকে নোটিশ পাঠিয়ে লালবাজারে তলব করা হবে। জানা গিয়েছে, কলকাতার হরিদেবপুরের বাসিন্দা অনামিকা আদিত্য ২০১৩ সালে স্বামী অর্জনের কবিতা নিয়ে একটি বাংলা সিনেমা বানান। পরিচালনা করেন অর্চনই। ২০১৩ সালেই সিনেমাটি দিল্লির ফিল্ম উৎসবে দেখানো হয়। শুভানুধ্যায়ীদের কথায় ছবির গানগুলির স্বত্ব বিক্রির জন্য ২০১৪ সালে দু'জনে যোগাযোগ করেন কসবার একটি সঙ্গীত সংস্থার সঙ্গে। কিন্তু কোনও টাকা না দিয়েই স্বত্ব কিনে নেয় ওই সংস্থা। কিন্তু তারপর সংস্থার কর্ণধারের সঙ্গে আর যোগাযোগ করা যায়নি। সম্প্রতি তাঁরা ওটিটি প্ল্যাটফর্মে নিজেদের সেই ছবি দেখতে পেয়েই জালিয়াতি ধরে ফেলেন। অভিযোগ, তাঁরা দু'কোটি টাকার সাইবার জালিয়াতির ফাঁদে পড়েছেন। পুলিশ সূত্রে খবর, ওটিটি প্ল্যাটফর্মটি সিনেমায় নায়ক, নায়িকা, পরিচালকের ভুয়ো নাম ব্যবহার করেছে। বাংলার গায়িকার জায়গাতেও বসানো হয়েছে মুম্বইয়ের এক গায়িকার নাম।




■ চতুর্থ বর্ষ পূর্ব ও উত্তর-পূর্ব এনার্জি কনক্লেভ। বক্তব্য রাখছেন রাজ্যের মন্ত্রী ডাঃ শশী পাঁজা। রয়েছেন ব্রিটিশ ডেপুটি হাইকমিশনার অ্যান্ড্রু ফ্লেমিং, রাজীব সিং-সহ অন্যরা। বৃহস্পতিবার।



■ রাজা রামমোহন রায়ের ২৫৩তম জন্মবার্ষিকীতে বৃহস্পতিবার বিধানসভা ভবনে তাঁর ছবিতে শ্রদ্ধা নিবেদন করলেন রাজ্য বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়।

## শিক্ষামন্ত্রীর বাড়ির সামনে অভব্যতা

**প্রতিবেদন:** একদল আন্দোলনকারী শিক্ষক বিরোধীদের কথায় প্ররোচিত হয়ে চরম অসভ্যতা করল শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর বাড়ির সামনে। রাজ্য সরকার সব সময় চায় এই শিক্ষকরা কাজে ফিরুন। সে কারণে ইতিমধ্যেই সুপ্রিম কোর্টের রিভিউ পিটিশন জারি করে আইনি লড়াই করছে রাজ্য। এমনকী শিক্ষকদের স্কুলে গিয়ে পড়ানোর কথাও বলা হয়েছে। তাঁদের বেতন দেওয়া হবে বলেও জানানো হয়েছে। কিন্তু তা সত্ত্বেও তাঁরা একবার বিকাশ ভবনে, একবার শিক্ষামন্ত্রীর বাড়ির সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করেছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই শিক্ষকদের সঙ্গে কথা বলেছেন, বৈঠক করেছেন। শিক্ষকদের আদতেই বুঝতে হবে কারা তাঁদের পাশে রয়েছে এবং কারা উসকানি দিয়ে তাঁদেরকে ঢাল করে নিজেদের রাজনৈতিক অভিসন্ধি পূরণের চেষ্টা করছে। কিছু রাজনৈতিক দল উপরে উপরে তাদের পাশে রয়েছে জানালেও কার্যত তারাই আদালতে গিয়ে কলকাঠি নেড়ে গোটা বিষয়ে জটিলতা তৈরির চেষ্টা করছে। বুঝতে না পেরে সেই ফাঁদে শিক্ষকদের একাংশ পা দিচ্ছে এবং আখেরে নিজেদেরই সর্বনাশ ডেকে আনছে।

## ট্রাকের ধাক্কায় মৃত্যু

**সংবাদদাতা, মহেশতলা :** বেপরোয়া ট্রাক পিষে দিল দুই নাবালককে। ঘটনায় মৃত্যু একজনের। দক্ষিণ ২৪ পরগনার মহেশতলা বরকনতলা পুটখালি এলাকার ঘটনা। ওই দুই নাবালক দুপুরে সাইকেলে ফুলবাগানে বাড়ির দিকে যাচ্ছিল। সেই সময় একটি ট্রাক তাদের ধাক্কা মারে। ঘটনাস্থলেই উজ্জ্বল মণ্ডলের (১২) মৃত্যু হয়। ঘটনার পরেই স্থানীয়রা ক্ষিপ্ত হয়ে ওঠে। শুরু হয় বিক্ষোভ। অভিযোগ, ট্রাকগুলি বেপরোয়াভাবে চলাচল করে। ফলে ঘটছে পথদুর্ঘটনা। মহেশতলা থানার পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

# রাজ্য

23 May, 2025 • Friday • Page 6 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

**বেসরকারি নার্সিংহোমে মহিলার মৃত্যু। নাম কল্পনা সরদার। বাড়ি গোসাবা থানার বালি ২ পঞ্চায়েতে। ঘটনায় অভিযোগ উঠছে নার্সিংহোম ও সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে**



■ তৃণমূল মহিলা কংগ্রেসের উদ্যোগে বৃহস্পতিবার যাদবপুর থানা থেকে গোলপার্ক পর্যন্ত 'মিশন অবগুণ্ঠন' কর্মসূচি। অংশ নেন সংগঠনের রাজ্য সভানেত্রী ও মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, ডাঃ শশী পাঁজা, শিউলি সাহা, বিধাননগরের মেয়র কৃষ্ণা চক্রবর্তী-সহ সংগঠনের নেত্রী ও কর্মিবৃন্দ।

## বর্ষার আগেই নিম্নচাপের বৃষ্টি রাজ্যে

**প্রতিবেদন:** আরব সাগরে ক্রমশ ঘনীভূত হচ্ছে নিম্নচাপ। বীরভূম মুর্শিদাবাদে ভারী বৃষ্টি হবে। উত্তরবঙ্গের ৩-৪ জেলাতেও ভারী বৃষ্টির সম্ভাবনা। এর জেরেই দক্ষিণে বাড়বে বৃষ্টি আগামী সপ্তাহে ২৮ মে বুধবার থেকে বৃষ্টির সম্ভাবনা বাড়বে দক্ষিণবঙ্গে। কলকাতা-সহ সব জেলাতেই ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে আগামী কয়েক দিন। নিম্নচাপের প্রভাবে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের ভারী বৃষ্টির আশঙ্কার কথা জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। ২৭ মে মঙ্গলবার বঙ্গোপসাগরে তৈরি হচ্ছে নিম্নচাপ। মধ্য বঙ্গোপসাগর ও সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরে তৈরি হবে এই নিম্নচাপ। বৃহস্পতিবারের মধ্যে সেই নিম্নচাপ শক্তি বাড়িয়ে উত্তর বঙ্গোপসাগরের দিকে এগোবে। তবে এই নিম্নচাপ থেকে ঘূর্ণিঝড়ের সম্ভাবনা এখনই দেখছেন না আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানীরা। ২-৩ দিনে মৌসুমি বায়ু ঢুকছে উত্তর-পূর্ব ভারতেও। ফলে এবার যে গোটা দেশেই সময়ের বেশ খানিকটা আগে বর্ষা পা রাখছে। তবে আনুষ্ঠানিক ভাবে বর্ষার প্রবেশের আগেই হালকা থেকে মাঝারি বৃষ্টিতে ভিজবে রাজ্য।

## ৩ স্টেশনের উন্নয়নে

**প্রতিবেদন :** বৃহস্পতিবার রাজস্থান থেকে দক্ষিণ-পূর্ব রেলের আদ্রা ডিভিশনের জয়চণ্ডী পাহাড়, পূর্ব রেলের আসানসোল ডিভিশনের পানাগড় এবং শিয়ালদহ ডিভিশনের কল্যাণী ঘোষপাড়া, স্টেশনের ভার্চুয়াল উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। পানাগড়ের জন্য ৫.৫ কোটি টাকা, জয়চণ্ডী পাহাড়ের জন্য ১১.৪৩ কোটি এবং ঘোষপাড়ার জন্য আনুমানিক ৩.৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

## গ্রামীণ নিকাশির উন্নয়নে বৈঠকে পঞ্চায়েত দফতর

**প্রতিবেদন :** রাজ্যের গ্রামীণ নিকাশি ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে সুস্থিত পরিকল্পনা তৈরি করতে রাজ্যের পঞ্চায়েত দফতর বৈঠকে বসছে। আজ শুক্রবার নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের মিশন ডিরেক্টর এবং অতিরিক্ত সচিবের তরফে জারি হওয়া বিজ্ঞপ্তিতে রাজ্যের সমস্ত জেলাশাসক ও জিটিএ-র প্রিন্সিপাল সেক্রেটারিকে অংশগ্রহণ নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে। কর্মসূচিতে প্রতিটি জেলার সাব-ডিভিশনাল অফিসার এবং সমস্ত ব্লক ডেভেলপমেন্ট অফিসারদের উপস্থিত থাকা আবশ্যিক বলে উল্লেখ করা হয়েছে। পাশাপাশি এই কর্মসূচিতে বিভিন্ন দফতরের পদাধিকারী ও ইউনিসেফ, ইউএনওপিএস, ওয়াটার এইডের মতো আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণের অনুরোধ জানানো হয়েছে। গ্রামীণ নিকাশি সংক্রান্ত সচেতনতা ও নীতি বাস্তবায়নের উদ্দেশ্যে এই কর্মসূচিকে তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন সংশ্লিষ্ট মহল।

## বৃক্ষরোপণে শামিল রাজ্যের স্বনির্ভর গোষ্ঠীর মহিলারাও

**প্রতিবেদন :** এবার পরিবেশ রক্ষাতেও শামিল হবেন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা। কেন্দ্রীয় সরকারের এক বৃক্ষরোপণ কর্মসূচিতে রাজ্যের স্বনির্ভর গোষ্ঠীগুলির মহিলাদের শামিল করা হচ্ছে। আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসের দিন থেকে রাজ্যের ১০টি পুরসভায় বিশেষ বৃক্ষরোপণ অভিযান শুরু হবে। পুরসভাগুলিকে নিজেদের এলাকায় এই কাজের জন্য সরকারি জায়গা চিহ্নিত করতে বলা হয়েছে। স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের সেই গাছগুলি পরিচর্যা করার দায়িত্ব দেওয়া হবে বলেও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৃক্ষরোপণের পর স্বনির্ভরগোষ্ঠীর মহিলাদের আগামী দু'বছর পরিচর্যার কাজের জন্য আর্থিক সহায়তা দেওয়া হবে। জানা গিয়েছে, বৃক্ষরোপণ কর্মসূচিতে আপাতত দেশের পাঁচ রাজ্যকে যুক্ত করা হয়েছে। তার মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গও। রাজ্যের ১০টি পুরসভা রয়েছে এই কর্মসূচির তালিকায়। তার মধ্যে উত্তর ২৪ পরগনার চারটি, মধ্যমগ্রাম, উত্তর দমদম, দমদম, নিউ বারাকপুর, এছাড়া আছে ডায়মন্ডহারবার, ইংলিশবাজার, জঙ্গিপুর, বাঁশবেড়িয়া, কোন্নগর-সহ আরও কয়েকটি পুরসভা রয়েছে তালিকায়। ২০২৭ সাল পর্যন্ত যতগুলি গোষ্ঠীর মহিলা যত গাছ বসাবেন তাঁরাই পরিচর্যা করবেন। এর ফলে স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা বাড়তি টাকা উপার্জন করতে পারবেন। পাশাপাশি পরিবেশও বাঁচবে।

## ৩১ মে-র মধ্যে পড়ে থাকা টাকা ফেরানোর নির্দেশ

**প্রতিবেদন :** রাজ্যের অর্থ দফতর পাঁচ বছর বা তার বেশি সময় ধরে সরকারি প্রকল্পের খাতে পড়ে থাকা টাকা ফেরত নেওয়ার প্রক্রিয়া শুরু করেছে। সম্প্রতি জারি করা এক নির্দেশিকায়, ৩১ মের মধ্যে বিভিন্ন ডিপোজিট অ্যাকাউন্টে জমে থাকা অব্যবহৃত অর্থ ফেরত পাঠাতে দফতরগুলিকে বলা হয়েছে। অর্থ দফতর সূত্রে জানা গিয়েছে, বিভিন্ন দফতরকে প্রতিবছর নির্দিষ্ট কাজের জন্য অর্থ বরাদ্দ করা হয়। কিন্তু বরাদ্দ অর্থ নির্ধারিত সময়ের মধ্যে অনেক সময়ে ব্যবহার করা যায় না। এই অব্যবহারজনিত অর্থ আটকে থাকার প্রবণতা রুখতে রাজ্য সরকার ২০১৭ সাল থেকেই বিভিন্ন দফায় নির্দেশিকা জারি করে আসছে। এবার সেই প্রক্রিয়াকে আরও জোরালো করতে অর্থ দফতর জানিয়েছে, ২০০০ সালের মার্চ বা তার আগে থেকে যে অর্থ পড়ে রয়েছে এবং কাজে লাগানো হয়নি, তা নির্দিষ্ট বয়ানে তথ্য-সহ ফেরত দিতে হবে। তবে কিছু ক্ষেত্র, যেমন বিধায়ক ও সাংসদ তহবিল, আরআইডিএফের প্রকল্প বা জমি কেনার জন্য বরাদ্দ অর্থ— এই সিদ্ধান্তের বাইরে রাখা হয়েছে। ফেরত পাওয়া এই টাকা অন্য গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে যদি কোনও দফতর যদি মনে করে, নির্দিষ্ট খাতে অর্থ রাখা জরুরি, তবে তার যথাযথ কারণ জানিয়ে অর্থ দফতরের অনুমোদন নিতে হবে। অনুমোদন ছাড়া টাকা আটকে রাখলে তা আদায় করে নেওয়া হবে বলে হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

## জেলাশাসকের সঙ্গে বৈঠকে জ্যোতিপ্রিয়



■ বারাসতে জেলাশাসকের দফতরে জ্যোতিপ্রিয় মল্লিক।

**সংবাদদাতা, বারাসত :** হাবড়ায় উন্নয়নের ধারা অব্যাহত রাখতে বারাসতে জেলাশাসকের দফতরে প্রাক্তন বনমন্ত্রী তথা হাবড়ার বিধায়ক জ্যোতিপ্রিয় মল্লিক। বৃহস্পতিবার বিকেলে হাবড়া সুপার মার্কেট ও কর্মতীর্থের দোকান বন্টনের বিষয়ে আলোচনা করতে জেলার সদর দফতরে আসেন জ্যোতিপ্রিয় মল্লিক। বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, হাবড়া সুপার মার্কেট করা হয়েছে। সেখানে ৮০০-৯০০ ঘর আছে সেগুলির বণ্টনে যাতে কোন দুর্নীতি না হয় তার জন্য প্রশাসনের হাত থেকে বণ্টন করা হবে। পাশাপাশি দুটি কর্মতীর্থ করা হয়েছে, সেখানে ৭৬টির মত ঘর আছে। সেগুলির বণ্টনও প্রশাসনের মাধ্যমে করা হবে। সে বিষয়েই আলোচনা করতে এসেছিলাম বলে জানান জ্যোতিপ্রিয় মল্লিক। এদিন তার সঙ্গে ছিলেন হাবড়ার পুরপ্রধান নারায়ণ সাহা, দেগঙ্গা পঞ্চায়েত সমিতির সভাপতি আনিসুর রহমান, জেলা পরিষদের অধ্যক্ষ আরসাদ উদ জামান-সহ অন্যরা।

## ৫২১টি মোবাইল ফেরাল পুলিশ



■ এসপি রাহুল গোস্বামীর তত্ত্বাবধানে মোবাইল ফোন তুলে দেওয়া হচ্ছে।

**প্রতিবেদন :** হারানো মোবাইল ফোন ফিরে পেলেন মালিকরা। 'প্রাপ্তি' ওয়েব পোর্টালে অভিযোগ পাওয়ার পর তদন্তে নামে ডায়মন্ড হারবার জেলা পুলিশ। উদ্ধার হওয়া মোবাইলগুলি বৃহস্পতিবার তুলে দেওয়া হল মালিকের হাতে। জানা গেছে, 'প্রাপ্তি' ওয়েব পোর্টালে অভিযোগ দায়েরের পর তদন্ত শুরু করে পুলিশ। এরপর উদ্ধার হওয়া মোবাইলগুলি একত্রিত করে প্রতি তিন মাস অন্তর তা সঠিক মালিকের হাতে তুলে দেওয়া হয়। বৃহস্পতিবার ডায়মন্ড হারবার জেলা পুলিশের তরফে সাংবাদিক সম্মেলন করে পুলিশ সুপার রাহুল গোস্বামী বলেন, এই সময়কালে প্রাপ্তি পোর্টালের মাধ্যমে প্রায় আড়াই হাজার মোবাইল হারানো অভিযোগ পেয়েছি। যার মধ্যে ৫২১টি মোবাইল উদ্ধার করা সম্ভব হয়েছে। বাকি ক্ষেত্রে তদন্ত প্রক্রিয়া চলছে। উদ্ধার হওয়া ১০৫টি মোবাইল বিভিন্ন থানা থেকেও মালিককে দেওয়া হয়েছে। এদিন জনসাধারণের প্রতি জেলা পুলিশের তরফে বলা হয়, মোবাইল হারিয়ে গেলে আপনারা 'প্রাপ্তি' ওয়েব পোর্টালের মাধ্যমে অভিযোগ দায়ের করুন। যাতে আরও দ্রুত আপনাদের মোবাইল ফিরিয়ে দিতে পারি।

## ভোটের ব্যবধান বাড়ানোর নির্দেশ নয়া জেলা সভাপতির

**সংবাদদাতা, বসিরহাট:** তৃণমূল কংগ্রেসের শক্ত ঘাঁটি বসিরহাট। এই লোকসভার ৭টি বিধানসভাই তৃণমূলের দখলে। দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে, মানুষের সঙ্গে সম্পর্ক আরও নিবিড় করতে হবে। ২০২৬-এর বিধানসভা নির্বাচনকে পাখির চোখ করে সকলকে একযোগে ময়দানে নামতে হবে। যাতে ভোট ব্যবধান আরও বাড়ানো যায়। বসিরহাট টাউন হলে বসিরহাট সাংগঠনিক জেলার দলীয় নেতা, কর্মীদের নিয়ে বৈঠক শেষে এ কথাই বলেন জেলার নবনিযুক্ত সভাপতি বুরহানুল মুকাদ্দিম ওরফে লিটন। সভায় বুরহানুল মুকাদ্দিম ছাড়াও উপস্থিত ছিলেন বসিরহাট সাংগঠনিক জেলার চেয়ারম্যান সরোজ



■ বৈঠকে বক্তব্য রাখছেন বুরহানুল মুকাদ্দিম।

বন্দ্যোপাধ্যায়, বসিরহাট দক্ষিণের বিধায়ক ডাঃ সপ্তর্ষি বন্দ্যোপাধ্যায়, বসিরহাট উত্তরের বিধায়ক রফিকুল ইসলাম, হাড়োয়ার বিধায়ক রবিউল ইসলাম, সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাতো, মিনাখাঁর বিধায়ক উষারানি মণ্ডল, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ এটিএম আবদুল্লা ওরফে রনি, সাহানুর মণ্ডল, মৃত্যুঞ্জয় মণ্ডল-সহ বাদুড়িয়া, বসিরহাট ও টাকি পুরসভার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, ব্লক সভাপতি, প্রধান, উপপ্রধানরা।

লিটন আরও বলেন, দলের নির্দেশমতো গত নির্বাচনগুলিতে যেখানে আমরা আশানুরূপ ফল করতে পারিনি, সেখানে বেশি নজর দিতে হবে। বিধানসভাভিত্তিক কর্মিসভা করা হবে। উন্নয়নমূলক কাজকে এগিয়ে নিয়ে যেতে হবে। যে কাজ বাকি আছে সেগুলো দ্রুত শেষ করতে হবে। এর পাশাপাশি বৈঠকে নবনিযুক্ত সভাপতি ২১ জুলাইয়ের প্রস্তুতি নেওয়ার জন্য নেতা-কর্মীদের আহ্বান জানান।

**বিলাসবহুল গাড়িতে করে ছাগল চুরি! ধরে ফেলল পুলিশ। ফালাকাটার ঘটনা। একজনকে গ্রেফতার করা হয়েছে এই ঘটনায়। বাজেয়াপ্ত করা হয়েছে গাড়িটিও। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে নানা ধরনের যন্ত্রপাতি**

### মৃতদের পরিবারকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ ও চাকরির আশ্বাস বনদফতরের

# হাতি তাড়াতে গিয়ে পাল্টা হানায় মৃত ২




■ এলাকায় পুলিশ ও বনকর্মীদের পাহারা। সতর্ক করা হচ্ছে স্থানীয়দের। ডানদিকে, ঘাতক হাতি ডায়ানা গণেশ।

**সংবাদদাতা, জলপাইগুড়ি :** হাতি তাড়িয়ে ফেরার পথেই পাল্টা আক্রমণে প্রাণ গেল দুই যুবকের। বৃহস্পতিবার ভোররাতে ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ির তিস্তার দুধিয়ার চরে। জানা যায়, মৃত দুই যুবকের নাম নারায়ণ দাস (১৭) ও তুষার দাস (১৯) দু'জনেই গজলডোবা হাই স্কুলের ছাত্র। একজন দ্বাদশ শ্রেণিতে এবং অন্যজন দশম শ্রেণিতে পড়ত বলে জানান স্থানীয়রা। বনআইন মেনে মৃতদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হবে ও ছয় মাসের মধ্যে পরিবারের এক জনকে চাকরি দেওয়া হবে। ঘটনার কয়েক ঘণ্টার মধ্যেই ঘাতক হাতি ডায়ানা গণেশ-কে চিহ্নিত করে বনদফতর।

ঠিক কী ঘটেছিল? বৃহস্পতিবার ভোররাতে কীর্তন শুনে ফিরছিল ওই দুই কিশোর। পথে দধিয়া বালুচর এলাকায় হাতির দল দেখতে পায় তারা। সেই সময় হাতি তাড়ানোর চেষ্টা করতে গেলে একটি হাতির আক্রমণে ঘটনাস্থলেই প্রাণ হারায় দু'জন। বনদফতর ইতিমধ্যেই চিহ্নিত করেছে ঘাতক হাতিটিকে। ডানদিকের দাঁতভাঙা হাতেটির নাম ডায়ানা গণেশ। এর আগেও এই হাতিটি মানুষ দেখলে আক্রমণ করে। আগেও এই হাতির হানায় মৃত্যু হয়েছে আরও একজনের। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় গজলডোবা ফাঁড়ির ওসির নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী ও বনদফতরের কর্মীরা। মৃতদেহ দুটি উদ্ধার করে জলপাইগুড়িতে পাঠানো হয় ময়নাতদন্তের জন্য। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান রাজগঞ্জ বিধায়ক খগেশ্বর রায়। তিনি বনদফতরের একাধিক আধিকারিক ও পুলিশ অধিকর্তাদের সঙ্গে দুপুরে জরুরি বৈঠক করেন। হাতি থেকে সাধারণ মানুষকে রক্ষা করার জন্য তিনি বেশ কিছু উদ্যোগ নেন। খগেশ্বর রায় জানান, আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেওয়া হয় বনের সীমান্ত ঘেঁষে বাকি ৬ কিলোমিটার এলাকায় দ্রুত বৈদ্যুতিক তারের বেড়া বসানোর কাজ শুরু করা হবে। এলাকার দাবি মেনে বৈঠকে সিদ্ধান্ত হয় বনদফতরের অনুমতি নিয়ে জঙ্গল সংলগ্ন দধিয়া ও শিমুলগুড়ির দুটি রাস্তা দ্রুত পাকা করা হবে। ঘটনাস্থলে মোতায়েন রয়েছে বনদফতর ও পুলিশের দল। মাইকে করে সতর্ক করা হচ্ছে এলাকার বাসিন্দাদের।

## মাল নদীতে হড়পা বানে ভেসে যাওয়া ট্রাক্টর উদ্ধার

**সংবাদদাতা, জলপাইগুড়ি :** একটানা বৃষ্টির ফলে পাহাড়ি নদীতে হঠাৎ সৃষ্টি হওয়া হড়পা বানে মাল নদীতে ভেসে গেল একটি ট্রাক্টর। বৃহস্পতিবার বিকেলে মালবাজার শহরের পূর্ব প্রান্তে, জাতীয় সড়কের সংলগ্ন মাল নদীতে ঘটেছে এই ঘটনা। সৌভাগ্যবশত, চালক ও খালাসি সাঁতরে প্রাণে বাঁচেন। আবহাওয়া দফতরের পূর্বাভাস



■ উদ্ধার করা হচ্ছে ট্রাক্টরটিকে।

অনুযায়ী, গত কয়েকদিন ধরে ডুয়ার্স ও কালিম্পং জেলার বিভিন্ন পাহাড়ি এলাকায় ভারী বৃষ্টিপাত হচ্ছে। এর জেরে পাহাড়ি নদীগুলিতে জলস্তর হঠাৎ বেড়ে তৈরি হচ্ছে হড়পা বান। বৃহস্পতিবার বিকেলে সেচ দফতরের কাজের জন্য পাথর পরিবহণে নিয়োজিত একটি ট্রাক্টর মাল নদীর চরে চলাচল করছিল। আচমকাই উপর দিক থেকে তীব্র গতিতে নেমে আসে জল, মুহূর্তে ট্র্যাক্টর ও তার ট্রলিকে ভাসিয়ে নিয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় মাল থানার আইসি সৌম্যজিৎ মল্লিক ও অন্যান্য পুলিশ কর্মী। পরে জলস্তর নামলে উদ্ধার করা হয় ট্রাক্টরটি। প্রসঙ্গত, ২০২৩ সালে দুর্গাপুজার বিসর্জনের সময় এই মাল নদীতেই হড়পা বানে ভেসে গিয়ে প্রাণ হারিয়েছিলেন ৮ জন।

## সংক্রমণে মৃত্যু একই পরিবারের ৩ স্বাস্থ্যদফতরের তরফে বিশেষ ব্যবস্থা

**সংবাদদাতা, কোচবিহার :** সিতাইয়ে একই পরিবারের তিনজনের মৃত্যু। অনুমান কোনও সংক্রমণ। এই ঘটনার পর থেকে কোচবিহার এমজেএন হাসপাতাল মেডিক্যাল কলেজে খোলা হয়েছে আইসোলেশন ওয়ার্ড। এব্যাপারে আইসোলেশন ওয়ার্ডে পরিকাঠামো দেখতে রাজ্য স্বাস্থ্যদফতরের তিন সদস্য পরিদর্শনে আসেন বৃহস্পতিবার। ছিলেন একজন ডিরেক্টর, অপর দুজনের মধ্যে একজন বেলেঘাটা আইডি হাসপাতালের চিকিৎসক ও অন্য এক মহিলা চিকিৎসক। কোচবিহার এমজেএন হাসপাতাল মেডিক্যাল কলেজের অধ্যক্ষ নির্মলকুমার মন্ডল জানান, সিতাই এর মৃত্যুর ঘটনায় মৃতদের বাড়ি থেকে নমুনা সংগ্রহ করা হয়েছে। এদিকে মেডিক্যাল কলেজে খোলা হয়েছে বিশেষ আইসোলেশন ওয়ার্ড। এছাড়াও ছিলেন স্থানীয় সিতাই ব্লক স্বাস্থ্য আধিকারিক রামকৃষ্ণ ঘোষ। প্রসঙ্গত সিতাই ব্লকের ব্রহ্মত্তর চাত্রা গ্রামে এক পরিবারে পরপর তিন সদস্যের মৃত্যুকে কেন্দ্র করে



■ সিতাইয়ে মৃতদের বাড়িতে স্বাস্থ্য দফতরের প্রতিনিধিরা নমুনা সংগ্রহে।

ইতিমধ্যে চরম উদ্বেগ ও আতঙ্ক ছড়িয়েছে। মাত্র ২২ দিনের ব্যবধানে একই পরিবারের স্বামী ও দুই স্ত্রীর মৃত্যুতে শোকস্তব্ধ গোটা এলাকা। প্রত্যেকেরই মৃত্যুর আগে দেখা গিয়েছিল জ্বর ও শ্বাসকষ্টের উপসর্গ। মৃতদের পরিবারের বাকি দুই সদস্য এবং এলাকাবাসী যাতে সুস্থ থাকে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে এবং মানুষকে সচেতন করা হচ্ছে।

## বালুরঘাট জেলা হাসপাতালে সফল হিপ রিপ্লেসমেন্ট, সুস্থ রোগী

**প্রতিবেদন:** ফের বালুরঘাট জেলা হাসপাতালে সফলভাবে হিপ রিপ্লেসমেন্ট সাজারি হল। ৫১ বছর বয়সি রিন্টু দাস বালুরঘাট শহরের চকভৃগুর বাসিন্দা। বেশ কিছুদিন আগে এক দুর্ঘটনায় তাঁর ডান পায়ে আঘাত লাগে। তখন চিকিৎসা করা হলেও সমাধান হয়নি। হাঁটাচলায় তাঁর সমস্যা হচ্ছিল। সমস্যা ক্রমাগত বেড়ে চলায় ৯ মে তাঁকে বালুরঘাট জেলা হাসপাতালে ভর্তি করা হয়। প্রাথমিক পরীক্ষানিরীক্ষার পর রিন্টুর অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেন চিকিৎসকেরা। ১৬ মে এই হাসপাতালে তাঁর হিপ রিপ্লেসমেন্টের অস্ত্রোপচার হয়। তারপর থেকে প্রায় এক সপ্তাহ রিন্টুকে হাসপাতালে রেখে পর্যবেক্ষণ করা হয়। গত মঙ্গলবার তাঁকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়। বর্তমানে তিনি বাড়িতে আছেন। রিন্টু দ্রুতই আগের মতো স্বাভাবিকভাবে



চলাফেরা করতে পারবেন বলে চিকিৎসকদের আশা। হাসপাতালের সুপার কৃষ্ণেন্দুবিকাশ বাগ বললেন, বালুরঘাট জেলা হাসপাতালে সম্পূর্ণ হিপ রিপ্লেসমেন্ট সাজারি খুব কম হয়েছে। অনেকদিন আগে একবার আমাদের হাসপাতালে এই অস্ত্রোপচার হয়েছিল। এবারেও অস্ত্রোপচারটি সফল হয়েছে। রোগী সুস্থ রয়েছেন। হাসপাতালের চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মী সকলের প্রচেষ্টায় অস্ত্রোপচারটি সফল হয়েছে বলে তিনি জানান।

## পূর্ত বিভাগের ঘর

**সংবাদদাতা, কোচবিহার :** কোচবিহার পুরসভার পূর্ত বিভাগের বেহাল ঘরের সংস্কার করে কাউন্সিলার ও পুরকর্মীদের জন্য নতুন ঘর তৈরি হল। ১৩ লক্ষ টাকা ব্যয়ে তৈরি হল এই ঘর। কোচবিহার পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ ও তৃণমূল কংগ্রেসের কাউন্সিলাররা এদিন নতুন ঘরের উদ্বোধন করেন। রবীন্দ্রনাথ ঘোষ জানান, ঘরটির বেহাল দশা ছিল। ছাদের চাঙড় খসে পড়ছিল। বসার অযোগ্য ঘরটি নতুন করে সংস্কার করে ব্যবহার হবে। বেহাল ঘরগুলি সংস্কার করে কাজে লাগানো হবে।

# আলিপুরদুয়ার, কোচবিহার থেকে দিঘা ভলভো বাসে ২৫ শতাংশ ছাড়

**সংবাদদাতা, আলিপুরদুয়ার ও কোচবিহার :** উত্তরবঙ্গের ৬টি জেলা সদর থেকে দিঘা জগন্নাথধাম যাওয়ার জন্য ৬টি ভলভো বাসের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই জেলা সদরের তালিকায় নাম রয়েছে আলিপুরদুয়ারেরও। আগামী ৩১ মে শনিবার দিঘার উদ্দেশ্যে যাত্রা শুরু করবে একটি বিলাসবাহুল ভলভো বাস। আর আলিপুরদুয়ারবাসীর এই দীঘা যাত্রাকে সুগম করতে বাসের টিকিটে বিরাট ছাড় দিয়েছে উত্তর বঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম। বৃহস্পতিবার আলিপুরদুয়ার ডিপোতে এক সাংবাদিক সম্মেলনে টিকিটে পঁচিশ শতাংশ ছাড়ের এই খুশির খবর জানান, নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায়। একইভাবে কোচবিহার থেকেও টিকিটে ছাড় দেওয়া হবে ২৫ শাতাংশ বলে জানান তিনি। আলিপুরদুয়ারের সিঞ্চুলা পাহাড়ে অবস্থিত মহাকালধাম দেখতে প্রতি বছর বহু পর্যটক আসেন দক্ষিণবঙ্গ থেকে, তেমনি উত্তরের বহু পর্যটক প্বতি বছর দীঘায় যান বেড়াতে। তবে এবার থেকে দিঘায় বেড়ানোর পাশাপাশি তারা দর্শন করতে



পারবেন নবনির্মিত জগন্নাথধামেরও। এই বাসে মোট সিট থাকছে ৪৫টি। এই বাসটি সপ্তাহে দুদিন মঙ্গলবার ও শনিবার আলিপুরদুয়ার থেকে দুপুর দুটোয় ছেড়ে যাবে দিঘার উদ্দেশ্যে। এই বাসে আলিপুরদুয়ার থেকে দিঘা ও দিঘা থেকে আলিপুরদুয়ার পৌঁছতে প্রায় ১৬ ঘণ্টা সময় লাগবে। আলিপুরদুয়ার থেকে দিঘা পর্যন্ত ভাড়া ধার্য করা হয়েছে ২১৫০ টাকা। কিন্তু জুন মাসের ১৫ তারিখ পর্যন্ত পঁচিশ শতাংশ ছাড় দিয়ে ভাড়া নেওয়া হবে মাত্র ১৬১০ টাকা। পরিবহণ সংস্থা সূত্রে খবর, উত্তরবঙ্গের মধ্যে জলপাইগুড়ি ডিপো থেকে সবার আগে এই পরিষেবা চালু হবে।

আমার বাংলা
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
23 May, 2025 • Friday • Page 8 || Website - www.jagobangla.in


মিসরুবা বিবি ও মামুদ হোসেনের হাতে তুলে দেওয়া হচ্ছে তৃণমূলের পতাকা।

# সিপিএম পঞ্চায়েত সদস্যা জোড়াফুলে

## দখল চর স্বরূপগঞ্জ পঞ্চায়েত

**সংবাদদাতা, নদিয়া :** এবার নদিয়ার নবদ্বীপে বিরোধী দলে ভাঙন। আরও একটি পঞ্চায়েত হাতে আসতে চলেছে তৃণমূলের। নবদ্বীপ বিধানসভার চর স্বরূপগঞ্জ গ্রাম পঞ্চায়েতের বিজেপির সদস্য তৃণমূলে যোগ দেওয়ার কয়েকদিন পরেই এবার সিপিএমের পঞ্চায়েত সদস্য ও তাঁর সিপিএম কর্মী স্বামী যোগ দিলেন তৃণমূলে। এদিন সন্ধ্যায় চর স্বরূপগঞ্জের আঞ্চলিক তৃণমূল কার্যালয়ে জেলা তৃণমূলের সাধারণ সম্পাদক তথা নবদ্বীপ পুরসভার প্রধান বিমানকৃষ্ণ সাহার উপস্থিতিতে যোগ দিলেন মিসরুবা বিবি ও তাঁর স্বামী মামুদ হোসেন। ২৬ আসনের পঞ্চায়েতে তৃণমূলের সদস্য বেড়ে হল ১৪। ফলে এই পঞ্চায়েত সিপিএম ও বিজেপির হাত থেকে তৃণমূলে আসতে চলেছে তা বলাই বাহুল্য। এটি তৃণমূলের দখলে এলে আগামী বিধানসভা নির্বাচনে তৃণমূল বিরোধীদের চেয়ে কয়েক ধাপ এগিয়ে যাবে, মানছেন তৃণমূলের কট্টর বিরোধীরাও। বিমানকৃষ্ণ জানান, এই যোগদান কর্মসূচি আগামী দিনেও অব্যাহত থাকবে। প্রচুর মানুষ মুখ্যমন্ত্রীর উন্নয়নের কর্মসূচিতে যোগ দিতে তৃণমূলে আসতে চাইছেন।

# পিংলায় হান্দোল সমবায় সমিতি পেয়ে গেল তৃণমূল


পেতে চলেছে সমবায়। আনন্দে মাতলেন কর্মীরা।

**সংবাদদাতা, পিংলা :** আবার তৃণমূলের সমবায় নির্বাচনে জয়। পিংলা ব্লকের ৫ নং মালিগ্রাম অঞ্চলের হান্দোল সমবায় সমিতির নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিতল তৃণমূল। নয়টি আসনের সবক'টিই পেয়েছে তারা। ২১ ও ২২ মে হান্দোল সমবায় সমিতির নির্বাচনের মনোনয়ন জমা দেওয়ার দিন ছিল। কোনও বিরোধী প্রার্থী মনোনয়ন জমা না দেওয়ায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করলেন তৃণমূল সমর্থিত প্রার্থীরা। নমিনেশনের সময় পেরিয়ে যেতেই সবুজ আবির মেখে বিজয় মিছিল করল তৃণমূল। ছিলেন ৫ নং মালিগ্রাম অঞ্চলের সভাপতি তফেজ্জলদিন, ঘাটাল সাংগঠনিক জেলার যুব তৃণমূল সাধারণ সম্পাদক মানিক খান, অষ্টম প্রামাণিক, আসাদুল খান, অমিয় প্রধান, আইএনটিটিইউসি সভাপতি প্রশান্ত চক্রবর্তী, দেবাশিস ভট্টাচার্য, শেখ মাজারুল, নিমাই সিং প্রমুখ। ছিলেন বিশিষ্ট অঞ্চল ও ব্লক নেতৃত্বও। পিংলা ব্লক তৃণমূল সভাপতি শেখ সবেরাতির নির্দেশে এই দু'দিন অঞ্চলের নেতৃত্বের উপস্থিতিতে নমিনেশন সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে শেষ হয়। এই জয় মানুষের জয় বলে জানান নেতৃত্ব। মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে মানুষ আছে, তা আবার প্রমাণিত হল।

# নোড়া দিয়ে দুই ছেলেকে থেঁতলে খুন করলেন মা

**প্রতিবেদন :** রাগের মাথায় নোড়া দিয়ে থেঁতলে নিজের দুই সন্তানকে খুনের অভিযোগ মায়ের বিরুদ্ধে। নাম মৌসুমি মজুমদার (৪০), ডাকনাম রিঙ্কু। বুধবার সন্ধের ঘটনা, করিমপুর থানার আনন্দপল্লির মধ্যপাড়ায়। অভিযুক্তকে আটক করেছে করিমপুর থানার পুলিশ। স্থানীয় সূত্রে খবর, অভিযুক্ত মহিলা মানসিক ভারসাম্যহীন। ছেলেরা স্নান করতে না চাওয়াতেই নাকি রাগে নোড়া দিয়ে মেরেছেন। সূর্যদেব মজুমদার স্ত্রী রিঙ্কু ও দুই ছেলেকে নিয়ে ভাড়া থাকতেন। বড় ছেলে বুদ্ধদেবের বয়স ১২ এবং ছোট ছেলে অর্ঘ্যদেব ওরফে জোজোর আট। গতকাল বিকেলে সূর্য বাড়ি ফিরে দেখেন দুই সন্তান রক্তাক্ত অবস্থায় মেঝেতে পড়ে। তাঁর চিৎকারে প্রতিবেশীরা ছুটে আসেন। সেই সময় রিঙ্কু পালিয়ে যায়। দুই সন্তানকে করিমপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবস্থার অবনতি হওয়ায় তাদের বহরমপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। যাওয়ার পথেই ছোট ছেলে অর্ঘ্যদেবের মৃত্যু হয়। বৃহস্পতিবার হাসপাতালে মৃত্যু হয় বড় ছেলেরও।


অভিযুক্ত মা মৌসুমি মজুমদার।

স্থানীয়দের দাবি, রিঙ্কি শিলনোড়া দিয়ে থেঁতলে খুন করেছে। ঘটনার পর সে পলিয়েছিল। সকালে বাড়ি ফিরতেই স্থানীয়রা আটকে পুলিশকে খবর দেয়। স্থানীয়দের প্রশ্নের মুখে পড়ে অসংলগ্ন উত্তর দিতে থাকে রিঙ্কু। জানায়, ''ছেলেরা স্নান করতে চাইত না একদম... আমি তো ওদের ভালবাসি!''

সূর্য জানান, বাড়িতে প্রায়ই ছেলেদের সঙ্গে খারাপ ব্যবহার করত স্ত্রী রিঙ্কু। তবে কেন এভাবে ছেলেদের থেঁতলে মারল সেটা বুঝে উঠতে পারছেন না।

তেহট্টের মহকুমা পুলিশ আধিকারিক শুভতোষ সরকার জানান, দুটি ছেলেরই মৃত্যু হয়েছে। কেন এভাবে খুন তদন্ত করে দেখছে পুলিশ। মহিলার মানসিক সমস্যার প্রমাণ পাওয়া যায়নি। তবে মাথা খুব গরম।

# চটুল গানে বাম নেতার নাচের ভিডিওয় শোরগোল

**সংবাদদাতা, বাঁকুড়া :** চটুল গানে মহিলাকর্মীদের সঙ্গে কোমর দুলিয়ে নাচ, দুই বাম যুব নেতা অভীক মিশ্র ও শুভেন্দু মণ্ডলের ভিডিও ভাইরাল হতেই শোরগোল। পিছনে গণতান্ত্রিক যুব ফেডারেশন লেখা ফ্লেক্স। পাশে শহিদ যুব নেতা মইদুল মিদ্যার কাট আউট। আর তার সামনেই চটুল গানের তালে দুই যুব মহিলা কর্মীর সঙ্গে কোমর দুলিয়ে নাচছেন বাঁকুড়া জেলার দুই যুব নেতা। ওই দুই নেতা ভিডিওটিকে রাজনৈতিক উদ্দেশ্যে বিকৃত করা হয়েছে বলে দাবি করেছেন।

সুশান্ত ঘোষ থেকে বংশগোপাল চৌধুরি— একের পর এক সিপিএম নেতার ভিডিও ভাইরাল হয়েছে। যার জেরে ওই দুই নেতার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে দল। তার রেশ কাটতে না কাটতে এবার বাঁকুড়ার দুই ডিওয়াইএফআই জেলা নেতার ভিডিও ভাইরাল হল। অভীকের দাবি, তাঁদের সংগঠনে নাচগান নিষিদ্ধ নয়। বিভিন্ন কর্মসূচিতে তা হয়েই থাকে। তবে এই ভিডিওতে রাজনৈতিক উদ্দেশ্যে একটি চটুল গান যুক্ত করে তা সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়েছে।

# বর্ধমানের রাজবাটি এলাকায় ভয়াবহ আগুন, আহত তিন



**সংবাদদাতা, বর্ধমান :** বর্ধমানের জনবহুল রাজবাটি উত্তর ফটক এলাকায় বর্ধমানের মহিলা কলেজের পাশে ফুড স্টল-সহ একাধিক দোকানে ভয়াবহ আগুন লাগল বৃহস্পতিবার সন্ধ্যায়। মুহূর্তের মধ্যে আগুন ছড়িয়ে পড়ে একাধিক দোকানে। ফলে ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় দমকল ও বর্ধমান থানার পুলিশ। যান বর্ধমান দক্ষিণের তৃণমূল বিধায়ক খোকন দাস। খোকন জানিয়েছেন, এই ঘটনায় বিদ্যুৎ দফতরের তিন কর্মী আহত হন। তাঁদের হাসপাতালে পাঠানো হয়েছে। একটি সাইকেল সারাইয়ের দোকান থেকে আগুন ছড়িয়ে পড়ে। ওই দোকানে বেআইনিভাবে দাহ্য তরল মজুত করা ছিল বলে অভিযোগ স্থানীয় ব্যবসায়ীদের। আগুনে এলাকার বিদ্যুৎ সরবরাহকারী ট্রান্সফরমারের পাশাপাশি টেলিফোন সংযোগকারী মেশিনারির প্রভূত ক্ষতি হয়েছে।

# হারিয়ে যাওয়া মাছের খোঁজে বিডিওর প্রয়াস

**দেবব্রত বাগ • ঝাড়গ্রাম**

অতি পরিচিত মৌরলা, পুঁটি, চ্যাং, প্যাকাল, শিঙির মতো মাছ আজ বাঙালির থালায় প্রায় দেখা যায় না। এদের ফিরিয়ে আনতে ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকে শুরু হয়েছে অভিনব উদ্যোগ। বিডিও নীলোৎপল চক্রবর্তীর নেতৃত্বে অফিসচত্বরে থাকা প্রায় মজা পুকুরে শুরু হয়েছিল পরীক্ষামূলক মাছচাষ। পরিবেশবান্ধব এক সফল মডেল হয়ে উঠেছে। দু'বছর আগে বিডিও অফিসে যোগদানের পরই নীলোৎপল লক্ষ্য করেন, অফিস ক্যাম্পাসের পুকুরটি কচুরিপানায় ঢেকে। তিনি পুনর্জীবিত করে লুপ্তপ্রায় মাছের চাষ, পাশাপাশি হাঁসপালন, সবজিচাষও শুরু করেন। হাঁসের সংখ্যা এখন প্রায় ১৫। পুকুরের পাশেই সবজি বাগানে বেগুন, কুমড়ো, উচ্ছে, গাজর, কলমি, পুঁই চাষ করছেন অফিসের কর্মীরাই। গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন বিডিও অফিসের মৎস্য দফতরের এক্সটেনশন অফিসার দীপক সেনাপতি এবং কর্মী দীপেশ দে। তাঁদের সম্মিলিত চেষ্টায় আজ পুকুরে এক কুইন্টালেরও বেশি মাছ রয়েছে। নিয়মিত যত্ন নেওয়া হয়। সাফল্য দেখে পরিবেশ দফতরও এগিয়ে এসেছে। অফিস থেকে দূরে বেলিয়াবেড়ার একটি বড় পুকুরকে ঘিরে তৈরি হয়েছে আরও একটি প্রাকৃতিক অভয়াশ্রম। ছাড়া হয়েছে সাত থেকে আট রকমের লুপ্তপ্রায় মাছ—পুঁটি, পাবদা, চেলা, শিঙি, খোলসা, ল্যাটা, মৌরলা প্রভৃতি। জলজ পরিবেশ বজায় রাখতে পুকুরে লাগানো হয়েছে থানকুনি, লিলি, নল, হিলিংচা, খাগর কলমির মতো উদ্ভিদ। বর্ষাকালে এই পুকুরের জল ছড়িয়ে পড়বে চারপাশের জমিতে, আর তার সঙ্গেই মাছ ছড়িয়ে পড়বে প্রাকৃতিক ভাবে।


বিডিও নীলোৎপল চক্রবর্তী।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

# আমার বাংলা

23 May, 2025 • Friday • Page 9 || Website - www.jagobangla.in

৯
২৩ মে
২০২৫
শুক্রবার


শান্তিপুরে মতুয়াদের অনুষ্ঠানে অংশ নিয়েছিল এক কিশোর। প্রথা অনুযায়ী অনুষ্ঠান শেষে কাদা মাখতে হয় এবং স্নান করতে হয়। তাতেই বিলে স্নান করতে নেমে জলে ডুবে মৃত্যু হয় কিশোরের। নাম আকাশ দেবনাথ, বয়স আনুমানিক ১৫

## পড়ুয়ার মর্মস্পর্শী সুইসাইড নোট

# মা আমি চুরি করিনি

**প্রতিবেদন :** পড়ুয়ার মর্মস্পর্শী সুইসাইড নোট। তাতে সে লিখে গেল, মা আমি চুরি করিনি। তার মৃত্যু রেখে গেল অসংখ্য প্রশ্ন।

ঘটনা পাঁশকুড়ার গোঁসাইবের বাজারের। অভিযোগ, সপ্তম শ্রেণির পড়ুয়া একটি দোকান থেকে নাকি কুরকুরের প্যাকেট চুরি করেছে। এই অভিযোগে তাকে দোকান মালিক শুভঙ্কর মাইতি সকলের সামনে কান ধরে ওঠবোস করায়, সেই সঙ্গে মারধরও করা হয়। ঘটনার সময় বারবার সেই ছাত্রটি বলেছে, সে চুরি করেনি। কুড়িয়ে পেয়েছে।



কিন্তু তার কথা শোনা হয়নি। সকলের সামনেই তাকে অপমানিত করে দোকান মালিক, যে কিনা আবার সিভিক ভলান্টিয়ারও। অপমানিত পড়ুয়া বাড়িতে গিয়ে কাঁচা হাতে একটি সুইসাইড নোট লেখে। যাতে সে লিখেছে, 'মা আমি বলে যাচ্ছি যে আমি কুরকুরেটি রাস্তার ধারে কুড়িয়ে পেয়েছিলাম। চুরি করিনি।' তারপরেই মর্মান্তিক মৃত্যুর ঘটনা।

ঘটনার জেরে গোঁসাইবের এলাকায় প্রবল উত্তেজনা, একইসঙ্গে শোকের ছায়া। অভিভাবক জানিয়েছেন, চিপস কিনতে বেরিয়েছিল কৃষ্ণেন্দু। দোকানদারকে বারবার ডেকেও সাড়া পায়নি। শেষে একটি চিপসের প্যাকেট পড়ে থাকায় তা কুড়িয়ে নেয়। বাড়ি ফেরার সময় দোকানের মালিক বাইক নিয়ে তার পিছনে তাড়া করে এবং ভরা বাজারের মধ্যে চিপস চুরি করার অপরাধে মারধর এবং কান ধরে ওঠবোস করায়। ঘটনাস্থলে কৃষ্ণেন্দুর মা পৌঁছে



তাকে বকঝকা করে চিপসের দাম মিটিয়ে বাড়িতে ফিরিয়ে আনেন। কিন্তু অপমানের জ্বালায় কিছুক্ষণ পরেই সপ্তম শ্রেণির পড়ুয়া কীটনাশক খায়। হাসপাতালে নিয়ে গেলে তার মৃত্যু হয়। প্রশ্ন, কেন কোনও একজনের বিকৃত মানসিকতার শাস্তি পেতে হবে একটি পড়ুয়াকে? এটা কোন সমাজ? এতটুকু সহনশীলতা থাকবে না? কড়া শাস্তির দাবি উঠেছে।

## রেশন ব্যবস্থার হাল দেখতে মাঠে চিন্ময়ী

**সংবাদদাতা ঝাড়গ্রাম :** জেলার মানুষ ঠিকমতো রেশন সামগ্রী পাচ্ছেন কি না, ডিলারদের বিরুদ্ধে কোনও অভিযোগ আছে কি না, তা সরেজমিনে খতিয়ে দেখতে উদ্যোগ নিল ঝাড়গ্রাম জেলা পরিষদ। পরিষদের সভাধিপতি চিন্ময়ী মারাণ্ডির নেতৃত্বে একটি প্রতিনিধি দল সম্প্রতি জেলার বিভিন্ন রেশন দোকান পরিদর্শন শুরু করেছে। দলে ছিলেন জেলা খাদ্য কর্মাধ্যক্ষ ও খাদ্য দফতরের আধিকারিকেরা। মূল লক্ষ্য— রেশন বণ্টন ব্যবস্থায় কোনও অনিয়ম হচ্ছে কি না, গ্রামীণ মানুষেরা সঠিক পরিমাণে খাদ্যসামগ্রী পাচ্ছেন



কি না, কিংবা বায়োমেট্রিক ব্যবস্থায় কোনও সমস্যার মুখে পড়ছেন কি না, তা জানা। দোকানগুলিতে গিয়ে স্থানীয় রেশন গ্রাহকদের সঙ্গে কথা বলছেন প্রতিনিধি দল। শুনছেন তাদের মতামত, অভিযোগ ও অভিজ্ঞতা। জেলা পরিষদের সভাধিপতি চিন্ময়ী মারাণ্ডির নেতৃত্বে একটি টিম ঝাড়গ্রাম ব্লকের বাঁধগোড়া অঞ্চলের দুটি রেশন দোকান পরিদর্শনে যায়। সেখানে তিনি রেশন সামগ্রীর গুণমান, পরিমাণ ও পরিষেবা নিয়ে গ্রাহকদের সঙ্গে কথা বলেন। পরিদর্শনের পর সভাধিপতি জানান, "আমরা জেলার প্রতিটি ব্লকে রেশন দোকান ঘুরে দেখব। প্রথম পরিদর্শনে তেমন কোনও অভিযোগ পাওয়া যায়নি। মানুষের সঙ্গে সরাসরি কথা বলেই আমরা প্রকৃত চিত্রটি জানতে পারছি।" জেলা খাদ্য দফতরের এক আধিকারিক বলেছেন, জেলা পরিষদের এই উদ্যোগ অত্যন্ত ইতিবাচক।

## অসুস্থ স্বামীকে খুন

■ কাঁটাপাহাড়ি গ্রামের এক দম্পতির পারিবারিক বিষয়কে নিয়ে বাদানুবাদ হয়। যার জেরে স্ত্রী মায়া মালের (৫৭) হাতে খুন হন স্বামী জিতেন মাল (৬০)। জিতেন দীর্ঘদিন ধরেই অসুস্থ ছিলেন। আজ হঠাৎ তাঁদের কথা কাটাকাটির সময় মায়া কাটারি দিয়ে স্বামীর গলায় আঘাত করায় লুটিয়ে পড়েন তিনি। ছাতনা থানায় লিখিত অভিযোগ করেন ছেলে উজ্জ্বল মাল। পুলিশ অভিযুক্ত ওই মহিলাকে গ্রেফতার করেছে।

## আটক বালির ট্রাক

■ গোপন সূত্রে খবর পেয়ে দুবরাজপুর থানার ওসি মনোজ সিংহের নেতৃত্বে নিয়ম বহির্ভূতভাবে পাচার হওয়া বালির ট্রাক আটক পুলিশের হাতে। অজয় থেকে এই ১৮ চাকার ডাম্পারটি কাগজপত্র ছাড়াই বালি পাচার করছিল। পুলিশ খবর পেয়ে আটক করে এবং বৈধ কাগজপত্র না থাকায় ট্রাকচালককে গ্রেফতার করে।

## কুৎসার তীব্র প্রতিবাদ জেলা ক্রীড়া সংস্থার




■ বীরভূম জেলা ক্রীড়া সংস্থার সাংবাদিক সম্মেলন। বৃহস্পতিবার।

**সংবাদদাতা, সিউড়ি :** বোলপুরে একটি অনুষ্ঠানে নবীন প্রজন্মের ক্রিকেটারদের উৎসাহ দিতে এসেছিলেন প্রাক্তন ভারত অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়। তাই নিয়ে বিজেপির সাংসদ সুকান্ত মজুমদার অপপ্রচারে নামেন। তার কড়া জবাব দিলেন বীরভূম জেলা ক্রীড়া সংস্থার সভাপতি বিদ্যাসাগর সাউ। বলেন, বোলপুরের অনুষ্ঠানে সৌরভের যোগদান নিয়ে বিজেপি সাংসদ যে অপপ্রচার ও মিথ্যাচার করে ওঁকে অসম্মান করেছেন, আমরা তার তীব্র ধিক্কার জানাই। সেদিনের মঞ্চে ছিলেন মন্ত্রী চন্দ্রনাথ সিংহ, জেলাশাসক বিধান রায়, রাজ্য গ্রামীণ উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান অনুব্রত মণ্ডল, সাংসদ অসিত মাল এবং সিএবির পদাধিকারীরা। সুকান্তর বক্তব্য, সৌরভ নাকি মমতা বন্দ্যোপাধ্যায়ের হয়ে রাজনৈতিক প্রচার করছেন! ওঁর এই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। কারণ বীরভূম জেলা ক্রীড়া সংস্থা একটি অরাজনৈতিক সংস্থা। এখানে কোনও রাজনৈতিক দলের প্রচার করা হয় না। সৌরভ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্রিকেটার। বর্তমানে আইসিসির চেয়ারম্যান। তাঁকে নিয়ে বিজেপি যে ধরনের নোংরা রাজনীতি করতে চাইছে, আগামী দিনে বাংলার মানুষ তার যোগ্য জবাব দেবে। সুকান্ত বালুরঘাটের সাংসদ হওয়া সত্ত্বেও বালুরঘাট ক্রিকেট উন্নয়নের জন্য কোনও কাজ করেন না। উল্টে আমরা কাজ করছি, উনি কুৎসা করছেন।

তৃণমূলের বক্তব্য, আইপিএলের ম্যাচ কলকাতা থেকে সরিয়ে নিয়ে যাওয়া প্রসঙ্গে ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস বৃহস্পতিবার রাজ্যের অবস্থান স্পষ্ট করে দিয়েছেন। এর সঙ্গে নিরাপত্তা কিংবা আবহাওয়ার যে কোনও সম্পর্ক নেই তার তথ্য তুলে দেখিয়ে দিয়েছেন। কেন্দ্রের মন্ত্রী সুকান্ত মজুমদার এনিয়ে এক্স-হ্যান্ডেলে লিখেছিলেন মুখ্যমন্ত্রী এবং সৌরভকে জড়িয়ে। কিন্তু সেই পোস্ট কেন হঠাৎই মুছে দেওয়া হল, তার কারণ সবিস্তার ব্যাখ্যার দাবি জানান মুখপাত্র কুণাল ঘোষ।

## নিরাপত্তা নিয়ে পড়াশোনার নয়া কোর্স

**প্রতিবেদন :** জাতীয় নিরাপত্তা নিয়ে পড়াশোনার প্রতি ঝোঁক ক্রমশ বাড়ছে নতুন প্রজন্মের। চালু হয়েছে এই বিষয়ে একাধিক ডিপ্লোমা ও ডিগ্রি কোর্স। এ-রাজ্য থেকে ৩৫ জন গুজরাতের রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয়ে সাইবার ক্রাইম নিয়ে স্নাতক হয়েছেন। বৃহস্পতিবার কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিকদের একথা জানান রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অবিনাশ খারেল। তিনি বলেন, অরুণাচল প্রদেশে নতুন হওয়া রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের নিরাপত্তা বিষয়ক একাধিক ডিপ্লোমা ও ডিগ্রি কোর্সের ভর্তির সংখ্যা বেশ আশানুরূপ। বাংলায় আমরা কলকাতা পুলিশের সঙ্গে কাজ করেছি। আগামী দিনে এই নিয়ে আরও কাজ করতে চাই।

# কর্মসংস্থান পোর্টালের মাধ্যমেই কারখানায় হবে নিয়োগ : ঋতব্রত

**সংবাদদাতা, দুর্গাপুর :** কর্মসংস্থান পোর্টাল চালু হওয়ায় তৃণমূলের বেশ কিছু লোক ঝান্ডা নিয়ে প্রতিবাদ করেছিল। তার মানে ঢিলটা ঠিক জায়গায় লেগেছিল। শ্রমিক সংগঠনের একটি অংশকে ধুইয়ে দিলেন তৃণমূল শ্রমিক সংগঠনের সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার বিকেলে দুর্গাপুরের সিধু কানহু ইন্ডোর স্টেডিয়ামে তৃণমূল শ্রমিক সংগঠনের কার্যালয়ে নবনিযুক্ত দুর্গাপুরের তৃণমূল শ্রমিক সংগঠনের কোর কমিটির সদস্যদের নিয়ে বৈঠক করেন তৃণমূল শ্রমিক সংগঠনের রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায় এবং বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তী। ঋতব্রত বলেন, তৃণমূল শ্রমিক সংগঠনের কোর কমিটি এবার দুর্গাপুরের শ্রমিক সংগঠন পরিচালনা করবে। মাসে




■ বৈঠকে ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, নরেন্দ্রনাথ চক্রবর্তী প্রমুখ।

তিনবার করে বৈঠক হবে। শ্রমিকেরা যাতে সঠিক সুযোগ-সুবিধা পান সেদিকে বিশেষ নজরদারি চালানো হবে। কারখানা কর্তৃপক্ষের কাজে হস্তক্ষেপ করতে পারবে না শ্রমিক সংগঠন। কারখানায় যা লোক নিয়োগ করা হবে সবই কর্মসংস্থান পোর্টালের মাধ্যমে। কারখানা কর্তৃপক্ষকেও জানানো হবে কোর কমিটির যদি কোনও সদস্য কোনও অনৈতিক দাবি করে, তাহলে আমাকে সরাসরি জানানোর জন্য। নির্দিষ্ট অভিযোগ এলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## জেলা পরিষদের বাড়ি

**সংবাদদাতা, বর্ধমান :** রাজ্যের মধ্যে সম্ভবত প্রথম পূর্ব বর্ধমান জেলা পরিষদ বাংলার বাড়ি প্রকল্পের অনুকরণে জেলার প্রায় ২০০ পরিবারকে বাড়ি তৈরি করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে জেলা পরিষদের অর্থ স্থায়ী সমিতি। জেলা পরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার জানিয়েছেন, মুখ্যমন্ত্রী বাংলার বাড়ি প্রকল্পে বাড়ি তৈরি করে দিচ্ছেন। কেন্দ্রের বঞ্চনা সত্ত্বেও দ্বিতীয় কিস্তির টাকাও তিনি দিয়েছেন। তবে পূর্ব বর্ধমানে অনেক মানুষ রয়েছেন, যাঁরা বাড়ি প্রকল্পে নাম নথিভুক্ত করতে পারেননি। তাঁদের জন্য জেলা পরিষদ প্রথম ধাপে প্রায় ২০০ জনকে বাড়ি করে দিতে চলেছে।

## অনলাইনে জালিয়াতি, ধৃত

**প্রতিবেদন :** মোবাইলের মাধ্যমে অনলাইনে টাকা হাতানোর অভিযোগে ছত্তিশগড় পুলিশের হাতে গ্রেফতার পূর্ব মেদিনীপুরের এগরার শুভঙ্কর বারুই (৩২)। ২০২৩ সালে ছত্তিশগড়ের তেলিবাঁধ এলাকার এক ব্যবসায়ীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে আচমকা দু'লক্ষ টাকা গায়েব হয়ে যায়। তদন্তে জানা যায়, অভিযুক্তের বাড়ি এগরায়। এরপর বৃহস্পতিবার ভোরে শুভঙ্করকে গ্রেফতার করে।

আমার বাংলা
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
23 May, 2025 • Friday • Page 10 || Website - www.jagobangla.in

## বাঁধ পরিদর্শন



সংবাদদাতা, রায়গঞ্জ : বৃহস্পতিবার কালিয়াগঞ্জের বাগচা গ্রামে নদীবাঁধ পরিস্থিতি পরিদর্শন করলেন জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ নিতাই বৈশ্য। ছিলেন জেলা পরিষদের অপর সদস্য রামদেব সাহানী-সহ অন্যরা। উল্লেখ্য, কয়েকদিনের টানা বৃষ্টিতে জলস্তর বেড়ে গিয়েছে কালিয়াগঞ্জ ব্লকের টাঙ্গন, শ্রীমতী-সহ অন্যান্য নদনদীর। প্রতিবছর বর্ষার সময়ে রাধিকাপুরের অঞ্চলের বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হয়ে পড়ে। এমনকী রাধিকাপুরের টাঙ্গন নদীর ঘেঁষা বাগচা গ্রামও জলের তলায় চলে যায়। এই পরিস্থিতিতে বন্যার সময় সব চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় এই গ্রামটি।

## রাজনৈতিক চক্রান্তেই

(প্রথম পাতার পর)

কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা ও ক্রীড়া দফতরের প্রধান সচিব রাজেশ সিনহাকে পাশে বসিয়ে সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী তোপ দাগেন কেন্দ্র ও বিসিসিআই-এর বিরুদ্ধে। সিএবি-কে পাঠানো দিল্লির মৌসম ভবনের চিঠি দেখিয়ে ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, সুকান্তবাবু বলছেন আইনশৃঙ্খলা। বিসিসিআই বলছে আবহাওয়া। কে সত্যি বলছে! বাংলার মানুষকে বঞ্চিত করা হচ্ছে। কেন বাংলার মানুষকে বঞ্চিত করা হল? কেন্দ্রীয় আবহাওয়া দফতর বলছে, জুনের প্রথম সপ্তাহে ফাইনালের দিন কলকাতায় বৃষ্টি হবে কি না, তার পূর্বাভাস এক সপ্তাহ আগে দেওয়া যায়। তার আগে নয়। তাহলে এর পিছনে রহস্য কী? ভারতে যতগুলো ক্রিকেট স্টেডিয়াম আছে তার মধ্যে ইডেনের জলনিকাশি ব্যবস্থা সবচেয়ে ভাল। আর কোনও স্টেডিয়ামে এত ভাল ব্যবস্থা নেই। রাজনৈতিক উদ্দেশ্যে ম্যাচ সরানো হয়েছে। গত চার বছরে তিনবার ফাইনাল হয়েছে আমেদাবাদে। কেন বারবার ওখানেই ফাইনাল হয়? সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যে ম্যাচ সরানো হয়েছে।

কেন্দ্রকে একহাত নিয়ে ক্রীড়ামন্ত্রী বলেন, চক্রান্ত করে রাজ্যের উন্নয়ন আটকে দেওয়ার চেষ্টা চলছে। কেন্দ্র আমাদের ১ লক্ষ ৮৭ হাজার কোটি টাকা আটকে রেখেছে। ১০০ দিনের কাজের টাকা দিচ্ছে না। এখন অন্যায় অজুহাতে আইপিএল ফাইনাল সরিয়ে নেওয়া হচ্ছে। এই বঞ্চনার জবাব বাংলার মানুষ অতীতেও দিয়েছে, আগামী দিনেও দেবে। ভারতীয় ক্রিকেটের ৯৩ বছরের ইতিহাসে আবহাওয়ার অজুহাতে ফাইনাল সরিয়ে নেওয়ার নিদর্শন নেই। বিসিসিআই যদি এতই আবহাওয়া বিশেষজ্ঞ হয়, তাহলে এবারের আইপিএলে তিনটি ম্যাচ বৃষ্টিতে ভেস্তে গেল কেন? এর জবাব দিক বিসিসিআই।

আইনশৃঙ্খলার কারণ উড়িয়ে কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা বলেন, আইনশৃঙ্খলার কথা বলা হচ্ছে। কলকাতায় ৯টা ম্যাচের মধ্যে ৭টা আইপিএলের ম্যাচ হয়েছে। কোনও সমস্যা হয়নি। রামনবমীর কারণে একটি ম্যাচের শুধু দিন পরিবর্তন হয়েছিল। কারণ, সেখানে মানুষের নিরাপত্তাজনিত ব্যাপার ছিল। কিন্তু সাতটা ম্যাচে কোনও সমস্যা হয়নি।

# বিজেপি নেতারা দলে দলে যোগ দিলেন তৃণমূল কংগ্রেসে

সংবাদদাতা, আলিপুরদুয়ার : দলে সমন্বয়ের অভাব। লেগে রয়েছে গোষ্ঠীদ্বন্দ্ব। একের পর এক অভিযোগ তুলে বিজেপি ছাড়লেন একের পর এক বিজেপি নেতা। হাতে তুলে নিলেন তৃণমূল কংগ্রেসের পতাকা। বৃহস্পতিবার আলিপুরদুয়ারে। এদিন কুমারগ্রাম ব্লক, আলিপুরদুয়ার ২ নম্বর ব্লক ও ১ নম্বর ব্লকের বেশ কিছু নেতা-কর্মী বিজেপির প্রতি অনাস্থা প্রদর্শন করে দল ছাড়েন। বৃহস্পতিবার তৃণমূলের আলিপুরদুয়ার জেলা কার্যালয়ে, জেলা সভাপতি প্রকাশ চিক বরাইক-সহ একাধিক জেলা নেতৃত্বের উপস্থিতিতে তৃণমূলের দলীয় পতাকা হাতে নিয়ে তৃণমূলে যোগদান করেন তাঁরা। তাঁদের অভিযোগ, বিজেপিতে থেকে কোনওরকম জনকল্যাণমূলক কাজ করতে পারছিলেন না তাঁরা। তাঁরা আরও বলেন, বিজেপি মানুষকে কাজ দেয় না, কাজ কেড়ে নেয়। বিজেপিতে শুধু জাতপাত নিয়ে রাজনীতি চলে, তাই বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান করা।




■ যোগদানকারীদের হাতে দলীয় পতাকা তুলে দিচ্ছেন প্রকাশ চিক বরাইক।

## অজগর উদ্ধার



সংবাদদাতা, জলপাইগুড়ি : চা-বাগান থেকে উদ্ধার হল ১২ ফুটের অজগর। বৃহস্পতিবার জলপাইগুড়ির মাটিয়ালি ব্লকের কিলকোট চা- বাগানের ৩৩ নম্বর সেকশনে কাজ চলাকালীন শ্রমিকদের চোখে পড়ে বিশাল আকারের অজগরটি। হঠাৎ এমন দৃশ্য দেখে আতঙ্ক ছড়িয়ে পড়ে শ্রমিকদের মধ্যে। তড়িঘড়ি খবর দেওয়া হয় স্থানীয় সাপপ্রেমী দিবস রাইকে। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কাজে নামেন দিবস। বেশ কিছুক্ষণ চেষ্টার পর প্রায় ১২ ফুট লম্বা একটি ইন্ডিয়ান রক পাইথন সাফল্যের সঙ্গে উদ্ধার করেন তিনি। ঘটনাটি জানাজানি হতেই কৌতূহলী শ্রমিক ও স্থানীয়দের ভিড় জমে যায় ঘটনাস্থলে। দিবস জানান, অজগরটি সম্পূর্ণ সুস্থ রয়েছে এবং তাকে বন দফতরের হাতে তুলে দেওয়া হবে। বনকর্মীরা প্রাথমিক পর্যবেক্ষণের পর সেটিকে গরুমারা বা আশপাশের কোনও জঙ্গলে ছেড়ে দেবে। বন দফতর সূত্রে খবর, বর্ষাকালে সাপেদের গর্তে জল ঢুকে যাওয়ায় তারা লোকালয়ের দিকে চলে আসে। সাধারণ মানুষকে সতর্ক থাকার পাশাপাশি অযথা আতঙ্ক না ছড়ানোর পরামর্শও দিয়েছে বন দফতর।

# মুখ্যমন্ত্রীর নির্দেশে বীরভূমে জোরদার নাকা চেকিং

সংবাদদাতা, সিউড়ি : মুখ্যমন্ত্রীর নির্দেশ পেয়েই বীরভূমে জেলা জুড়ে জোরদার হয়েছে নাকা চেকিং। এই নাকা চেকিং-এর দায়িত্বে ডিএসপি ডিএনটি অয়ন সাধু, আইসি সিউড়ি সঞ্চয়ন বন্দ্যোপাধ্যায়। জেলায় জেলায় পুলিশের টহলদারি ভ্যানের সংখ্যা আরও বাড়াতে হবে কারণ সাধারণ মানুষের নিরাপত্তা রাজ্য সরকারের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। পাশাপাশি বেশ কিছু জেলা আছে যার একদিকে বাংলাদেশ, অপরদিকে ঝাড়খণ্ডের মতো সীমান্ত রয়েছে। তেমনই নিরাপত্তার দিক দিয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ জেলা বীরভূম। বীরভূমের পাশেই রয়েছে ঝাড়খণ্ড এবং বীরভূম জেলা পুলিশের নয়টি গুরুত্বপূর্ণ থানা এই ঝাড়খণ্ড সীমান্তবর্তী এলাকার আওতাভুক্ত। বীরভূম জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে, সাম্প্রতিক বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে এই নয়টি থানাকে সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়েছে। এই নয়টি থানার মধ্যে বিশেষত একদম ঝাড়খণ্ড সীমান্ত লাগোয়া মুরারই, কাকরতলা, নলহাটি, রামপুরহাট, রাজনগর এই ছ'টি থানা আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বীরভূম জেলার নিরাপত্তা সুনিশ্চিত করতে। স্থানীয় মানুষদের সচেতন করতে বিভিন্নরকম সচেতনতামূলক ব্যবস্থা নিয়েছে থানাগুলো। যেমন সন্ধ্যের দিকে জনবহুল বাজারে পুলিশি টহলদারি থাকবে, একটু রাত বাড়লে থানাগুলোর পুলিশি টহলদারি ভ্যান এলাকায় এলাকায় নজরদারি চালাবে, সংশ্লিষ্ট থানার একটি ফোন নম্বর এলাকার ব্যবসায়ীদের কাছে দেওয়া থাকবে। যদি সন্দেহজনক বা অপরিচিত কোনও ব্যক্তিকে এলাকায় দেখা যায় তবে সঙ্গে সঙ্গে সেই নম্বরে থানায় খবর দিতে হবে। ঝাড়খণ্ড লাগোয়া সীমান্তবর্তী এলাকা থেকে যে বেসরকারি বাসগুলো যাত্রী নিয়ে বীরভূমের বিভিন্ন শহরে আসে সেই বাসগুলোতেও অতিরিক্ত নজরদারি চালাবে পুলিশ। বীরভূম জেলার বুক চিরে ১৪ নম্বর জাতীয় সড়ক যেটা রানিগঞ্জ হয়ে মোড়গ্রামকে কেন্দ্র করে উত্তরবঙ্গ চলে যাচ্ছে, সেই জাতীয় সড়কের ওপরে রাত্রিকালীন একাধিক যাত্রীবাহী সরকারি এবং বেসরকারি বাস আনাগোনা করে। বীরভূমের পুলিশ সুপার শ্রী আমনদীপ জানিয়েছেন, প্রত্যেকদিন যদি উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ এবং দক্ষিণবঙ্গ থেকে উত্তরবঙ্গমুখী সরকারি এবং এই ভলভো বাসগুলোকে নিরাপত্তার খাতিরে নাকা চেকিংয়ে দাঁড় করানো হয় তাহলে বাসের যাত্রীরা বিরক্ত হতে পারে।



■ বীরভূমের পুলিশ সুপার শ্রী আমনদীপ

## প্রহৃত শ্বশুর

সংবাদদাতা, আলিপুরদুয়ার : পারিবারিক সমস্যা মেটাতে মেয়ের বাড়িতে গিয়ে জামাই ও জামাইয়ের বাবার হাতে প্রহৃত শ্বশুর, শাশুড়ি ও শ্যালক। বাবাকে বাঁচাতে গিয়ে হাতে ধারালো অস্ত্রের কোপ খান মেয়ের ভাই। মারধরের ঘটনার পর পুলিশে অভিযোগ দায়ের করেন মেয়ের মা।

# আইপিএস অফিসার সেজে বিয়ে, পর্দাফাঁস হতেই শ্রীঘরে যুবক

সংবাদদাতা, রায়গঞ্জ : সোশ্যাল মিডিয়ায় নিজেকে আইপিএস অফিসার পরিচয় দিয়ে প্রেমের ফাঁদ। এরপর বিয়ে। কিছুদিন পর থেকেই স্ত্রীকে অত্যাচার। অবশেষে পর্দাফাঁস। বর্তমানে শ্রীঘরে ঠাঁই যুবকের। রায়গঞ্জের ঘটনা। ধৃতের নাম হৃদয়দেব বসাক। অভিযোগকারী স্ত্রী শম্পা দাস। স্বামীর অত্যাচারে জখম হয়ে তিনি হাসপাতালে চিকিৎসাধীন। শম্পা দাস জানান, আট মাস আগে সমাজ মাধ্যমে হৃদয়ের সঙ্গে পরিচয় হয়েছিল শম্পার। সে সময় নিজেকে পুলিশের বড় কর্তা বলে পরিচয় দিয়েছিল হৃদয়। কিন্তু হৃদয় কখনও তার পরিবারের সাথে শম্পাকে পরিচয় করায়নি। বিয়ের পর রায়গঞ্জ শহরের বীরনগরে বাড়ি ভাড়া নিয়ে থাকত তারা। বিয়ের পর থেকে সারাদিন বাড়িতেই থাকত তাঁর স্বামী। আড়ালে আবডালে গিয়ে বিভিন্ন জায়গায় ফোনে কথা বলত হৃদয়। আইপিএস অফিসারের একটি ভুয়ো আই কার্ডও দেখিয়েছিল। পরে জানা যায় হৃদয় কোনও চাকরি করে না। বিয়ের কিছুদিন পর থেকেই স্ত্রীর উপর অত্যাচার করত হৃদয়। দেওয়ালে মাথা ঠুকে মারার পাশাপাশি শম্পার গলা টিপে দেওয়া হয়। এরপর তাঁকে রায়গঞ্জ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করায় পরিবারের লোকজন। ইতিমধ্যে অভিযুক্ত হৃদয় দেব বসাককে আটক করেছে রায়গঞ্জ থানার পুলিশ। প্রতারণার জাল বিস্তার করেছিল হৃদয় দেব বসাক। বৃহস্পতিবার হৃদয় দেব বসাককে পুলিশ আটক করতেই তার আরও একাধিক প্রতারণার পর্দাফাঁস হয়। মালদহের বাসিন্দা হৃদয় দেব বসাক নিজেকে কখনও আবগারি দফতর, কখনও ফুড সাপ্লাই দফতরের বড়সড় অফিসার সাজিয়ে প্রতারণার জাল বিস্তার করেছিল বলে অভিযোগ। হৃদয় আটক হওয়ার পরই রায়গঞ্জ থানায় এসে উপস্থিত হন বেশ কিছু প্রতারিত। তাঁরা জানিয়েছেন, তাঁদের অনেকের সাথেই সরকারি চাকরি পাইয়ে দেওয়ার নামে আর্থিক প্রতারণা করেছে হৃদয়। তাঁদের কাছ থেকে অর্থ সংগ্রহ করেছে বলে অভিযোগ। অভিযুক্তের শাস্তি চেয়েছেন সকলেই। ঘটনার তদন্ত করছে রায়গঞ্জ থানার পুলিশ।



■ শম্পার সঙ্গে প্রতারক হৃদয় দেবের বিয়ের মুহূর্ত।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

ন্যক্কারজনক ঘটনা। বিজেপি রাজ্যে চকোলেটের লোভ দেখিয়ে যৌনহেনস্থা করা হল ৯ বছরের শিশুকন্যাকে। রাজস্থানের শিকার জেলার ঘটনা। গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে মৃত্যুর মুখোমুখি নির্যাতিতা নাবালিকা। গ্রেফতার করা হয়েছে অভিযুক্তকে



## পাকিস্তানকে সমর্থনের ফল ভুগতে হবে তুরস্ককে, কড়া বার্তা ভারতের

**প্রতিবেদন:** পাক-বন্ধু তুরস্ককে কড়া বার্তা দিল ভারত। তুরস্কের সংস্থা সেলেবির লাইসেন্স বাতিলের যৌক্তিকতাও স্পষ্টভাষায় তুলে ধরলেন বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল। পহেলগাঁও হত্যাকাণ্ডের একমাসের মাথায় বৃহস্পতিবার সাংবাদিকদের সঙ্গে খোলামেলা ভাবে কথা বলেন রণধীর জয়সওয়াল। তাঁর কথায়, আমাদের আশা তুরস্ক পাকিস্তানকে অনুরোধ করবে, তারা যেন সীমান্তে সন্ত্রাসবাদকে উসকে দেওয়া এবং মদত জোগানোয় এবারে যেন ইতি টানে। অর্থাৎ তুরস্ককে বুঝিয়ে দেওয়া হল, পাকিস্তানকে মদত দেওয়া আর কোনওভাবেই বরদাস্ত করবে না ভারত। মনে করিয়ে দেওয়া হল, গত কয়েক দশক ধরেই সন্ত্রাসবাদের রাজত্ব গড়ে উঠেছে পাক মদতে। সেই কারণেই পাকিস্তানকে সমর্থন করা বন্ধ না করলে তার ফল ভুগতে হবে তুরস্ককে।

## ইডিকে তীব্র ভর্ৎসনা সুপ্রিম কোর্টের



**প্রতিবেদন:** সুপ্রিম কোর্টে ফের ভর্ৎসিত ইডি। তামিলনাড়ুর সরকারি প্রতিষ্ঠানে তল্লাশির ঘটনায় ইডির এক্তিয়ার নিয়ে এজেন্সিকে তীব্র ভর্ৎসনা করল প্রধান বিচারপতি বি আর গভাই এবং বিচারপতি অগাস্টিন জর্জ মাসিহের বেঞ্চ। তামিলনাড়ু স্টেট মার্কেটিং কর্পোরেশনের বিরুদ্ধে ওঠা প্রায় এক হাজার কোটি টাকার আর্থিক দুর্নীতির অভিযোগের তদন্তভার সম্প্রতি ইডির হাতে তুলে দিয়েছে মাদ্রাজ হাইকোর্ট। দায়িত্ব পেয়েই কেন্দ্রীয় এজেন্সির আধিকারিকদের অতিসক্রিয়তা শুরু। সরাসরি হানা সরকারি প্রতিষ্ঠানে। ইডির কার্যকলাপের বিরোধিতা করে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিল তামিলনাড়ু সরকার। সেই মামলার শুনানিতেই কর্পোরেশনের বিরুদ্ধে ফৌজদারি মামলার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলে বৃহস্পতিবার এনফোর্সমেন্ট ডিরেক্টরেটকে ভর্ৎসনা করল সুপ্রিম কোর্ট। তামিলনাড়ু সরকারের হয়ে শীর্ষ আদালতে সওয়াল করেন অভিজ্ঞ আইনজীবী কপিল সিব্বল। তিনি জানান, রাজ্য সরকার ২০১৪ সাল থেকে এখনও পর্যন্ত ৪১টি এফআইআর দায়ের করেছে সংস্থাটির বেশ কয়েকজন আধিকারিকের বিরুদ্ধে।

## পাক-নির্মমতার কারণেই প্রাণ যেত শ্রীনগরগামী বিমানযাত্রীদের

**প্রতিবেদন:** বুধবার দিল্লি থেকে শ্রীনগরের উদ্দেশ্যে রওনা দেওয়া ইন্ডিগো ফ্লাইট ৬ ই-২১৪২ মাঝ আকাশে ওড়ার সময়ে মারাত্মক ঝড়বৃষ্টির মুখোমুখি হয়। সংবাদসংস্থা পিটিআই সূত্রে খবর, পরিস্থিতি সামাল দিতে পাকিস্তানের আকাশসীমা ব্যবহার করতে চাওয়া হয়েছিল। কিন্তু ন্যক্কারজনকভাবে সেই আবেদন ফিরিয়ে দিয়েছিল পাকিস্তান। যার জেরে ২২৭ যাত্রী সমেত বিমানটি শিলাবৃষ্টি, ঘূর্ণিঝড় এবং এয়ার পকেটের মধ্যে পড়ে। ভেঙে যায় বিমানের নোজ। যে কারণে বড়সড় দুর্ঘটনা ঘটার প্রবল সম্ভাবনা ছিল। কিন্তু কোনওক্রমে পরিস্থিতি সামাল দিয়ে বিমানটিকে সেফ ল্যান্ডিং করান পাইলট। আন্তর্জাতিক ক্ষেত্রে এমন অমানবিক পদক্ষেপ প্রকাশ্যে আসার পরেই পাকিস্তানের বিরুদ্ধে তীব্র সমালোচনা। এই বিমানেই শ্রীনগর যাচ্ছিলেন তৃণমূল কংগ্রেসের চার সাংসদ, ডেরেক ও'ব্রায়েন, সাগরিকা ঘোষ, নাদিমুল হক, মমতাবালা ঠাকুর এবং রাজ্যের মন্ত্রী মানস ভুঁইয়া। প্রবল প্রতিকূল পরিস্থিতির মধ্যেও বিমানটির সেফ ল্যান্ডিংয়ের কারণে সকলেই পাইলটের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছেন। ইন্ডিগোর ওই বিমান চালককে বিশেষভাবে সম্মান জানানোর দাবিও উঠেছে।

### অভিযুক্ত বিজেপি বিধায়ক, তীব্র কটাক্ষ তৃণমূলের

# দলের মহিলাকর্মীকেই গণধর্ষণ

## কোথায় গেল জাতীয় মহিলা কমিশন?

**প্রতিবেদন :** কোথায় গেল জাতীয় মহিলা কমিশন, কোথায় গেল জাতীয় মানবাধিকার কমিশন? বিজেপি নেতা বলে কি সাত খুন মাফ? তীব্র ক্ষোভ প্রকাশ করেছে তৃণমূল। নিজের দলেরই মহিলা কর্মীকে গণধর্ষণ এবং তাঁর মুখে প্রস্রাব করে দেওয়ার মতো ন্যক্কারজনক ঘটনায় অভিযুক্ত বিজেপি বিধায়ক মুনিরত্ন। তার বিরুদ্ধে বিষাক্ত ইঞ্জেকশন দেওয়ারও অভিযোগ উঠেছে। একই দোষে অভিযুক্ত তার সঙ্গীরাও। আরএমসি ইয়ার্ড থানায় দলের বিজেপি বিধায়ক মুনিরত্নের বিরুদ্ধে এই অভিযোগ দায়ের করেছেন দলেরই এক মহিলা কর্মী। এই ঘটনার তীব্র নিন্দা করেছে তৃণমূল। তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, কর্নাটকের বিজেপি বিধায়ক মুনিরত্ন ও তার সহযোগীরা এক নারীকে গণধর্ষণের পর তাঁর ওপর প্রস্রাব করে এবং তাঁকে ভাইরাস ইঞ্জেকশন দেওয়ার মতো যে নারকীয় ঘটনা ঘটিয়েছে, তা এককথায় পৈশাচিক। প্রজ্জ্বল রেভান্না থেকে মুনিরত্ন— এই নরকের কীটেরা বিজেপিতেই আশ্রয় পায়। মোদিজির মুখেই শুধু নারী সুরক্ষার ভাষণ।



■ কীর্তিমান গেরুয়া বিধায়ক মুনিরত্ন।

এটাই বিজেপির নারী সম্মানের দৃষ্টান্ত। জাতীয় মহিলা কমিশন কোথায় প্রশ্ন তোলে! কিন্তু নিজেদের বেলায় তাদের মুখে কুলুপ এঁটে যায়। নির্যাতিতার অভিযোগ, গত বছর ১১ জুন মুনিরত্নর সঙ্গীরা কাজের কথা বলে একটি গাড়িতে করে তাঁকে বিধায়কের মাথিকেরের অফিসে নিয়ে যায়। পৌঁছনোর পরই বিজেপি বিধায়ক এবং তার দুই সঙ্গী মিলে তাঁকে নগ্ন করে ধর্ষণ করে। বাধা দিলে তাঁর ছেলের প্রাণহানির হুমকিও দেওয়া হয়। লিখিত অভিযোগে জানিয়েছেন, বিধায়কের দুই সঙ্গী তাঁকে গণধর্ষণ করার পর মুনিরত্ন তাঁর মুখে প্রস্রাব করে দেয়। এখানেই শেষ নয়, আরও এক অজ্ঞাতপরিচয় ব্যক্তি ঘরে ঢুকে বিধায়কের হাতে একটি সাদা বাক্স দেয়। বাক্স থেকে একটি সিরিঞ্জ বের করে তাঁর শরীরে ইঞ্জেকশন দিয়ে দেয় বিজেপি বিধায়ক। ইতিমধ্যেই মহিলার অভিযোগের ভিত্তিতে যশবন্তপুরের আরএমসি ইয়ার্ড থানায় ভারতীয় দণ্ডবিধির ৩৭৬ডি (গণধর্ষণ), ২৭০ (প্রাণঘাতী রোগের সংক্রমণ ছড়াতে পারে এমন মারাত্মক কাজ), ৩২৩ (স্বেচ্ছায় আঘাত করা), ৩৫৪ (একজন মহিলার শালীনতা নষ্ট করার উদ্দেশ্যে আক্রমণ বা অপরাধমূলক বল প্রয়োগ), ৫০৪ (শান্তিভঙ্গের উদ্দেশ্যে ইচ্ছাকৃত অপমান), ৫০৬ (অপরাধমূলক ভীতি প্রদর্শন) এবং ৫০৯ (একজন মহিলার শালীনতা নষ্ট করার উদ্দেশ্যে অঙ্গভঙ্গি বা কাজ) ধারার অধীনে মামলা দায়ের করা হয়েছে।

## প্রধানমন্ত্রীর বিরুদ্ধে মুখ খোলার খেসারত

**প্রতিবেদন:** সেই চক্রান্ত এখনও চলছে। পুলওয়ামা জঙ্গি হামলা নিয়ে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে মুখ খুলেছিলেন জম্মু ও কাশ্মীরের প্রাক্তন রাজ্যপাল সত্যপাল মালিক। খেসারতও দিতে হয়েছে তাঁকে। ঘুষের অভিযোগে মামলা দায়ের করা হয় তাঁর বিরুদ্ধে। বৃহস্পতিবার সেই মামলাতেই তাঁর বিরুদ্ধে চার্জশিট পেশ করল সিবিআই। শুধু তিনি নন, চার্জশিট জমা পড়েছে আরও ৪ জনের বিরুদ্ধে। ২২০০ কোটি টাকার কিরু জলবিদ্যুৎ প্রকল্পে কাজের বরাত নিয়ে ঘুষের অভিযোগ সাজানো হয়েছিল বলে তাঁর অভিযোগ।

## দিল্লিতে বানচাল বড় নাশকতার ছক গ্রেফতার দুই আইএসআই এজেন্ট

**প্রতিবেদন :** দিল্লিতে বানচাল হল বড়সড় নাশকতার ছক। পুলিশের জালে পড়ল দু'জন আইএসআই এজেন্ট আনসারুল মিঁয়া আনসারি এবং আখলাখ আজম। সূত্রের দাবি, কাশ্মীরের আগে পাক গুপ্তচর সংস্থা আইএসআইয়ের প্রত্যক্ষ মদতে দিল্লিতে হামলার ছক কষেছিল জঙ্গিরা। কিন্তু কোনও কারণে সেই হামলার পরিকল্পনা বাস্তবায়িত হয়নি। পহেলগাঁও হামলার পর ফের দিল্লিকে টার্গেটের পরিকল্পনা ছিল পাকিস্তান গুপ্তচর সংস্থার। কিন্তু গোয়েন্দাদের তৎপরতায় বড় হামলার ছক বানচাল হয়ে গেল। গোয়েন্দা সূত্রে খবর, সম্প্রতি নেপালের বাসিন্দা আনসারুল দিল্লিতে আসে। ভারতে তার প্রধান কাজ ছিল সেনাবাহিনীর গোপন তথ্য আইএসআইয়ের হাতে পৌঁছে দেওয়া। সেই খবর জানতে পারেন গোয়েন্দারা। তারপর নেপালের বাসিন্দা আনসারুলের খোঁজে চলে তল্লাশি। দিল্লি বিমানবন্দর থেকে আনসারুলকে গ্রেফতার করে পুলিশ। এই আনসারুলকে গ্রেফতার করে আখলাখের খোঁজ পায় তদন্তকারীরা। এই আখলাক আইএসআই এজেন্ট দিল্লিতে নাশকতার ছক কষছে বলে জানতে পেরে তাকে রাঁচি থেকে গ্রেফতার করে গোয়েন্দারা। সূত্রের খবর, আখলাখই সেনাবাহিনীর গোপন তথ্য আনসারুলকে পাচার করত। সেই তথ্য পাক গুপ্তচরদের হাতে তুলে দিত আনসারুল। এদিকে পাকিস্তানি গুপ্তচর-যোগের অভিযোগে বারাণসী থেকে তুফাইল নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ। চলছে জিজ্ঞাসাবাদ।



## গেরুয়া অসমে খুন রয়্যাল বেঙ্গল

**প্রতিবেদন :** বিজেপির অসমে ভয়ঙ্কর নৃশংসতার শিকার হল এক রয়্যাল বেঙ্গল টাইগার। কাজিরাঙার গোলাঘাট এলাকা থেকে উদ্ধার হল এক নৃশংসভাবে খুন হওয়া বাঘটির দেহ। চারটি পা কেটে নেওয়া হয়েছে, ছিঁড়ে নেওয়া হয়েছে চামড়াও। বৃহস্পতিবার সকালে জঙ্গলের ধারে ঝোপের পাশে পড়ে থাকা বাঘের রক্তাক্ত দেহ দেখে শিউরে ওঠেন স্থানীয় বাসিন্দারা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন বন দফতরের আধিকারিকরা। তাঁরা প্রাথমিক তদন্তে সন্দেহ করছেন, এই ঘটনার পেছনে চোরাশিকারিদের হাত রয়েছে। বাঘটির মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বাঘটি বেশ কিছুদিন ধরেই লোকালয়ে চলে আসছিল শিকারের খোঁজে। তার হামলায় এক ব্যক্তির মৃত্যু হওয়ায় আতঙ্কে ছিলেন সকলে। বারবার বন দফতরে অভিযোগ জানানো হলেও তাতে কোনও কাজ হয়নি বলে দাবি তাঁদের। বন দফতরের এক আধিকারিক জানিয়েছেন, বাঘটি হয়তো ক্ষুধার্ত হয়ে লোকালয়ে এসেছিল। তবে বন্যপ্রাণ হত্যার ঘটনা অত্যন্ত দুর্ভাগ্যজনক।



## গোয়েন্দা স্ক্যানারে জ্যোতির মুম্বই সফর

**প্রতিবেদন:** পাক গুপ্তচর জ্যোতির কুকীর্তির অন্ত নেই। জেরায় গোয়েন্দাদের হাতে এসেছে ফের নতুন তথ্য। পাক গুপ্তচর জ্যোতি জেরায় স্বীকার করেছে তার চারবার মুম্বই সফরের বিষয়। ২০২৩-এ তিনবার, ২০২৪-এ একবার মুম্বই গিয়েছিল জ্যোতিরানি। কেন মুম্বই সফরে গিয়েছিল জ্যোতি, বিভিন্ন এলাকার ছবি এবং ভিডিও শুট কেন করেছিল তা আরও খতিয়ে দেখছে গোয়েন্দারা। এদিকে জ্যোতির পুলিশ হেফাজতের মেয়াদ আরও ৪ দিন বাড়ল।

## ভূস্বর্গে ফের গুলির লড়াই, খতম ২ জঙ্গি, শহিদ হলেন জওয়ান

**প্রতিবেদন:** বৃহস্পতিবার ফের জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই নিরাপত্তাবাহিনীর। সেনাদের গুলিবৃষ্টিতে খতম হল ২ জঙ্গি। শহিদ হলেন এক জওয়ানও। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে কিশতওয়ার জেলায়। সকাল ৭টা নাগাদ সেনার ২ বিশেষ বাহিনী ১১ রাষ্ট্রীয় রাইফেল এবং ৭ অসম রাইফেল কিশতওয়ার পুলিশের স্পেশ্যাল অপারেশন গ্রুপকে নিয়ে শুরু করে বিশেষ অভিযান 'অপারেশন ত্রাশি'। বাহিনীর কাছে খবর ছিল, এলাকায় আত্মগোপন করেছে ৩-৪ জন ভয়ঙ্কর জঙ্গি। তল্লাশি অভিযান শুরু হওয়ামাত্রই জওয়ানদের লক্ষ্য করে গুলি চালাতে শুরু করে জঙ্গিরা। পাল্টা গুলি চালিয়ে জবাব দেয় বাহিনীও। ঘটনাস্থলেই লুটিয়ে পড়ে ২ জঙ্গি। মৃত্যু হয় এক জওয়ানেরও। এরপরেই তল্লাশি অপারেশন আরও জোরদার করে বাহিনী।

# দেশ বিদেশ

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
23 May, 2025 • Friday • Page 12 || Website - www.jagobangla.in

সিঁদুর এখন বারুদ হয়ে উঠেছে। ভারতীয় সেনার অপারেশন সিঁদুর ও পাক সন্ত্রাসের মোকাবিলার বার্তা দিয়ে বললেন প্রধানমন্ত্রী মোদি। রাজস্থানের বিকানেরে

# ফ্রি-প্যালেস্টাইন স্লোগান, আমেরিকার ইজরায়েলি দূতাবাসে হামলায় হত ২

**প্রতিবেদন:** খোদ আমেরিকায় ইজরায়েলি দূতাবাসে চলল গুলি। ইজরায়েলের দূতাবাসের দুই কর্মীকে গুলি করে খুন করার ঘটনায় তীব্র চাঞ্চল্য। ওয়াশিংটন ডিসিতে ইহুদি মিউজিয়ামের বাইরে দুষ্কৃতীদের তাণ্ডবে আতঙ্ক ছড়িয়েছে। আততায়ীদের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ।

বুধবার স্থানীয় সময় রাত ৯টা নাগাদ ওই ঘটনা ঘটে। ইহুদি মিউজিয়ামে একটি অনুষ্ঠান চলাকালীন গুলি ছোঁড়ে দুষ্কৃতীরা। এই অনুষ্ঠানে ইজরায়েল দূতাবাসের বহু কর্মী যোগ দিয়েছিলেন। দুষ্কৃতীরা আচমকা গুলি চালাতে শুরু করলে প্রাণ বাঁচাতে সকলেই এদিকে ওদিকে ছুটতে শুরু করে। তার মধ্যেই মৃত্যু হয় দূতাবাসের দুই কর্মীর। মৃতদের মধ্যে একজন পুরুষ ও একজন মহিলা। এই ঘটনাকে



ইহুদি বিরোধী সন্ত্রাসবাদ বলে ক্ষোভ উগরে দিয়েছেন রাষ্ট্রসংঘে নিযুক্ত ইজরায়েল রাষ্ট্রদূত ড্যানি ড্যানন। সমাজমাধ্যম এক্সে তিনি জানিয়েছেন, আমরা নিশ্চিত যে মার্কিন প্রশাসন এই অপরাধমূলক কাজের জন্য দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে।

ঘটনা সম্পর্কে ওয়াশিংটন পুলিশ প্রধান পামেলা স্মিথ জানিয়েছেন,




■ নিহত দূতাবাসের দুই কর্মী ইয়ারন লিসচিনস্কি ও সারা মিলগ্রিম

দুষ্কৃতী হামলার আগে মিউজিয়ামের বাইরে ঘোরাফেরা করতে দেখতে পাওয়া এক সন্দেহভাজন ব্যক্তিকে আটক করা হয়েছে। তিনি বলেন, আটক অবস্থায় সন্দেহজনক ব্যক্তি ‘‘ফ্রি প্যালেস্টাইন, ফ্রি প্যালেস্টাইন’’ স্লোগান দিচ্ছিল। সাম্প্রতিক সময়ে গাজা উপত্যকায় নির্বিচারে নিধনযজ্ঞ চালাচ্ছে ইজরায়েল। যুদ্ধ বন্ধের দাবিতে কর্ণপাত করছেন না ইজরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। এই আবহে বিশ্বের বহু জায়গাতেই বাড়ছে ইহুদি-বিদ্বেষ। বন্ধু রাষ্ট্র আমেরিকাতেও গাজায় ইজরায়েলি সেনার আগ্রাসন বন্ধের দাবি ও ইহুদিদের বিরোধিতায় বিক্ষোভ দেখাচ্ছেন বহু মানুষ। মনে করা হচ্ছে সেই ইহুদি বিদ্বেষের জেরেই খোদ দূতাবাসে আক্রমণ ও গোলাগুলি।

# ত্রাণ পৌঁছবে তো? গাজা নিয়ে সংশয়

**প্রতিবেদন:** যুদ্ধবিধ্বস্ত গাজায় বিপন্নদের ত্রাণ পৌঁছে দেওয়া নিয়ে লাগাতার টালবাহানা চালিয়েছে ইজরায়েল। শেষমেশ বিশ্বজোড়া নিন্দা ও অসংখ্য শিশুমৃত্যুর আশঙ্কায় রাষ্ট্রসংঘের সতর্কতার চাপে গাজায় ত্রাণ যেতে দিতে রাজি হয়েছে ইজরায়েল। এরপর মানবিক সাহায্য বহনকারী রাষ্ট্রসংঘের ট্রাক ঢুকতে শুরু করেছে গাজা ভূখণ্ডে। কিন্তু ট্রাকচালকরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। পাশাপাশি সংশয় রয়েছে যে আদৌ ওষুধ, ময়দা সহ নিত্যপ্রয়োজনীয় ত্রাণসামগ্রী গাজার বিপন্ন শিশুদের কাছে পৌঁছে দেওয়া যাবে কি না।

বৃহস্পতিবার গাজায় ত্রাণ পৌঁছনো নিয়ে সংশয় প্রকাশ করেছেন রাষ্ট্রসংঘের মানবিক সংগঠনের




মুখপাত্র জেমস লের্কে। তিনি জানিয়েছেন, গাজায় উপস্থিত সাহায্যকারী সংগঠনগুলি রাষ্ট্রসংঘের ত্রাণসাহায্য গ্রহণ করতে শুরু করেছে। এখনও পর্যন্ত ৯০টি ট্রাক গাজায় ঢুকেছে। কিন্তু ট্রাকের জিনিসপত্র নির্দিষ্ট জায়গায় পৌঁছে দিতে সমস্যার মুখে পড়ছেন সাহায্যকারী সংগঠনের সদস্যেরা। কারণ মাঝপথে ত্রাণলুট হওয়ায় প্রবল আশঙ্কা রয়েছে। রাষ্ট্রসংঘের ট্রাকগুলির নিরাপত্তার কোনও বন্দোবস্ত নেই বলে অভিযোগ উঠছে। এই পরিস্থিতিতে গাজায় যুযুধান দুই পক্ষের কাছেই মানবিকতার স্বার্থে সহযোগিতার আবেদন জানিয়েছে রাষ্ট্রসংঘ।

# কাশ্মীর, সন্ত্রাস-সহ ৪ ইস্যুতে ভারতের সঙ্গে বসতে চান শাহবাজ

## সৌদি আরবে আলোচনার প্রস্তাব

**প্রতিবেদন:** পহেলগাঁও কাণ্ডে পাকিস্তানের যোগ এখন স্পষ্ট। সীমান্তে জঙ্গি ঢোকানোর ঠিকাদারি নিয়েছে আইএসআই ও পাকসেনা। কাশ্মীর নিয়ে সুর চড়িয়ে সন্ত্রাসের ইস্যুকে লঘু করার চেষ্টা করেছে পাক সরকার। কিন্তু ভারতের অপারেশন সিঁদুর-এর ধাক্কায় এখন গোটা বিশ্বেই চুরমার হয়েছে ইসলামাবাদের ভাবমূর্তি। সিন্ধু জলচুক্তি বাতিলের পর আরও সঙিন অবস্থা। চাপে পড়ে এবার তাই চার ইস্যুতে ভারতের সঙ্গে আলোচনায় বসতে চাইছে পাকিস্তান। বুধবার সেদেশের সাংবাদিকদের জানিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। এই সূত্রে ভারত-পাক দ্বিপাক্ষিক আলোচনার জন্য ‘নিরপেক্ষ’ দেশের নামও প্রস্তাব করেছেন তিনি। পাকিস্তানের সংবাদমাধ্যম ‘ডন’-এর প্রতিবেদন অনুসারে, বুধবার প্রধানমন্ত্রী শাহবাজ বলেন, ভারতের সঙ্গে কাশ্মীর, জল, বাণিজ্য এবং সন্ত্রাসবাদ— এই চারটি মূল বিষয়ের উপর আলোচনা হবে। ভারত শুধুমাত্র সন্ত্রাসবাদ নিয়ে আলোচনা চাইলেও পাক সরকার এই চারটি বিষয় নিয়ে কথা বলার দাবিতে অনড় থাকবে। জল বলতে শাহবাজ শরিফ সিন্ধু জলবণ্টন চুক্তির দিকে ইঙ্গিত করতে চেয়েছেন বলে মত ওয়াকিবহাল মহলের। গত ২২ এপ্রিল পহেলগাঁওতে জঙ্গি হামলার পর পাকিস্তানের সঙ্গে হওয়া এই চুক্তি স্থগিত রেখেছে ভারত। দুই দেশের সংঘর্ষবিরতি



হওয়ার পরেও এখনও এই চুক্তির স্থগিতাদেশ প্রত্যাহার করেনি নয়াদিল্লি। এতে ব্যাপক সমস্যায় পাকিস্তান।

এদিকে ভারত-পাক দ্বিপাক্ষিক আলোচনা চিনে হতে পারে কি না, এই প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী শাহবাজ বলেন, ভারত কখনও এতে রাজি হবে না। এর চেয়ে বরং সৌদি আরবে দ্বিপাক্ষিক আলোচনা হতে পারে। সেক্ষেত্রে দুই দেশই বোঝাপড়ায় আসতে সম্মত হবে বলে আশা পাক প্রধানমন্ত্রীর।

# পুঞ্চ সীমান্তে পাঁচ তৃণমূল প্রতিনিধি

(প্রথম পাতার পর)

মানুষদের কথাও থাকবে। বাংলা ও কাশ্মীর কীভাবে যৌথ সমন্বয়ের ভিত্তিতে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করবে, সে-কথাও থাকবে রিপোর্টিংয়ে।

বুধবারই শ্রীনগরে পৌঁছন তৃণমূল প্রতিনিধিরা। শ্রীনগরে তাঁদের অভ্যর্থনা জানিয়েছেন জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ। দীর্ঘ ৯০ মিনিট ওমর আবদুল্লার সঙ্গে বৈঠক করেছেন তৃণমূল সদস্যরা। পাক হামলায় উপত্যকার কোথায়, কত মানুষ মারা গিয়েছেন এবং সীমান্তের জীবনযাপনে দৈনন্দিন সমস্যা নিয়ে তাঁদের বিস্তারিত জানিয়েছেন জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী। পাক গোলাগুলিতে পুঞ্চ ও তাংধারে ১৫ জন সাধারণ মানুষ নিহত এবং ৪৩ জন আহত হয়েছেন। পাকিস্তানের এই বর্বরোচিত হামলায় যেভাবে সীমান্ত এলাকার সকল বোন উলমা ফতিমা ও জেন আলি এই স্কুলেই পড়ত। হাসপাতালে চিকিৎসাধীন বাবার কাছে গোপন রাখা হয়েছে সন্তানদের মৃত্যুর খবর। কাছেই পেট্রোল পাম্প লাগোয়া এলাকায় পাকিস্তানের ছোঁড়া গোলায় মৃত্যু হয়েছে রেহান ভার্গব নামে ১৩ বছরের একটি ছেলের। রাজবন্স নামে সমবয়সি আরও একটি ছেলের উড়ে গিয়েছে হাত। মিডিয়ায় কিন্তু এই খবর আসেনি। স্থানীয়রা তৃণমূলের প্রতিনিধিদের কাছে অভিযোগ জানিয়েছেন, মানুষের সুরক্ষার জন্য পর্যাপ্ত বাঙ্কার পর্যন্ত নেই।

প্রতিনিধিদলের আর এক সদস্য মন্ত্রী মানস ভুঁইয়া জানান, তৃণমূলের প্রতিনিধিদলকে দেখে আপ্লুত পুঞ্চের সাধারণ মানুষ। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি তাঁরা বারবার কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তৃণমূল প্রতিনিধিরা পৌঁছনোর সঙ্গে



সম্প্রদায়ের মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন, তার তীব্র নিন্দা করেছেন তৃণমূল প্রতিনিধিরা।

সাংসদ ডেরেক ও’ব্রায়েন জানালেন, বৃহস্পতিবার পুঞ্চে পৌঁছে এদিন প্রতিনিধি দলের সদস্যরা প্রথমেই যান প্রাক্তন সেনা-জওয়ান অমরজিৎ সিংয়ের বাড়িতে। পাক গোলাবর্ষণে প্রাণ হারিয়েছেন অমরজিৎ। তাঁর বাড়িতে সে এক হৃদয়বিদারক দৃশ্য। তাঁর অসহায় স্ত্রী সাংসদ সাগরিকা ঘোষ এবং মমতাবালা ঠাকুরকে প্রায় জড়িয়ে ধরে ভেঙে পড়লেন কান্নায়। নিহত অমরজিতের ছেলে অষ্টম শ্রেণি ও মেয়ে তৃতীয় শ্রেণির পড়ুয়া। পাক গোলায় গুরুতর জখম হয়েছেন তাঁদের কাকাও। তৃণমূলের প্রতিনিধিরা বাড়ির সকলকে সান্ত্বনা দেন, আশ্বাস দেন পাশে থাকার। এরপর তৃণমূল প্রতিনিধিরা যান ৮০ বছরের বৃদ্ধা মাতাজি’র কাছে। পাক গোলায় উড়ে গিয়েছে তাঁর বাড়ির ছাদ। প্রতিনিধিদলের পরের গন্তব্য ছিল স্থানীয় একটি মাদ্রাসা। সেখানে পাক গোলাবর্ষণে প্রাণ হারিয়েছেন শিক্ষক কারি মহম্মদ ইকবাল। অদ্ভুত বিষয়, এই শিক্ষককে ‘পাকিস্তানি’ বলে প্রচার করেছিল গোদি মিডিয়া। এই নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন প্রতিনিধিদলের সদস্যরা। তাঁরা যান স্থানীয় একটি খ্রিস্টান স্কুলে। পাক গোলায় মৃত ১২ বছরের যমজ ভাই-

সঙ্গেই দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম শুনে রীতিমতো আবেগপ্রবণ হয়ে পড়ে স্থানীয় জনতা। এদিন পুঞ্চ রওনা হওয়ার আগে ভিডিও বার্তায় সাংসদ সাগরিকা ঘোষ জানান, পহেলগাঁওয়ে জঙ্গিহামলার চেয়ে পাক গোলাগুলিতে পুঞ্চ, রাজৌরিতে অনেক বেশি মানুষ মারা গিয়েছেন। প্রত্যেক জীবনেরই মূল্য রয়েছে। মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা আমাদের আশ্বস্ত করেছেন, সীমান্ত এলাকায় মৃতদের পরিবারগুলির জন্য সরকারের তরফে সবরকম ব্যবস্থা করা হচ্ছে। ক্ষতিপূরণ দেওয়া, প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়া থেকে ক্ষতিগ্রস্ত বাড়িঘর, স্কুল-কলেজের পুনর্নির্মাণে বিপর্যস্ত মানুষদের পাশে দাঁড়াচ্ছে জম্মু-কাশ্মীরের সরকার। কিন্তু ওমর আবদুল্লাহর নির্বাচিত সরকারকে এইসবের জন্য পূর্ণ ক্ষমতা দেওয়া উচিত বলে আমরা মনে করি। তৃণমূল কংগ্রেস গণতন্ত্রে যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোয় বিশ্বাস করে। জম্মু-কাশ্মীরের যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোতে মুখ্যমন্ত্রী ও তাঁর সরকারে কাজ করার অধিকার নিয়ে পর্যালোচনা করা উচিত। লক্ষণীয়, বুধবার সন্ধ্যায় শ্রীনগরে পৌঁছে রাতেই জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহর সঙ্গে এক জরুরি বৈঠকে মিলিত হন তৃণমূল প্রতিনিধিরা।

মুক্তি পেল ওয়ার ২-এর টিজার। আগামী আগস্ট মাসে বড় পর্দায় হিন্দি তেলুগু এবং তামিল ভাষায় সিনেমাটি মুক্তি পাবে। ছবিতে রয়েছেন হৃতিক রোশন এবং জুনিয়র এন টি আর

# আড়ি

আড়ি আর ভাবের মাঝে মা এবং ছেলের দুষ্টু-মিষ্টি রসায়ন নিয়ে সদ্য কয়েকদিন আগেই বড়পর্দায় মুক্তি পেয়েছে পরিচালক জিৎ চক্রবর্তীর ছবি 'আড়ি'। এই ছবি দিয়ে বহুদিন পর বাংলা ছবিতে ফিরলেন অভিনেত্রী মৌসুমী চট্টোপাধ্যায়। এছাড়া মুখ্য ভূমিকায় রয়েছেন যশ দাশগুপ্ত এবং নুসরত। লিখলেন **শর্মিষ্ঠা ঘোষ চক্রবর্তী**




বাংলার মেয়ে মানেই খুব কাছের কেউ। যাঁর গা থেকে মাটির ঘ্রাণ পাওয়া যায়। যাঁর কাছে দু-দণ্ড বসতে ইচ্ছে করে, যার সঙ্গে কথা বলতে ইচ্ছে করে। সেই বাংলার মেয়েরা আবার যুগে যুগে বাংলার বাইরেও স্বনামধন্যা। এমন উদাহরণ এই বঙ্গে ভূরি ভূরি রয়েছে। তবে আজকে যাঁর কথা বলছি তিনি হলেন অভিনেত্রী মৌসুমী চট্টোপাধ্যায়। সত্তরের দশকের নামকরা অভিনেত্রী মৌসুমী চট্টোপাধ্যায়ের বাংলা ছবিতে হাতেখড়ি হয়েছিল তরুণ মজুমদারের ছবি 'বালিকাবধূ'র মাধ্যমে। এরপর টলিউড এবং বলিউডে চুটিয়ে অভিনয় করেছেন। এমন কোনও তাবড় নায়ক নেই যাঁর বিপরীতে তিনি অভিনয় করেননি। তাঁর মিষ্টি মুখ, বলিষ্ঠ অভিনয়ে মুগ্ধ ছিলেন সেই যুগে বাংলা তথা ভারতের সিনেমাপ্রেমী দর্শকেরা। যদিও ২০১৬ পরে আর তাঁকে দেখা যায়নি বড়পর্দায়। 'গয়না বাক্স'তে তাঁর অভিনয় মনে রাখার মতো। এরপর অনেকদিন পেরিয়ে গেছে। ২০২৫-এ আবার বড়পর্দায় ফিরলেন মৌসুমী যশ দাশগুপ্ত এবং নুসরত জাহানের প্রযোজনা সংস্থা ওয়াইডি ফিল্ম-এর ছবি 'আড়ি'র হাত ধরে। চলচ্চিত্র দুনিয়ায় এই বছরটা উল্লেখযোগ্য কারণ অনেক নামজাদা কিংবদন্তিরা কামব্যাক করলেন বড়পর্দায় বিশেষ করে বাংলা ছবিতে। যেমন শর্মিলা ঠাকুর, রাখী গুলজার। 'পুরাতন' ছবিতে দীর্ঘ ১৪ বছর পর শর্মিলা ঠাকুর এবং নন্দিতা রায় ও শিবপ্রসাদ মুখোপাধ্যায়ের 'আমার বস' ছবিতে দীর্ঘ ২২ বছর পর রাখী গুলজার ফিরলেন। ওঁদের মতোই মৌসুমী চট্টোপাধ্যায়েরও এটা কামব্যাক বছর। খুব স্বাভাবিক ভাবেই ছবিটা নিয়ে দর্শকদের আগ্রহ ছিলই। মৌসুমীর সেন্স অফ হিউমার ওঁকে অন্য অভিনেত্রীদের থেকে আলাদা করে। ওঁর বেশিরভাগ ছবি মনকে হালকা করে দেয়। এতদিন পরে 'আড়ি' দেখলেও দর্শকদের সেটাই মনে হবে। বয়স বাড়লে মৌসুমীর সেই সাবলীলতা বদলায়নি। এই ছবির বিষয়বস্তু ডিমেনশিয়া আক্রান্ত মাকে নিয়ে ছেলের জীবনযুদ্ধ। স্মৃতি-বিস্মৃতির টুকরো, কোলাজ হাসি-কান্না, আনন্দ, খুনসুটি আর তার মধ্যে মধ্যেই চলা গল্পের বুনন।

সমুদ্রের পাড়ে একটি মাছকেন্দ্রিক বন্দর শহর চন্দ্রপুর এই গল্পের প্রেক্ষাপট। এখানকার বাসিন্দা বৃদ্ধা জয়া সেন আর তাঁর একমাত্র ছেলে জয়। জয়া অ্যালঝাইমার-ডিমেনশিয়ায় আক্রান্ত। স্বামীকে হারিয়েছেন বহু আগেই। জীবনের অনেকটা পথ পেরিয়ে আজ তিনি স্মৃতিভ্রংশের শিকার। একটি নির্দিষ্ট সময়ের পর থেকে জয়া তাঁর সমস্ত স্মৃতি হারিয়ে ফেলেছেন। নিজের বাড়ির ঠিকানাও মনে করতে পারেন না। ছেলে এখনও তাঁর কাছে সেই আদরের ছোট্টটি রয়ে গেছে। আবার সেই ছেলেই কখনও কখনও হয়ে ওঠে স্বামীর প্রতিরূপও। এহেন মা জয়াকে ঘিরেই আবর্তিত ছেলে জয়ের জীবন। একাই অসুস্থ মাকে আগলে রাখেন। নিজে হাতে সংসারের সবটা সামলান। রেষারেষি, মারদাঙ্গা নেই এই ছবিতে। বেশ একটা হালকা চালে হাসি, মজার মোড়কে সুন্দর গতে এগোয়। ছেলে জয়ের তাঁর মায়ের জন্য উদ্বেগ, ভালবাসা, সাহচর্য— এগুলোই ছবির মূল উপজীব্য। ছবির আরেকটি চরিত্র হল তরুণী সাংবাদিক অদিতি। কাজ করেন এক সাপ্তাহিক পত্রিকার অফিসে। ছিমছাম, সাদামাঠা অদিতি মা-ছেলের সেই ভালবাসার আকর্ষণে কখন যেন ঢুকে পড়ে তাঁদের জীবনে। এদিকে রয়েছে দুই ভিলেনও। মাছের ব্যবসাদার এবং স্থানীয় রাজনৈতিক দুই দলের নেতামার্কা লোক ত্রিলোক আর সামন্ত। হঠাৎ জয়ের টাকার প্রয়োজন পড়ে সেই সুযোগে গ্যাং লিডার ত্রিলোক তাকে টেনে আনতে তৎপর হয় অপরাধ জগতে। জয় কী করবে? সমাজ, রাজনৈতিক প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রামে সে কতটা সফল হবে সেই নিয়ে এরপরে ঘটনার ঘনঘটা।

ছবিটি পরিচালনার দায়িত্বে রয়েছেন জিৎ চক্রবর্তী। পরিচালক হিসেবে ইন্ডাস্ট্রিতে তুলনামূলক ভাবে নতুন জিৎ। এর আগে তিনি পরিচালক, অভিনেতা কৌশিক গঙ্গোপাধ্যায় ও অপরাজিতা আঢ্যকে নিয়ে 'কথামৃত' ছবিটি করেছিলেন। ওয়েব সিরিজেও কাজ করেছেন তিনি। জিতের পরিচালনা ভালই। তাঁর এই ছবি প্রসঙ্গে প্রযোজক, অভিনেতা যশ বললেন, একটা অন্য রকম কিছু করতে চাইছিলাম। বাংলায় মা ও ছেলেকে নিয়ে অনেক ছবিই হয়েছে। তবে এই ছবির সঙ্গে অন্য কোনও ছবির মিল খুঁজে পাবেন না দর্শক। এখানে এক-একটা চরিত্র এক-একটা সম্পর্কের কথা বলবে। আমরা শুরু থেকেই এই ছবির জন্য মৌসুমী চট্টোপাধ্যায়কেই ভেবেছিলাম। যশ, নুসরতের প্রযোজনা সংস্থা নতুনদের নিয়ে কাজ করে। নতুন পরিচালকরা তাঁদের সঙ্গে কাজ করেছে এর আগেও। জিৎ-ও এর ব্যতিক্রম নয়। তাঁদের মতে নতুনদের সুযোগ দিলে তাঁরা উৎসাহ পায়, প্ল্যাটফর্ম পায় এবং ভাল কাজ করতে সক্ষম হয়। আগামীতেও আরও নতুন তাঁদের ব্যানারে কাজের সুযোগ পাবে।




টলিউডে এখন মায়েদের জয়গান। এ-বলে আমায় দ্যাখ তো ও-বলে আমায়। 'আড়ি'তে মৌসুমী চট্টোপাধ্যায়ের সহজ, সাবলীল, দুর্দান্ত অভিনয়, রসবোধ— এ-ছবির আসল পাওনা। ছবির নায়ক যশ দাশগুপ্তই। যিনি মৌসুমীর পাশে অনেকটাই উতরে গেছেন। মা ছেলের, খুনসুটি, কপট রাগ, আবেগ তাঁদের রসায়ন খুব মনে ধরবে দর্শকদের। নুসরতের চরিত্রটা বেশ লেগেছে। গ্ল্যামার সরিয়ে দিয়ে তিনি এখানে শুধুই অভিনেত্রী। ছিমছাম সাধারণ একটা মেয়ে। মৌসুমী চট্টোপাধ্যায় সুদূর মুম্বই থেকে কলকাতায় এসে শ্যুটিং করেছেন। যশ আর নুসরতও রয়েছেন কেন্দ্রীয় চরিত্রে। এছাড়া ছবিতে আর যাঁরা রয়েছেন তাঁরা হলেন কমলেশ্বর মুখোপাধ্যায়, রাজনৈতিক নেতা পার্থ ভৌমিক, উন্মেষ গঙ্গোপাধ্যায়, সোহিনী সেনগুপ্ত, অভিজিৎ গুহ, সুমিত পাঁজা প্রমুখ। শ্রাবন্তীর আইটেম নাচ এবং ইমন চক্রবর্তীর গান জমিয়ে দেবে। ছবির সুরকার অনিন্দ্য চট্টোপাধ্যায়, লিংকন রায়চৌধুরী, সৌভিক বসু, কেশব দে। কাহিনি অমিতাভ ভট্টাচার্য।



মাঠে ময়দানে

23 May, 2025 • Friday • Page 14 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



দেশের ডাকে আরসিবি ছেড়ে ফিরলেন ইংল্যান্ডের জেকব বেথেল। বদলে এলেন টিম সিফার্ট

## ১৭ বছরের ট্রফির খরার অবসান এবার

# ইউরোপা লিগ টটেনহ্যামের

**সেভিয়া, ২২ মে :** দীর্ঘ ১৭ বছরের খরা কাটিয়ে অবশেষে কোনও ট্রফি ঘরে তুলল টটেনহ্যাম হটস্পার। বুধবার রাতে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে ১-০ গোলে হারিয়ে ইউরোপা লিগ খেতাব জিতল টটেনহ্যাম। তাদের হয়ে জয়সূচক গোলটি করেন ব্রেনান জনসন।

২০০৮ সালে লিগ কাপ জিতেছিল টটেনহ্যাম। সেটাই ছিল তাদের শেষ কোনও ট্রফি জয়। আর ১৯৮৪ সালে শেষবার ইউরোপীয় মঞ্চে সাফল্য এসেছিল। সেবার উয়েফা কাপ চ্যাম্পিয়ন হয়েছিল তারা। সেই হিসেবে, দীর্ঘ ৪১ বছর পর ইউরোপীয় মঞ্চে সাফল্য এল। একই সঙ্গে ইউরোপা লিগ জিতে আগামী মরশুমে চ্যাম্পিয়ন্স লিগে খেলা নিশ্চিত করে ফেলল টটেনহ্যাম।

ইতিহাস গড়েছেন টটেনহ্যাম অধিনায়ক তথা দক্ষিণ কোরিয়ান তারকা সন হিউং মিন। ক্লাবের জার্সিতে এটাই তাঁর প্রথম কোনও ট্রফি জয়। পাশাপাশি, সন-ই প্রথম কোনও এশীয় ফুটবলার, যাঁর নেতৃত্বে ইউরোপীয় মঞ্চে কোনও ক্লাব চূড়ান্ত সাফল্য পেল। অথচ চলতি মরশুমটা হতাশাজনক ভাবেই কাটছিল সনদের। প্রিমিয়ার লিগে ১৭ নম্বরে নেমে গিয়েছে টটেনহ্যাম। এই পরিস্থিতিতে ইউরোপা লিগ জয় একঝলক টাটকা বাতাস বয়ে নিয়ে এল সনদের জন্য। টটেনহ্যাম কোচ আঞ্জ পোস্তেকোগলু বলছেন, 'আমি আজ দারুণ খুশি। অসাধারণ কিছু ফুটবলারের জন্য এই সাফল্য। ওদেরকে ধন্যবাদ। নিজেকে একজন বিজয়ী বলেই মনে হচ্ছে।'



ম্যান ইউকে হারিয়ে ইউরোপা লিগ জেতার পর টটেনহ্যাম ফুটবলারদের উল্লাস।

এদিকে, খুব খারাপ একটা মরশুম কাটছে ম্যান ইউয়ের। ফাইনালের ৪২ মিনিটে পিছিয়ে পড়ার পর, অন্তত দুবার গোল শোধ করার সহজ সুযোগ এসেছিল ব্রুনো ফার্নান্দেজদের সামনে। কিন্তু দুবারই তাঁরা ব্যর্থ হন। এই হারের পর চাপ বাড়ল ম্যান ইউ কোচ রুবেন আমোরিমের। তাঁকে কোচের পদ থেকে ছাঁটাইয়ের দাবিটা আরও জোরালো হল। বিধ্বস্ত আমোরিম বলছেন, 'ভবিষ্যৎ নিয়ে আজ কোনও কথা বলতে চাই না। আমার টিম খুব ভাল খেলেছে। তবুও হারতে হল। এই ধাক্কা আগে সামলাতে দিন। তারপর নিজের ভবিষ্যৎ নিয়ে ভাবব।'

# রিয়ালের হয়ে শনিবার শেষ ম্যাচ মদ্রিচের

**মাদ্রিদ, ২২ মে :** রিয়াল মাদ্রিদের সঙ্গে লুকা মদ্রিচের ১৩ বছরের সম্পর্ক এবার ভাঙতে চলেছে। ৩৯ বছরের ক্রোয়েশীয় তারকা জানিয়েছেন, তিনি রিয়াল ছাড়ছেন। সোশ্যাল মিডিয়ায় মদ্রিচ লিখেছেন, সময় এসে গিয়েছে। কিন্তু আমি এই সময়টা আসুক কখনও চাইনি। তবু এটাই ফুটবল। সবকিছুর যেমন শুরু আছে, তেমনই শেষও আছে। শনিবার আমি শেষবার স্যান্টিয়াগো বার্নাবুতে খেলব।


এরপর মদ্রিচ আরও লিখেছেন, রিয়াল মাদ্রিদে খেলে আমার ফুটবলার জীবন ও ব্যক্তি জীবন বদলে গিয়েছিল। ইতিহাসের সবথেকে সফল ক্লাবের সেরা সময়ে আমি এখানে কাটাতে পেরেছি ভেবে গর্ববোধ হচ্ছে। শোনা যাচ্ছে বর্ষীয়ান এই মিডফিল্ডারকে নাকি চুক্তি নবীকরণের কথা বলেনি ক্লাব। তাই শনিবার রিয়াল সোসিয়াদাদের সঙ্গে ম্যাচ দিয়েই তাঁকে বিদায় নিতে হচ্ছে।



এই জার্সিতে আর দেখা যাবে না।

নতুন কোচ জাবি আলোনসো দায়িত্ব নেওয়ার আগেই এই ঘটনা। যার অর্থ, জাবির সঙ্গে কথা না বলেই ক্লাব এই সিদ্ধান্ত নিয়েছে। এই মরশুমে রিয়ালের হয়ে ৫৫টি ম্যাচ খেলে ৪টি গোল করেছেন মদ্রিচ। তাঁর জায়গায় রিয়াল কাকে নেবে সেটা অবশ্য এখনও পরিষ্কার হয়নি। ২০২২-'২৩ থেকেই তিনি আর শুরুতে নামার সুযোগ পাচ্ছিলেন না। পরের দিকে নেমে খেলছিলেন। এখনও এটা জানা যায়নি যে মদ্রিচ পুরোপুরি ফুটবলকে বিদায় জানাবেন, নাকি নতুন ক্লাব খুঁজে নেবেন।

# পর্দার আড়ালের এই জীবনই ভাল : নাদাল



**প্যারিস, ২২ মে :** ১৪ বারের খেতাব জয়ী তারকা রাফায়েল নাদালকে ছাড়াই শুরু হতে চলেছে ফরাসি ওপেন। নাদাল অবশ্য বলেছেন, পর্দার পিছনের এই জীবন তাঁর ভালই কাটছে।

২০২৪-এর নভেম্বরে সরকারিভাবে টেনিসকে বিদায় জানিয়েছেন স্প্যানিশ কিংবদন্তি। তিনি জানাচ্ছেন, যে ক্রনিক চোট নিয়ে তাঁর জীবন চলত, তা থেকে তিনি মুক্তি পেয়েছেন। ফরাসি ক্রীড়া দৈনিক এল ইকুইপকে নাদাল বলেছেন, এখন আমি বেশ ভাল আছি। এমন নয় যে আবার টেনিস কোর্টে এসে ভাল লাগছে। আসলে এখন আমি ব্যথা-বেদনা ছাড়া স্বাভাবিক জীবন কাটাতে পারছি। এখন আর আমি টেনিস মিস করি না। কারণ জানি আমি ক্ষমতার সর্বোচ্চ সীমায় পৌঁছে গিয়েছিলাম। তিনি এরপর আরও বলেন, আমার অবসরের পর ৪০ দিন খুব কঠিন কেটেছে। যেহেতু তখনও আমি টেনিস খেলতে পারতাম। কিন্তু আমার পা দুটো ব্যাপারটা কঠিন করে তুলেছিল।

নাদালের জীবন এখন পরিবার, অ্যাকাডেমি ও নতুন প্রোজেক্টকে ঘিরে রয়েছে। তবে জীবনে আর এটিপি ট্যুরের চাপ না থাকার ব্যাপারটাও তিনি উপভোগ করছেন। তাঁর কথায়, টেনিসের বাইরে একটা সুন্দর জীবন ছিল আমার। এই খেলাটা আমার জীবনের অনেকটা অংশ জুড়ে ছিল ঠিকই, কিন্তু তাই বলে সবকিছু ছিল না। এখনকার টেনিস তারকাদের মধ্যে তিনি জানিক সিনার ও কার্লোস আলকারেজের নাম করেছেন। এছাড়া, তাঁর মতে, দারুণভাবে উঠে আসছেন হেলগার রুনে, জ্যাক ড্র্যাপার ও জাকুব মেনসিক। নাদাল আরও বলেছেন, যেভাবে আমি নিরন্তর উন্নতি করেছি ও সঠিক লোকেদের মধ্যে কাটিয়েছি, সেটা আমার কাছে খুব দামি। খ্যাতি এবং সাফল্য আর যাই হোক, আমার কাছ থেকে পছন্দ, ভালবাসাকে কেড়ে নিতে পারবে না। এগুলি হল আমার পরিবার, বন্ধু, সমুদ্র ও অন্যান্য খেলা।

## প্রণয়দের বিদায়, শেষ আটে শ্রীকান্ত

**কুয়ালালামপুর, ২২ মে :** বাকিদের ব্যর্থতার মধ্যে মালয়েশিয়া মাস্টার্সে একমাত্র উজ্জ্বল কিদাম্বি শ্রীকান্ত। সবাইকে চমকে দিয়ে যোগ্যতা অর্জন পর্ব খেলে উঠে আসা শ্রীকান্ত টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনালে উঠেছেন। বৃহস্পতিবার শ্রীকান্ত কোর্টে নেমেছিলেন আয়ারল্যান্ডের নাট নগুয়েনের বিরুদ্ধে। ৫৯ মিনিটের লড়াইয়ের পর, ২৩-২১, ২১-১৭ গেমে আইরিশ প্রতিদ্বন্দ্বীকে পরাস্ত করে শেষ আটের টিকিট ছিনিয়ে নেন শ্রীকান্ত। পরের রাউন্ডে ভারতীয় শাটলারের প্রতিপক্ষ ফ্রান্সের টোমা জুনিয়র পোপোভ। এদিনই ছেলেদের সিঙ্গলস থেকে ছিটকে গিয়েছেন এইচ এস প্রণয়, সতীশ করুণাকরণ ও আয়ুশ শেট্টিরা। প্রণয় ৯-২১, ১৮-২১ সরাসরি গেমে হেরে যান জাপানের ইউসি তানাকার কাছে। অন্যদিকে, প্রথম রাউন্ডে বিশ্বের তিন নম্বরকে হারিয়ে চমক দিয়েছিলেন করুণাকরন। তিনি ১৪-২১, ১৬-২১ গেমে হেরেছেন ক্রিস্টো পোপোভের কাছে।

# সেই রোনাল্ডোর গোলেই জয় পেল আল নাসের

**রিয়াধ, ২২ মে :** এখনও ক্লাবের নতুন চুক্তিপত্রে সই করেননি। জোর চর্চা, সৌদি ছেড়ে ব্রাজিলের কোনও ক্লাবে যোগ দিতে চলেছেন।

দলবদলের তুমুল জল্পনার মধ্যেই মাঠে নেমে চেনা ফর্মে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। সৌদি প্রো লিগে আল নাসের ২-০ গোলে হারিয়েছে আল খালিজকে। ম্যাচের একেবারে শেষ মুহূর্তে পেনাল্টি থেকে দলের দ্বিতীয় গোলটি করেন রোনাল্ডো। এর আগে ৭৫ মিনিটে আল নাসেরের প্রথম গোলটি করেছিলেন জন ডুরান। এদিনের পর, রোনাল্ডোর মোট গোলসংখ্যা বেড়ে হল ৯৩৫! এক হাজার গোলের লক্ষ্য পূরণের জন্য চাই আরও ৬৫টি। গোটা ম্যাচে বেশ কিছু সুযোগ নষ্ট করেছেন রোনাল্ডো। ম্যাচের পর তাঁর প্রতিক্রিয়া, 'এমন একটা রাত, যে রাতে বল কিছুতেই গোলে ঢুকতে চায় না।'

রোনাল্ডোর বয়স এখন ৪০ বছর। তবে মার্কিন যুক্তরাষ্ট্রে সম্প্রতি এক অত্যাধুনিক শারীরিক পরীক্ষায় ধরা পড়ছে বয়সের তুলনায় অনেক বেশি ফিট পর্তুগিজ মহাতারকা। ওই টেস্টে ধরা পড়ে, রোনাল্ডোর 'বায়োলজিক্যাল এজ' ৪০ হলেও, শারীরিক ভাবে তিনি ২৯ বছর বয়সি যুবকদের মতোই ফিট এবং সক্ষম। ফলে রোনাল্ডো যে আরও অন্তত দুটো বছর অনায়াসে খেলে দিতে পারেন, সেটা নিয়ে কোনও সংশয় নেই।



চল্লিশেও গোল করা থামেনি রোনাল্ডোর।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



আইপিএলের প্রস্তুতির মধ্যে লাল বলে ব্যাটিং শুভমনের। ইংল্যান্ড সফরের জন্য বলেই ধারণা সবার

# মাঠে ময়দানে



## একটি ম্যাচ খেলতে পারেন স্টোকস

# অভিমন্যুদের বিরুদ্ধে ওকস, ফ্লিন্টফ-পুত্রও

**লন্ডন, ২২ মে :** ভারতের বিরুদ্ধে পাঁচ টেস্টের সিরিজের আগে ক্রিস ওকসের ফিটনেস পরিস্থিতি বুঝতে তাঁকে ইংল্যান্ড লায়ন্স দলে রাখল ইসিবি। এই দলটি ভারত এ দলের বিরুদ্ধে দুই ম্যাচের একটি সিরিজ খেলবে। ক্যান্টারবেরিতে প্রথম ম্যাচ শুরু হবে ৩০ মে।

১৫ জনের দলের নেতৃত্ব দেবেন সমারসেটের জেমস রিউ। দলে আছেন টেস্ট দলে খেলা স্পিনার রেহান আমেদ ও তাঁর ভাই ফারহান আমেদ, অ্যান্ড্রু ফ্লিন্টফের ছেলে রকি ফ্লিন্টফের মতো ক্রিকেটাররা। জ্যাক ক্রলি ফর্মে নেই বলে বেন ম্যাকিনেকেও দেখে নিতে দলে রাখা হয়েছে। যেমন শ্রীলঙ্কার বিরুদ্ধে একটি টেস্ট ম্যাচ খেলা বাঁ হাতি সিমার জস হালকেও লায়ন্স দলে রাখা হয়েছে।

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ইংল্যান্ড লায়ন্সের হয়ে সেঞ্চুরি করেছিলেন রকি ফ্লিন্টফ। তাঁর বিখ্যাত বাবা লায়ন্সের হয়ে সেঞ্চুরি করেছিলেন ২০ বছর বয়সে। রকি সেটাই করে ফেলেছেন ১৬ বছর বয়সে। এই দলে সবথেকে সিনিয়র ক্রিকেটার হলেন ৩৬ বছরের ফাস্ট বোলার ওকস। এই সিরিজে ভাল করলে ইংল্যান্ড টেস্ট দলে তাঁর ফেরার সম্ভাবনা থাকবে। ২০২৩ অ্যাসেজে ওকস ১৯টি উইকেট নিয়েছিলেন।

জিম্বাবোয়ের বিরুদ্ধে একমাত্র টেস্ট দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে প্রত্যাবর্তন ঘটবে ইংল্যান্ড অধিনায়ক বেন স্টোকসের। শোনা যাচ্ছে লায়ন্সের হয়ে দুটির মধ্যে একটি ম্যাচে তাঁকে খেলতে দেখা যেতে পারে। স্টোকস বলেছেন, ভারতের বিরুদ্ধে খেলার আগে আমি মোটে একটি ম্যাচ পাব। জানি না সেটা যথেষ্ট হবে কি না। জিম্বাবোয়ের বিরুদ্ধে মাঠে নামলে সেটা বুঝতে পারব।

এই সিরিজে ভারতীয় এ দলের নেতৃত্ব দেবেন অভিমন্যু ঈশ্বরন। এই দলে কয়েকজন সিনিয়র ক্রিকেটারকে পরের দিকে খেলতে দেখা যেতে পারে। শুভমন গিলের নাম এক্ষেত্রে আলোচনায় রয়েছে।







## রবিবার নিয়মরক্ষার সানরাইজার্স দ্বৈরথ

# পণ্ডিত ও ভেঙ্কটেশের হয়তো এই শেষ ম্যাচ

**প্রতিবেদন :** হায়দরাবাদ ম্যাচে জেতা বা হারায় কিছু হবে না নাইটদের। তারা অনেক আগেই প্লে অফ দৌড় থেকে ছিটকে গিয়েছে। আসলে আরসিবি ম্যাচ বৃষ্টিতে পণ্ড হওয়ার সঙ্গে সঙ্গেই এবারের টুর্নামেন্ট থেকে ছুটি হয়ে গিয়েছিল কেকেআরের।

বৃহস্পতিবার দিল্লিতে প্র্যাকটিসে নেমেছিল কেকেআর। মাঝের ক'টা দিন কার্যত ক্রিকেটের বাইরে ছিল দল। সানরাইজার্স হায়দরাবাদকে হারাতে পারলে তাদের পয়েন্ট হবে ১৪। তাতে কোনও লাভ হবে না। তবু জিতে টুর্নামেন্ট শেষ করতে পারবে গতবারের চ্যাম্পিয়নরা। তাই সন্ধ্যায় গা ঘামিয়ে নেওয়া।


পরের বার এই দলের কয়েকজন নিশ্চিতভাবে থাকবেন না। কোচ চন্দ্রকান্ত পণ্ডিতের সঙ্গে চুক্তি শেষ হচ্ছে এই বছরেই। তাঁকে আর নতুন করে রাখা নাও হতে পারে। মেন্টর ডি জে ব্র্যাভোর সঙ্গে অবশ্য আরও দু'বছর চুক্তি রয়েছে। তিনি হয়তো থাকবেন। ব্র্যাভো নাইটদের বিদেশি দলগুলির সঙ্গেও যুক্ত।

প্লেয়ারদের মধ্যে ভেঙ্কটেশ আইয়ারকে নাইটরা হয়তো ২০২৬-এ রাখবে না। তাঁকে নিলামে ২৩.৭৫ কোটিতে কিনেছিল কেকেআর। কিন্তু ভেঙ্কটেশ রানই করতে পারেননি। তাঁকে শ্রেয়স আইয়ারের বদলে নেওয়া হয়েছিল। শ্রেয়স পাঞ্জাব কিংসের অধিনায়ক হিসাবে দলকে প্লে অফে নিয়ে গিয়েছেন।



আরসিবি ম্যাচ নিয়ে কেকেআর সিইও ভেঙ্কি মাইসোর বোর্ডকে চিঠি দিয়েছেন। অভিযোগ, আরসিবি ম্যাচে বাড়তি ৬০ মিনিট পেলে ৫ ওভারের ম্যাচ হতে পারত। বোর্ড তারপর এই নিয়ম এনেছে। নিয়ম আনার ব্যাপারে বোর্ডের ধারাবাহিকতার অভাবকে দুষেছেন কেকেআর কর্তা। এখন অবশ্য আর এসব নিয়ে ভেবে লাভ নেই। রাহানে পরেরবার আর অধিনায়ক থাকবেন কি না কে জানে। ২০২৫-এ প্রচুর বদল হয়েছিল নাইট শিবিরে। ২০২৬-এও এরকম বদল হলে অবাক হওয়ার কিছু নেই। গতবারের চ্যাম্পিয়ন দলের এবারের এই হাল ভক্তদের চূড়ান্ত হতাশ করেছে।

## পাল্টা ঋষভ



**লখনউ :** ১২ ইনিংসে ১৩৫ রান। ঋষভ পন্থের এত খারাপ আইপিএল কখনও কাটেনি। তিনি লখনউ সুপার জায়ান্টসের অধিনায়ক। দলের আরও দুটি ম্যাচ বাকি। কিন্তু এলএসজির এবারের মতো আইপিএল দৌড় থেমে গিয়েছে। বাকি দুটি ম্যাচ জিতলেও তারা প্লে অফের নাগাল পাবে না। এই আবহে ঋষভকে নিয়ে জল্পনা ছড়িয়েছে। জল্পনা এই যে ফ্র্যাঞ্চাইজি নাকি তাঁর উপর আগ্রহ হারিয়েছে। তবে ঋষভ পাল্টা বলেছেন, আমি মানছি ফেক নিউজ নজড় কাড়ে। কিন্তু সবাই এর পিছনে পড়বেন না। ফেক নিউজের থেকে সত্যিকারের নিউজ বেশি কৃতিত্ব পায়। সবাই ভাল থাকুন। সোশ্যাল মিডিয়ায় কিছু দেওয়ার আগে দায়িত্বশীল হোন।

## চাপে জিম্বাবোয়ে

**নটিংহ্যাম :** জিম্বাবোয়ের বিরুদ্ধে একমাত্র টেস্টের প্রথম দিন রানের পাহাড়ে চড়ল ইংল্যান্ড। দুই ওপেনার জ্যাক ক্রলি (১২৪) ও বেন ডাকেটের (১৪০) সেঞ্চুরিতে তারা চায়ের পর, এই খবর লেখার সময় পর্যন্ত ২ উইকেটে ৩৬৯ রান করেছে। অলি পোপও বড় রান করেছেন। ভারতের বিরুদ্ধে সিরিজের আগে বেন স্টোকস চোট সারিয়ে দলে ফিরেছেন। ইংল্যান্ড প্রথম উইকেটে ২৩১ রান তুলেছে।

## দলে দীপেন্দু

**প্রতিবেদন :** অনূর্ধ্ব ২৩ ভারতীয় ফুটবল দলে সুযোগ পেলেন আইএসএলে মোহনবাগান জার্সিতে নজরকাড়া তরুণ বাঙালি ডিফেন্ডার দীপেন্দু বিশ্বাস। আরও দুই বঙ্গসন্তান ডিফেন্ডার শুভম ভট্টাচার্য এবং সুমন দে-ও জায়গা পেয়েছেন যুব ভারতীয় দলে। তাজিকিস্তান ও কিরঘিজ প্রজাতন্ত্রের বিরুদ্ধে ১৮ ও ২১ জুন দু'টি প্রীতি ম্যাচ খেলবে ভারত। ১ জুন থেকে কলকাতায় প্রস্তুতি শিবির দীপেন্দুদের।

## জয়ী ইস্টবেঙ্গল

**প্রতিবেদন :** ফেডারেশনের অনূর্ধ্ব ১৫ জুনিয়র লিগের সেমিফাইনালে উঠল ইস্টবেঙ্গল। বৃহস্পতিবার কোয়ার্টার ফাইনালে মুম্বই সিটি এফসি-কে টাইব্রেকারে ৫-৪ গোলে হারাল তারা। নির্ধারিত সময়ে খেলা ২-২ থাকে।

# আমরা ঐক্যবদ্ধ বলছেন সন্দেশ

**প্রতিবেদন :** হংকং ও থাইল্যান্ড ম্যাচের আগে গোল-খরা কাটানোর উপরই জোর দিচ্ছেন ভারতীয় দলের হেড কোচ মানোলো মার্কুয়েজ রোকা। নিউ টাউনে ফেডারেশনের উৎকর্ষ কেন্দ্রের মাঠে ফুটবলারদের ঘুরিয়ে-ফিরিয়ে নানা কম্বিনেশনে পরখ করে নিচ্ছেন সুনীল ছেত্রীদের স্প্যানিশ কোচ। জাতীয় দলের দায়িত্ব নেওয়ার মাত্র একটি ম্যাচে জয়ের মুখ দেখেছেন মানোলো। গোল করার লোক খুঁজে না পেয়ে বাধ্য হয়ে চল্লিশোর্ধ্ব সুনীলকে অবসরের গ্রহ থেকে ফিরিয়ে এনেছেন জাতীয় কোচ। সুনীলকে সামনে রেখেই লিস্টন কোলাসো, মনবীর সিংদের নিয়ে আক্রমণাত্মক ফুটবলের মহড়া সারছেন মানোলো। রক্ষণে সন্দেশ ঝিঙ্গান, মেহতাব সিং, শুভাশিস বোসদের রেখে গোল বাঁচানোর মহড়াও চলছে অনুশীলনে। সোমবার বাংলার বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে মানোলো দেখে নিতে পারবেন, ম্যাচ পরিস্থিতিতে কোন জায়গায় দাঁড়িয়ে রয়েছে দল। এদিন অনুশীলনে নামার আগে সন্দেশ বলেন, "আমাদের দলটা অতীতে ভাল করেছে। সেটাকে আমরা অস্বীকার করতে পারি না। আমরা পরপর দু'বার এশিয়ান কাপের মূলপর্বে খেলার যোগ্যতা অর্জন করেছি। স্বাধীনতার পর প্রথমবার। তাই দলের উপর আস্থা রাখা উচিত। সামনে হংকং ম্যাচ কঠিন হবে। তবে আমরা এখন ঐক্যবদ্ধ। বাংলাদেশ ম্যাচ অতীত। সামনের দুটো ম্যাচ নিয়েই আমরা ভাবছি। আশা করি, আমরা ভাল ফল করব।" সন্দেশ বলছেন, "জাতীয় দলের এই ব্যাচটা আলাদা। আমাদের মধ্যে বোঝাপড়া খুব ভাল। গোয়ার জার্সিতে ক্লাব মরশুম ভাল গিয়েছে। আশা করছি, দেশের হয়েও সাফল্য ধরে রাখতে পারব।"



প্রস্তুতি সন্দেশের।

# একগুচ্ছ প্রতিশ্রুতি দিলেন দেবাশিস





সাংবাদিক বৈঠকে তিন প্রাক্তন ফুটবলারের সঙ্গে সচিব দেবাশিস দত্ত।

**প্রতিবেদন :** মোহনবাগান ক্লাবে আসন্ন নির্বাচনের আগে একগুচ্ছ প্রতিশ্রুতি দিলেন সচিব দেবাশিস দত্ত। তাঁর নেতৃত্বে বর্তমান কমিটি কী করেছে আর ভোটে জিতে ফের দায়িত্বে এলে কী করতে চায়, তারই ১৮ দফা প্রতিশ্রুতি দিয়ে সাংবাদিক সম্মেলন করে ইস্তাহার প্রকাশ করলেন ক্লাব সচিব। তাঁর পাশে ছিলেন দুই প্রাক্তন ফুটবলার মানস ভট্টাচার্য, প্রসূন বন্দ্যোপাধ্যায় ও সত্যজিৎ চট্টোপাধ্যায়। মোহনবাগান ক্লাবের গর্বের ইতিহাসকে সদস্য-সমর্থকদের সামনে তুলে ধরার জন্য একটি অত্যাধুনিক সুবিধাযুক্ত সংগ্রহশালা তৈরির পরিকল্পনা রয়েছে বর্তমান কমিটির। মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রকল্পের নামে অনুপ্রাণিত হয়ে 'গোলশ্রী' প্রকল্পের মাধ্যমে ফুটবল স্কুল তৈরি করা হবে নতুন প্রতিভা তুলে আনার লক্ষ্যে।

একাধিক পরিকল্পনার মধ্যে অন্যতম শক্তিশালী মহিলা ফুটবল দলগঠন। প্রাক্তন খেলোয়াড়দের জন্য বিশেষ সাম্মানিক কার্ডের ব্যবস্থা করার পাশাপাশি ক্লাবের নির্দিষ্ট জায়গায় প্লেয়ার্স কর্নার গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। ৫০ বছরের পুরনো সদস্যপদ আছে এমন সদস্যদের সম্মানিত করার পাশাপাশি তাঁদের বাড়িতে বিনামূল্যে খেলার টিকিট পৌঁছে দেওয়ার মতো ব্যবস্থা থাকবে। এছাড়াও নতুন মাঠ ও স্টেডিয়াম নিয়ে মোহনবাগান ক্যাম্পাস গড়ে তোলার প্রকল্পও হাতে নেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছেন বর্তমান সচিব।

দেবাশিস আরও জানিয়েছেন, তিনি সচিব পদেই মনোনয়নপত্র জমা দেবেন। তবে টুটু বোস সচিব পদে দাঁড়ালে তিনি ভোটে লড়বেন না। দেবাশিসের কথায়, "টুটুদা যদি কথা দেন, উনি তিন বছর ক্লাব চালাবেন। ছ'মাস পর ছেলেকে সচিব পদে বসাবেন না। তাহলে আমি ভোটে লড়ব না।"

মাঠে ময়দানে
23 May, 2025 • Friday • Page 16 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



সব কিছুর জন্য রাজস্থান রয়্যালসকে ধন্যবাদ দিয়ে যশস্বী লিখলেন, এবার পরের চ্যালেঞ্জ। তাঁর এই পোস্ট ঘিরেই এখন জল্পনা

# মার্শের ব্যাটে বাজিমাত লখনউয়ের

**লখনউ সুপার জায়ান্টস ২৩৫/২ (২০ ওভার)**
**গুজরাট টাইটান্স ২০২/৯ (২০ ওভার)**

**আমেদাবাদ, ২২ মে :** মিচেল মার্শের দুরন্ত সেঞ্চুরিতে ভর করে জয়ে ফিরল লখনউ সুপার জায়ান্টস। বৃহস্পতিবার ঋষভ পন্থরা ৩৩ রানে হারিয়েছেন গুজরাট টাইটান্সকে। তবে প্লে অফের দৌড় থেকে আগেই ছিটকে যাওয়া লখনউয়ের এই জয় নেহাতই সান্ত্বনার। অন্যদিকে, এদিনের হারের পর কিছুটা হলেও চাপে গুজরাট। ১৩ ম্যাচে ১৮ পয়েন্ট পাওয়া শুভমন গিলরা শেষ ম্যাচ জিতলেও, শীর্ষে থেকে লিগ পর্ব শেষ করতে পারবেন কি না সন্দেহ।

এবারের আইপিএলে লখনউ প্রত্যাশিত সাফল্য না পেলেও, টপ অর্ডারের তিন বিদেশি ব্যাটার ধারাবাহিক ভাবে রান করেছেন। এই ম্যাচেও তার ব্যতিক্রম হয়নি। প্রথমে ব্যাট করতে নেমে ওপেনিং জুটিতেই বড় রানের ভিত গড়ে দিয়েছিলেন মিচেল মার্শ ও এইডেন মার্করাম। ৫৯ বলে ৯১ রান যোগ করার পর, এই জুটি ভাঙেন সাই কিশোর। তাঁর বলে ৩৬ রান করে আউট হন মার্করাম। অন্যদিকে, শুরু থেকেই ঝোড়ো ব্যাটিং করে গিয়েছেন মার্শ। দুরন্ত সেঞ্চুরি করেন মার্শ। যা তাঁর প্রথম আইপিএল সেঞ্চুরি। এবারের আইপিএলে বেশ ভাল ছন্দে রয়েছেন গুজরাটের পেসাররা। কিন্তু এদিন মার্শের মারমুখী ব্যাটিংয়ের সামনে অসহায় দেখিয়েছে মহম্মদ সিরাজ, প্রসিধ কৃষ্ণ, রাবাডাদের।


আগ্রাসী মেজাজে মার্শ। বৃহস্পতিবার আমেদাবাদে।

তিন নম্বরে ব্যাট করতে নেমে মার্শকে দারুণ সঙ্গ দেন ফর্মে থাকা নিকোলাস পুরানও। দ্বিতীয় উইকেটে মাত্র ৫২ বলে ১২১ রান যোগ করেন দু'জনে। ১৯তম ওভারে প্যাভিলিয়নে ফেরেন মার্শ। ততক্ষণে তিনি ১১৭ রান করে ফেলেছেন মাত্র ৬৪ বলে। মেরেছেন ১০টি চার ও ৮টি ছয়। পুরান ২৭ বলে ৫৬ করে নট আউট থেকে যান। মার্শ আউট হওয়ার পর, ক্রিজে এসে ৬ বলে অপরাজিত ১৬ রান করেন ঋষভ পন্থ।

রান তাড়া করতে নেমে, শুরুতেই ফর্মে থাকা সাই সুদর্শনের (২১) উইকেট হারিয়েছিল গুজরাট। এরপর অধিনায়ক শুভমন গিল (২০ বলে ৩৫) ও জস বাটলার (১৮ বলে ৩৩) আউট হলে চাপে পড়ে গিয়েছিল গুজরাট। ওই পরিস্থিতি থেকে পাল্টা লড়াই শুরু করেছিলেন শাহরুখ খান ও শেরফানে রাদারফোর্ড। বিশেষ করে, শাহরুখ তো রীতিমতো খুনে মেজাজে ব্যাট করছিলেন। কিন্তু জুটিতে ৪০ বলে ৮৬ রান যোগ করার পর আউট হয়ে যান রাদারফোর্ড। তাঁর অবদান ২২ বলে ৩৮। রাহুল তেওয়াটিয়াও মাত্র ২ রান করে ওই ওভারেই প্যাভিলিয়নে ফেরেন। এরপর ১৯তম ওভারে শাহরুখ ২৯ বলে ৫৭ করে আউট হতেই গুজরাটের যাবতীয় আশা শেষ হয়ে যায়।

## আইপিএলে ভাল খেলার পুরস্কার

## অনূর্ধ্ব ১৯ দলে আয়ুষ ও বৈভব





**মুম্বই, ২২ মে :** ভারতের সিনিয়র দল এবং 'এ' দলের পাশাপাশি ইংল্যান্ড সফরে যাচ্ছে অনূর্ধ্ব ১৯ ক্রিকেট দলও। বৃহস্পতিবার ইংল্যান্ড সফরের জন্য ১৫ জনের দল ঘোষণা করল বিসিসিআই। আর দলে রয়েছেন আইপিএলে নজরকাড়া দুই তরুণ তুর্কি আয়ুষ মাত্রে ও বৈভব সূর্যবংশী। আয়ুষ আবার দলের অধিনায়ক।

ইংল্যান্ড সফরে একটি ৫০ ওভারের প্রস্তুতি ম্যাচ, পাঁচটি একদিনের ম্যাচ ও দুটি মাল্টি ডে ম্যাচ খেলবে ভারতীয় অনূর্ধ্ব ১৯ দল। চেন্নাই সুপার কিংসের ওপেনার আয়ুষ এবারের আইপিএলে বেশ ভাল খেলেছেন। ঋতুরাজ গায়কোয়াড় চোট পাওয়ার পর সুযোগ পেয়েছিলেন আয়ুষ। আরসিবির বিরুদ্ধে ৪৮ বলে ৯৪ রানের বিস্ফোরক ইনিংস-সহ মোট ২০৬ রান করেছেন তিনি। আর ১৪ বছরের বৈভব তো এবারের আইপিএলের আবিষ্কার। রাজস্থান রয়্যালস প্লে-অফে উঠতে না পারলেও, বৈভবের ঝোড়ো ব্যাটিং সবার মন জয় করে নিয়েছে। গুজরাট টাইটান্সের বিরুদ্ধে মাত্র ৩৫ বলে সেঞ্চুরি হাঁকিয়ে সবাইকে চমকে দিয়েছেন বৈভব। চেন্নাইয়ের বিরুদ্ধেও তাঁর ঝোড়ো হাফ সেঞ্চুরি রয়েছে। সব মিলিয়ে এবারের আইপিএলে মোট রান করেছেন ২৫২। এদিকে, ঘোষিত দলে আছেন বাংলার যুধাজিৎ গুহ। সহ অধিনায়ক অভিজ্ঞান কুণ্ডু বাঙালি হলেও খেলেন মুম্বইয়ের হয়ে।

# ম্যাচের সেরা হয়ে সূর্য, স্ত্রী চেয়েছিল

**মুম্বই, ২২ মে :** ওয়াংখেড়েতে চল্লিশ হাজার দর্শকের মন জয় করেছিলেন ৭৩ নট আউট থেকে। তারপর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এসে নিজের ম্যান অফ দ্য ম্যাচের পুরস্কার স্ত্রী দেবিশা শেঠিকে উৎসর্গ করে সবার হৃদয় জিতে নিলেন সূর্যকুমার যাদব।

নিজেদের মাঠে দিল্লিকে ৫৯ রানে হারিয়ে চতুর্থ দল হিসাবে প্লে অফে পা রেখেছে মুম্বই ইন্ডিয়ান্স। কিন্তু সূর্য যদি চাপের মুখে দলকে টেনে নিয়ে না যেতেন, তাহলে মুম্বইয়ের জেতা হত না। তাঁর ৪৩ বলের ইনিংস মুম্বইকে বিপদ থেকে উদ্ধার করেছে। না হলে ১৮ ওভারের শেষে তাদের রান ছিল ১৩২/৫। সূর্যর এমন ইনিংসের পর তাঁকেই ম্যাচের সেরা বেছে নেওয়া হয়েছে।



খেলার পর বৃষ্টি শুরু হয়েছিল। ছাতা মাথায় দিয়ে পুরস্কার নিতে এসে সূর্য বলছিলেন, ১৩টা ম্যাচ খেলেছি এবার। আমার স্ত্রী বলছিল, তুমি সব অ্যাওয়ার্ড পেয়েছ, কিন্তু ম্যাচের সেরার পুরস্কার পাওনি। তাই আজ এই অ্যাওয়ার্ড আমার জন্য খুব স্পেশাল। দলের দিকে তাকালে বলতে হবে এই ইনিংসের দরকার ছিল। আর ট্রফিটা দরকার ছিল আমার স্ত্রীর জন্য। ও এর অপেক্ষায় ছিল। আমরা একসঙ্গে মিলে এজন্য সেলিব্রেশন করব। সূর্য এরপর বলেন, একজন ব্যাটারের শেষপর্যন্ত খেলে যাওয়া দরকার ছিল। আমরা জানতাম একটা-দুটো ওভারে ১৫-২০ রান ঠিক পাওয়া যাবে। তাই শেষ অবধি অপেক্ষা করতে হয়েছে। নমন (ধীর) যেভাবে খেলেছে এবং এনার্জি ছড়িয়েছে, সেটাই ম্যাচের টার্নিং পয়েন্ট।


## লজ্জার হার বাংলাদেশের

**শারজা, ২২ মে :** সংযুক্ত আরব আমিরশাহির বিরুদ্ধে টি-২০ সিরিজ হারল বাংলাদেশ। তিন ম্যাচের সিরিজ ২-১-এ জিতল আমিরশাহি। এই প্রথম আইসিসি-র টেস্ট খেলিয়ে দেশের বিরুদ্ধে জিতল তারা। প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৯ উইকেটে ১৬২ রান তুলেছিল বাংলাদেশ। পাল্টা ব্যাট করতে নেমে, ১৯.১ ওভারে ৩ উইকেটে ১৬৬ রান তুলে ম্যাচ ৭ উইকেটে জিতে নেয় আমিরশাহি। আলিশান শারাফু ৪৭ বলে ৬৮ রান করে নট আউট থাকেন। তাঁর সঙ্গে অপরাজিত থাকেন আসিফ খান (২৬ বলে ৪১)।

# বিরাটদের সামনে আজ হায়দরাবাদ

**লখনউ, ২২ মে :** আইপিএলের প্লে-অফ আগেই পাকা হয়ে গিয়েছে। ১২ ম্যাচে ১৭ পয়েন্ট পাওয়া রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর লক্ষ্য এবার শীর্ষে থেকে লিগ পর্ব শেষ করা। এই পরিস্থিতিতে শুক্রবার আরসিবি মাঠে নামছে সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে। যারা ইতিমধ্যেই প্রথম চারের দৌড় থেকে ছিটকে গিয়েছে।

এই ম্যাচে আবার সবার নজর থাকবে বিরাট কোহলির দিকে। টেস্ট ক্রিকেট থেকে অবসর নেওয়ার পর কেকেআরের বিরুদ্ধে ম্যাচ বৃষ্টিতে ভেস্তে গিয়েছিল। ফলে কার্যত হায়দরাবাদ ম্যাচ দিয়েই ২২ গজে ফিরতে চলেছেন বিরাট। ফলে শুক্রবার কিং কোহলির ব্যাট থেকে বড় রানের আশায় একানা



স্টেডিয়ামে ভিড় জমাবেন ক্রিকেটপ্রেমীরা।

এদিকে, প্লে-অফে জেকব বেথেলকে পাবে না আরসিবি। দেশের হয়ে খেলার জন্য তিনি ইংল্যান্ড ফিরে যাচ্ছেন। তাই বেথেলের বদলি হিসেবে নিউজিল্যান্ডের টিম সেইফার্টকে দু'কোটি টাকায় নিল আরসিবি। টি-২০ ফরম্যাটে মারকুটে ব্যাটার হিসেবে সুনাম রয়েছে সেইফার্টের। এদিকে, হায়দরাবাদ ম্যাচ খেলেই ইংল্যান্ড ফিরে যাবেন বেথেল।

হায়দরাবাদের আবার কিছুই হারানোর নেই। প্যাট কামিন্সদের কাছে আরসিবি ম্যাচ নিছকই সম্মানরক্ষার লড়াই। আগের ম্যাচে লখনউকে হারানোর পর এবার বাকি দুটো ম্যাচ জিততেই এবারের আইপিএল অভিযান শেষ করতে চাইছে হায়দরাবাদ। অভিষেক শর্মা, হেনরিখ ক্লাসেন, ঈশান কিশানের মতো মারকুটে ব্যাটার রয়েছে হায়দরাবাদ দলে। কিন্তু ধারাবাহিকতার অভাবে গোটা টুর্নামেন্টে ভুগেছে হায়দরাবাদ। আরসিবি আবার শুক্রবারের ম্যাচটা জিতলে প্রথম দুয়েই শেষ করার দিকে একটা ধাপ এগিয়ে যাবে।